,, ,, ২৪ আ.	...	ইউরোপীয় ও আমেরিকা দেশীয় বন্দুয়ানেরদের দ্বীপান্তর প্রেরণদণ্ডের পরিবর্ত্তে খাটনির দণ্ড নিরূপণ করণের আর ঐ প্রকাকার বন্দুয়ানেরদিগকে স্থানান্তর করিবার আইন সংশোধন করিবার আইন।
,, ,, ২৬ আ.	...	যাঁহারা গবর্ণমেণ্টের সেবিং ব্যাঙ্কে অল্প টাকা জমা করিয়া মরেন তাঁহারদের স্থলাভিষিক্তদিগকে ঐ টাকা দেওয়া সহজ করণের আইন।
,, ,, ২৮ আ.	...	অধিক সুদ লইবার আইন রদ করিবার আইন।

সাল ও নং।		নাম বা খ্যাতি।
১৮৫৫ সা. ৩৪ আ.	...	১৮৫২ সালের ৩৩ আইনের অর্থ করণের ও সেই আইন সংশোধন করণের আইন।
১৮৫৬ সা. ৯ আ.	...	বিল অফ লেডিং অর্থাৎ মাল বোঝাই করিবার একরারনামা বিষয়ক আইন সংশোধন করিবার আইন।
,, ,, ১১ আ.	...	ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর ও ইষ্টইণ্ডিয়া কোম্পানির সৈন্যদলে যে ইউরোপীয় সৈন্যেরা আছে তাহারদের পলায়ন করা নিবারণার্থ আইন।
,, ,, ১৫ আ.	...	হিন্দু বিধবাদের বিবাহের আইনঘটিত সকল বাধা রহিত করণের আইন।
১৮৫৭ সা. ১১ আ.	...	রাজ্যবিপরীত অপরাধ নিবারণ করিবার ও সেই অপরাধের বিচার ও দণ্ড করিবার আইন।
,, ,, ২৫ আ.	...	এদেশীয় পল্টনের হুদ্দাদারেরা ও সিপাহীরা রাজবিদ্রোহি হইলে তাহারদের সম্পত্তি জব্দ হইবার যোগ্য করিবার ও কোন২ স্থলে তাহারদের সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা করিবার ও তাহা ফিরিয়া পাইবার বিধান করিবার আইন।
১৮৫৮ সা. ৩ আ.	...	রাজ্যের বিপরীত অপরাধি যে লোকেরদের কয়েদ হইবার হুকুম শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলহইতে হয় তাহারদিগকে গ্রেফ্তার করিবার ও কয়েদ রাখিবার আইন সংশোধন করিবার আইন।
,, ,, ৩৫ আ.	...	ক্ষিপ্ত যে লোকেরা সুপ্রিম কোর্টের এলাকার মধ্যে না থাকে তাহারদের ইষ্টেট রক্ষা করিবার আরো উত্তম বিধান করিবার আইন।
,, ,, ৩৬ আ.	...	ক্ষেপা লোকেরদের আশ্রয়ের আইন।
১৮৫৯ সা. ৩ আ.	...	সৈন্যেরদের ছাউনি স্থানের জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবদিগকে কোন২ স্থলে দেওয়ানী কার্য্য করিবার ক্ষমতা দেওনের ও তাঁহারদিগকে দলীলদস্তাবেজের রেজিষ্টর করণের আইন।
,, ,, ৮ আ.	...	দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইন।
,, ,, ১৪ আ.	...	মোকদ্দমার মিয়াদের বিধি করিবার আইন।
,, ,, ১৫ আ.	...	যাঁহারা নবকল্পিত কারিগরী প্রকাশ করেন তাঁহারদিগকে বিশেষ ক্ষমতা দিবার আইন।
,, ,, ১৮ আ.	...	মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যে২ অপরাধের প্রমাণ হইয়া দণ্ড হইতে পারে তাহার আইন সংশোধন করিবার আইন।
১৮৬০ সা. ২১ আ.	...	সাহিত্য ও বিদ্যাঘটিত ও দানাদি কার্য্যের সমাজ রেজিষ্টরী করিবার আইন।
,, ,, ২৭ আ.	...	উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকা আদায় করা সুগম করণের ও মৃত ব্যক্তিদের স্থলাভিষিক্ত লোকদিগকে যাহারা আপন২ কর্জ্জ টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেমুঁকী হওনের আইন।
,, ,, ৩৪ আ.	...	সম্প্রতিকার গোলযোগের কালে সরকারী কার্য্যকারক সাহেবেরা ও অন্য লোকেরা যে সকল জরীমানার ও চাঁদার টাকা আদায় করিলেন ও যে২ কর্ম্ম করিলেন তাহার নিমিত্তে তাঁহারদিগকে দায়হইতে মুক্ত করিবার আইন।
১৮৬১ সা. ৯ আ.	...	নাবালগদের বিষয়ি আইন সংশোধন করিবার আইন।
,, ,, ২৩ আ.	...	ইঙ্গরেজী ১৮৫৯ সালের ৮ আইন (অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার যে২ আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেই২ আদালতে মোকদ্দমার কার্য্য সহজ করিবার আইন) সংশোধন করিবার আইন।
,, ,, ২৫ আ.	...	ফৌজদারী যে সকল আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেই সকল আদালতে মোকদ্দমার কার্য্য সুগম করিবার আইন।
১৮৬২ সা. ৩ আ.	...	গবর্ণমেণ্টের মোহর ব্যবহার করণবিষয়ি আইন সংশোধনের আইন।
১৮৬৩ সা. ৬ আ.	...	ভারতবর্ষে সমুদ্রদ্বারা আমদানী ও রপ্তানী করা দ্রব্যের উপর মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।
,, ,, ৯ আ.	...	দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন সংশোধন করিবার আইন।
,, ,, ১৬ আ.	..	কেবল শিল্পাদি কর্ম্মে কি কিমিয়া বিদ্যাতে যে মদিরার ব্যবহার হয় তাহার উপর এক সাইসের মাসুল আদায় করিবার বিশেষ বিধান করণার্থ আইন।
,, ,, ২০ আ.	...	ধর্ম্মার্থে দত্ত ভূম্যাদি তত্ত্বাবধারণ কার্য্য গবর্ণমেণ্টের ত্যাগ করিবার ক্ষমতাদানার্থ আইন।
,, ,, ২৩ আ.	..	পতিত ভূমির উপর দাওয়ার নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইন।
১৮৬৪ সা. ৩ আ.	..	ভিন্ন দেশীয় ব্যক্তিদের বিষয়ে গবর্ণমেণ্টকে ক্ষমতা বিশেষ দান করিবার আইন।
,, ,, ৬ আ.	..	কোন২ স্থলে কশাঘাত দণ্ড করণের অনুমতি দিবার আইন।

সাল ও নং।		নাম ও ব্যাখ্যাতি।
১৮৬৪ সা, ১৭ আ.	...	রাজকীয় ট্রষ্টির পদ সংস্থাপনের আইন।
১৮৬৫ সা. ৩ আ.	...	সাধারণ দ্রব্যবাহকদের স্বত্ব ও দায় বিষয়ক আইন।
,, ,, ১১ আ.	...	ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত ক্ষুদ্র মোকদ্দমার আদালতবিষয়ক ব্যবস্থ সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।
,, ,, ১৫ আ.	...	পারসী লোকদিগের বিবাহ ও বিবাহবিচ্ছেদসম্পর্কীয় ব্যবস্থা অবধারণ ও সংশোধনার্থ আইন।
,, ,, ২১ আ.	...	পারসী লোকদের মধ্যে চরমপত্রাভাবঘটিত উত্তরাধিকারিত্ব ব্যবস্থা নিরূপণ ও সংশোধনার্থ আইন।
১৮৬৬ সা. ৫ আ.	...	হুণ্ডীর উপর সরাসরী কার্য্যপ্রণালীর বিধান করণার্থ এবং ব্রিটনীয় ভারতবর্ষের বাণিজ্যবিষয়ক আইন কোন২ অংশে সংশোধন করণার্থ আইন।
,, ,, ১০ আ.	...	বণিক কোম্পানির ও সংসৃষ্ট অন্যান্য ব্যক্তির সমবেত করণ ও কার্য্যের ও কর্ম্ম বন্ধ করণের আইন।
,, ,, ১৫ আ.	...	ভারতবর্ষের মধ্যে সংভূয় সমুত্থানের ব্যবস্থা সংশোধনার্থ আইন।
,, ,, ২১ আ.	...	এদেশীয় যে লোকেরা খৃষ্টিধর্ম্মাবলম্বী হন বিশেষ২ গতিকে তাঁহারদের বিবাহবন্ধনবিলোপ ব্যবস্থা সিদ্ধ করণার্থ আইন।
,, ,, ২৮ আ.	...	ধনমিরূপণপত্রে ও বন্ধকীপত্রে ও উইলে যে২ ক্ষমতার উল্লেখ হইয়া থাকে ইঙ্গলণ্ডীয় আইন যে স্থলে বর্ত্তিতে পারে সেই স্থলে ন্যাসধারি ও বন্ধকগৃহীতা প্রভৃতিকে সেই২ ক্ষমতা প্রদান করণার্থ এবং স্বামিত্ব বিষয়কা আইন সংশোধন পূর্ব্বক ন্যাসধ্যারিদের ভার লঘু করণার্থ আইন।
১৮৬৭ সা. ৮ আ.	...	ভারতবর্ষের মধ্যে ঘোড়দৌড় করণবিষয়ক আইন সংশোধন করণার্থ আইন।
,, ,, ১০ আ.	...	মফঃসলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে মোকদ্দমা শ্রবণের পূর্ব্বে কিম্বা ডিক্রী কি আজ্ঞা সাধনসংক্রান্ত বিবাদ, উত্থিত হইলে তাহা নিষ্পত্তি হইবার জন্যে সমর্পণ করিতে ঐ২ আদালতের প্রতি ক্ষমতাদান করণার্থ আইন।
১৮৬৮ সা. ১০ আ.	...	কষ্টমের সংগৃহীত আইনসংশোধনার্থ আইন।
১৮৬৯ সা. ৮ আ.	...	ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন সংশোধন করিবার আইন।
১৮৭০ সা. ১ আ.	...	কারাণ্টাইনবিষয়ক বিধি করিবার আইন।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ভারতবর্ষীয় প্রধান ব্যবস্থাপ্রণেতাদের প্রচারিত কোন২ আইন সাধারণরূপে প্রয়োগ হওয়াতে প্রবল হইবার পরে ব্রিটনীয় গবর্ণমেণ্টের অধিকৃত দেশে প্রচলিত বলিয়া জ্ঞান হইয়া থাকে, কিন্তু তাহা নিয়মমতে প্রচলিত করা যায় নাই। উক্ত কর্ত্তৃপক্ষের সেই প্রকারের অন্য২ আইনও কোন২ স্থানে প্রচলিত হইবে ঐ আইনে স্পষ্ট নির্দ্দিষ্ট হয় নাই।

এই কারণে উক্ত সকল আইন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত সমস্ত দেশে নিয়মিতরূপে প্রচলিত থাকার সন্দেহ ভঞ্জন করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

এফ আর কক্রেল,

সিমলা
১৮৭১ সাল ২২ আগষ্ট।

এচ এস কনিংহাম।
আইন ও ব্যবস্থা করণার্থ শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার একটিং সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১৯ সেপ্টেম্বর।]

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1351R.

APPOINTMENTS.

The 7th September 1871.—Baboo Puddolochun Das to be temporarily Secretary to the Local Committee of Public Instruction at Goalparah.

The 11th September 1871.—Lieutenant Leopold James Henry Grey, Assistant Commissioner of Lohardaggah, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class.

The 12th September 1871.—Mr. Cecil Ansdell Wilkins, Assistant Magistrate and Deputy Collector, Monghyr, is vested with the powers of a Collector, under Act XII. of 1871, in that District.

Baboo Judoonath Bose, B.A., Deputy Magistrate and Deputy Collector, Midnapore, to have charge of the Sub-division of Gurbettah.

Baboo Rutton Lal Ghose, Deputy Magistrate and Deputy Collector of Gurbettah, is transferred to the Sudder Station of Midnapore.

Baboo Jogeshur Mookerjee, M.A. and B.L., Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Cutwa, in Burdwan.

Baboo Chunder Narain Sing, M.A., Deputy Magistrate and Deputy Collector of Cutwa, is transferred to the Sudder Station of Bancoorah.

Mr. G. M. Goodricke, Assistant Collector of Customs, Calcutta, is vested with powers to adjudge any confiscation, penalty, or increased rates of duty within the limits prescribed by Section 219, Act VI. of 1863, for an Assistant Collector of Customs.

Mr. C. P. Crouch, Officiating Assistant Superintendent of Police, Chittagong Hill Tracts, is vested with the powers of a Subordinate Magistrate, First Class, and Deputy Collector.

LEAVE OF ABSENCE.

The 9th September 1871.—Mr. Andrew William Cochran, Assistant Magistrate of Cox's Bazar, Chittagong, for six weeks, under Section XIX. of the Covenanted Service Absentee Rules. The Magistrate of the District will remain in charge of the Sub-division during this period.

The 12th September 1871.—Mr. James Hugh O'Donel, Deputy Superintendent of Revenue Survey, First Division, is allowed preparatory leave for ten days, to enable him to rejoin his appointment at Gowhatty.

[*Government Gazette*, 19*th September* 1871.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৩৫১R নম্বর।

নিয়োগ।

১৮৭১ সাল ৭ সেপ্টেম্বর।—শ্রীযুত বাবু পদ্মলোচন দাস কিয়ৎকালের নিমিত্তে গোয়ালপাড়ায় সাধারণের শিক্ষাসংক্রান্ত কমিটীর সেক্রেটারী হইবেন।

১৮৭১ সাল ১১ সেপ্টেম্বর।—লোহারডগার আসিস্টাণ্ট কমিশ্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত লাইপোল্ড জেমস হেনরি গ্রে সাহেব অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭১ সাল ১২ সেপ্টেম্বর।—মুঙ্গেরের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সিসিল আন্সডেল উইলকিন্স সাহেব ঐ জিলাতে ১৮৭১ সালের ১২ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ বসু, বি, এ, গড়বেটা শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন।

গড়বেটার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রতনলাল ঘোষ মেদিনীপুরের সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়, এম, এ, ও বি, এল, বর্দ্ধমানের অন্তর্গত কাটওয়াশাখাখণ্ডের অধ্যক্ষতার ভার পাইয়াছেন।

কাটওয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ, এম, এ, বাঁকুড়ার সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

১৮৬৩ সালের ৬ আইনের ২১৯ ধারায় কষ্টমেরর আসিস্টাণ্ট কালেক্টরের সম্পত্তি দণ্ড ও অর্থ দণ্ড করণের কিম্বা মাসুল বৃদ্ধিকরণের ক্ষমতার যে সীমা নির্দ্দিষ্ট হইল কলিকাতার কষ্টমের আসিস্টাণ্ট কালেক্টর শ্রীযুত জি এম গুড্রিক সাহেব সেই ক্ষমতা পাইয়াছেন।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের পোলীসের একটিং আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, পি, ক্রৌচ সাহেব অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৭১ সাল ৯ সেপ্টেম্বর।—চট্টগ্রামের কক্স বাজারের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত আন্‌ড্রু উলিয়ম কক্রান সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারা মতে ছয় সপ্তাহ ছুটী পাইয়াছেন। উক্ত সময়ে শাখাখণ্ডের অধ্যক্ষতার ভার জিলার মাজিষ্ট্রেটের প্রতি থাকিবে।

১৮৭১ সাল ১২ সেপ্টেম্বর।—প্রথম খণ্ডের রাজস্বের জরীপী কার্য্যের ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জেমস হিউ ওডনেল সাহেব গৌহাটীতে আপন কর্ম্ম পুনঃগ্রহণ করিতে পারিবার জন্যে প্রস্তুত হওনার্থে দশ দিন ছুটী পাইয়াছেন।

NOTIFICATION.

The 6th September 1871.—Mr. Arthur Rattray, Extra Assistant Commissioner, Chittagong Hill Tracts, reported his departure from India on board the Steamer *Delhi* on the 13th ultimo.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

The following Resolution recorded by the Lieutenant-Governor is published for general information :—

RESOLUTION.

Dated Yacht "Rhotas," Debrooghur, the 23rd August 1871.

With reference to instructions received from the Government of India for the revision of the rules for the grant of waste lands, and to the orders of this Government appointing a committee to report on the whole subject, it is resolved that, pending the revision of the waste land rules which is now under the consideration of the Lieutenant-Governor, it is desirable to make *ad interim* supplemental rules to prevent the evils which have occurred in practice. His Honor therefore lays down the rules given below. These rules do not affect the intact force of all the other rules as published by the Board of Revenue, except in so far as the latter are modified by the rules now promulgated ; and the directions regarding survey demarcations, &c., must of course be strictly observed. Commissioners will issue supplemental instructions according to the circumstances of each district, and take care that doubtful questions are reported for the orders of the Board of Revenue and of Government :—

RULES.

1. It shall be in the discretion of the Collector to reserve from sale any land which in his opinion for special reasons ought not to be sold, and to refuse any applications, provided that such reserve or refusal shall be reported for the orders of the Commissioner of the division. The Collector will reserve all land suited for the ordinary crops of the country which is in the neighbourhood of cultivated land, and which, in his opinion, is likely to be taken up under the ordinary settlement rules of the district within a reasonable period. He will also reserve all land bearing valuable timber, and all land known to contain valuable minerals. He will sell no land which may be claimed by wild tribes on the borders of the district, or over which they may claim any privilege, without special report and orders. Similarly, the Collector will not allow the occupation of waste land under any

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ৬ সেপ্টেম্বর।—চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত আর্থর রাট্রে সাহেব দিল্লী নামক জীমরে গত মাসের ১৩ তারিখে ভারতবর্ষহইতে যাত্রা করিয়াছেন এমত রিপোর্ট করেন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের লিপিবদ্ধ এই নির্দ্ধারণবাক্য সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

নির্দ্ধারণ।

দেবরুগড়ে রোটাস নামক জাহাজে। ১৮৭১ সাল ২৩ আগষ্ট।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট পতিত ভূমি দান করিবার বিধি সংশোধন করিবার যে আদেশ দিয়াছেন, এবং ঐ বিষয় সমগ্রের রিপোর্ট করণার্থে এই গবর্ণমেণ্টের কমিটী নিযুক্ত করিবার যে আজ্ঞা হইয়াছে তদুপলক্ষে এই বিধি নির্দ্ধারিত হইল। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বর্ত্তমান সময়ে পতিত ভূমিবিষয়ক বিধি পুনর্ব্বিবেচনা করিতেছেন। কিন্তু ঐ ভূমিসম্পর্কীয় কার্য্যে যে কদাচার ঘটিয়াছে, উক্ত বিধির সংশোধন না হওয়াপর্য্যন্ত সেই কদাচার নিবারণ করিবার জন্যে কিয়ৎকালীন বিধি প্রচলিত করা বিহিত এই হেতুক মান্যবর সাহেব নিম্নলিখিত বিধি করিয়াছেন। কিন্তু রেবিনিউ বোর্ড যে সকল বিধি প্রচার করিয়াছেন তাহা পূর্ব্ববৎ প্রবল থাকিবে এই বিধিমতে মতান্তর না হইলে সেই বিধিমত কার্য্যের ব্যতিক্রম হইবে না। অতএব জরীপসংক্রান্ত কার্য্যের মাপাদি করিবার যত আদেশ থাকে তাহা দৃঢ়মতে মানিতে হইবে। প্রত্যেক জিলার অবস্থা বিবেচনায় কমিশ্যনরেরা পরিশিষ্ট আদেশ প্রচার করিবেন এবং কোন স্থলে সন্দেহ হইলে রেবিনিউ বোর্ডের ও গবর্ণমেণ্টের আজ্ঞা জানিবার জন্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

বিধি।

১। বিশেষ কোন কারণে কোন এক খণ্ড ভূমি বিক্রয় করা অনুচিত কালেক্টর সাহেবের এই অভিমত হইলে তিনি আপন বিবেচনামতে ঐ ভূমি বিক্রয় না করিয়া রাখিতে ও তাহা পাইবার প্রার্থনা অগ্রাহ্য করিতে পারিবেন কিন্তু দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের আজ্ঞার জন্যে সেই কথার রিপোর্ট করিবেন। আবাদি ভূমির সন্নিকট যে প্রকারের ভূমিতে দেশের সাধারণ ফসল হইতে পারে অনধিক কালের মধ্যে জিলার বন্দোবস্তী কার্য্যের সাধারণ বিধিমতে সেই ভূমি লওয়া যাইবার সম্ভাবনা, কালেক্টর সাহেবের এমত বোধ হইলে তিনি সেই ভূমি বিক্রয় না করিয়া রাখিবেন। আর যে ভূমিতে মূল্যবান বাহাদুরি কাঠের বৃক্ষ হইয়া থাকে ও যে ভূমিতে বহুমূল্য ধাতু পাতরাদি থাকে তাহাও রাখিবেন। জিলার সীমাঞ্চলের বন্য জাতীয়েরা যে ভূমির দাওয়া করে ও যে ভূমির উপর কোন প্রকারের অধিকারের দাওয়া করে কালেক্টর সাহেব বিশেষ রিপোর্ট না করিয়া ও আজ্ঞা না পাইয়া সেই ভূমি বিক্রয় করিবেন না।

title derived from border chiefs or tribes, whose exclusive right to the land has not been expressly acknowledged by Government.

2. The minimum upset price is fixed at Rs. 5 per acre instead of Rs. 2-8 as hitherto, except in the case of lands for which regular applications have been already received.

3. Before proceeding to sell any lot the Collector must satisfy himself by local inquiry that the land is proper to be sold, and that there exist no rights or reasonable claims to it on the part of people settled on, or otherwise occupying or using the land or any part of it. He will be held strictly responsible that no rights of the people in actual occupation are overlooked, because they do not understand our laws and do not appear in our courts, as has heretofore been the case in several instances. Should there be any right, or reasonable semblance of right, he will refuse to sell and will report the matter for the orders of the Commissioner. In no case is any cultivated or inhabited land to be sold as waste, nor shall any land which appears to have been cultivated within twenty years be so sold without special report to the Commissioner. In all doubtful cases the Commissioner will report for the orders of the Board of Revenue.

4. *Opposing claims.*—Sections 3 and 4 of the Board of Revenue's rules under this head are cancelled, and the following rule is substituted :—

If the Collector shall consider that any claim or objection is established, he will stop the sale as directed by section 4 of Act XXIV. of 1863. If any claim to occupancy or user be established, or found to exist, the land must not be sold, and a special report must be made.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th September 1871.—In accordance with the provisions of Section 35, Act V. (B.C.) of 1870 (the Calcutta Port Improvement Act, 1870), the Lieutenant-Governor has been pleased to sanction, with the approval of His Excellency the Governor General in Council, the plans and estimate, submitted by the Commissioners for the connection of jetty heads, at a cost of Rs. 3,00,000.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gaette*, 19*th September* 1871.]

আরো সীমাঞ্চল দেশের অধ্যক্ষেরা বা জাতীয়েরা পতিত ভূমির যে একাধিকারের দাওয়া করেন. গবর্ণমেণ্ট তাহা স্পষ্টরূপে স্বীকার না করিলে, কালেক্টর সাহেব তাহারদেরহইতে প্রাপ্ত পাট্টার বলে কোন ব্যক্তিকে সেই ভূমির ভোগাধিকার করিতে দিবেন না।

২। ভূমি বিক্রয় হইলে একরপ্রতি প্রথম ডাক ২৷৷০ টাকা ধরা ছিল। এই অবধি ৫৲ টাকা ধরা যাইবে। কিন্তু যে ভূমি পাইবার নিয়মিত প্রার্থনা করা গিয়াছে তাহার বিষয়ে পূর্ব্ববিধি চলিবে।

৩। কালেক্টর সাহেব কোন ভূমিখণ্ড বিক্রয় করিবার পূর্ব্বে তাহা বিক্রয় করিবার উপযুক্ত ও যে ব্যক্তিরা ঐ ভূমিতে বাস করেন বা তাহার কোন অংশ অধিকার বা ব্যবহার করেন তাঁহারদের কোন স্বত্ব বা যুক্তিসিদ্ধ দাওয়া আছে কি না, তৎস্থানেই অনুসন্ধান করিয়া তাঁহার এইং কথা হৃদ্বোধমতে জ্ঞাত হওয়া উচিত। যাহারা ভূমির ভোগাধিকার করে তাহারা আমারদের বিধি ব্যবস্থা বুঝে না ও আমাদের আদালতে কখন যায় নাই ইহা বলিয়া তাহারদের স্বত্ব কতবার উপেক্ষা করা গিয়াছে কিন্তু এইঅবধি তদ্রূপ না হয়। হইলে কালেক্টর সাহেব সেই বিষয়ে দৃঢ়মতে দায়ী জ্ঞান হইবেন। উক্ত ব্যক্তিদের কোন স্বত্ব থাকিলে কিম্বা যুক্তিমতে স্বত্বের আভাসও থাকিলে তিনি বিক্রয় করিতে স্বীকার না করিয়া কমিশ্যনর সাহেবের আজ্ঞা জানিবার জন্যে সেই বিষয়ের রিপোর্ট করিবেন। যে ভূমিতে চাষ বা লোকনিবাস হইয়া থাকে তাহা কোন ক্রমেই পতিত বলিয়া বিক্রয় করা যাইবে না। যে ভূমি বিশ বৎসরাবধি কোন সময়ে চাষ হইয়াছে বোধ হয় কমিশ্যনর সাহেবের নিকট বিশেষ রিপোর্ট না করিয়া তাহা বিক্রয় করা যাইবে না। কোন স্থলে সন্দেহ হইলে কমিশ্যনর সাহেব রেবিনিউ বোর্ডের আজ্ঞা জানিবার জন্যে তাহার রিপোর্ট করিবেন।

৪। বিপক্ষ দাওয়ার কথা।—এই বিষয়ে রেবিনিউ বোর্ডের যে বিধি আছে তাহার ৩ ও ৪ ধারা রহিত করা গেল ও তৎপরিবর্ত্তে নিম্নলিখিত বিধি করা গেল।

কোন দাওয়া কিম্বা আপত্তি প্রতিপন্ন হইয়াছে, কালেক্টর সাহেব এমত বোধ করিলে ১৮৬৩ সালের ২৪ আইনের ৪ ধারামতে বিক্রয় স্থগিত করিবেন। যদি ভোগাধিকার কি ব্যবহার করিবার কোন দাওয়া প্রতিপন্ন হয় কিম্বা ঐ দাওয়া থাকার কথা জানা যায় তবে ভূমি বিক্রয় না করিয়া বিশেষ রিপোর্ট করিতে হইবে।

সি বর্ণার্ড।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ৮ সেপ্টেম্বর।—কলিকাতাবন্দরের সৌষ্ঠব করণার্থ ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারার বিধানমতে কমিশ্যনরেরা জেটির অগ্রভাগ সংযোগকরণ কার্য্যের নক্সা ও ৩০০০০০৲ টাকা ব্যয়ের যে অনুমানপত্র পাঠান মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিয়াছেন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 836J.

APPOINTMENTS.

The 6th September 1871.—Third Grade Sub-Assistant Surgeon Mudhoo Soodun Gupto to have charge of the Charitable Dispensary at Doomraon, in Shahabad.

The 11th September 1871.—Mr. Edward Melian Showers to officiate as District Superintendent of Police, Patna, during the absence, on leave, of Mr. John Lambert, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 11th September 1871.—Mr. John Lambert, District Superintendent of Police, Patna, for one month, from the 1st proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Dr. Robert George Mathew, Civil Assistant Surgeon of Midnapore, for one month, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules, from the 17th instant, or any subsequent day within one month of that date on which he may take the leave. The Sub-Assistant Surgeon of the Charitable Dispensary at Midnapore will remain in Medical charge of the Station during this period.

NOTIFICATION.

The 12th September 1871.—Her Majesty's Secretary of State for India has granted an extension of leave for three months, on Medical Certificate, to Mr. George Smoult Fagan, First Judge of the Calcutta Court of Small Causes.

H. L. HARRISON,
Offg. Jr. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 31st August 1871.—It is hereby notified under Section 14, Act XI. of 1865, that the sittings of the Judge of the Small Cause Courts of Kooshtea, Goalundo, Meherpore, and Chooadangah, will take place in each of the Courts on the dates mentioned below :—

Kooshtea	from	1st	to	13th	of every month.
Goalundo	,,	14th	,,	18th	,, ,,
Meherpore	,,	19th	,,	24th	,, ,,
Chooadangah	,,	25th	,,	the end of the month.	

H. L. HARRISON,
Offg. Jr. Secy. to the Govt. of Bengal.

জুডিশ্যাল ও পলিটিকাল ডিপার্টমেণ্ট।

৮৩৬ J. নম্বর।

নিয়োগ।

১৮৭১ সাল ৬ সেপ্টেম্বর।—তৃতীয় শ্রেণীর সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মধুসূদন গুপ্ত শাহাবাদের অন্তর্গত ডুমরাউনের দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতার ভার পাইবেন।

১৮৭১ সাল ১১ সেপ্টেম্বর।—শ্রীযুত জান লাম্বর্ট সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এডওয়ার্ড মীলিয়ান শৌয়ার্স সাহেব পাটনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭১ সাল ১১ সেপ্টেম্বর।—পাটনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জান লাম্বর্ট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ১ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত রবর্ট জজ মাথিউ সাহেব এই মাসের ১৭ তারিখঅবধি অথবা তাহার পর এক মাসের মধ্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন। উক্ত কাল পর্য্যন্ত মেদিনীপুরের দাতব্য ঔষধালয়ের সব-আসিস্টাণ্ট চিকিৎসক উক্ত মোকামের চিকিৎসা কার্য্যের ভার প্রাপ্ত থাকিবেন।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ১২ সেপ্টেম্বর।—ভারতবর্ষের পক্ষ শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটারী সাহেব কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রথম জজ শ্রীযুত জর্জ স্মৌলট ফেগান সাহেবকে চিকিৎসকের সর্টিফিটমতে আর তিন মাস ছুটী দিয়াছেন।

এচ এল হারিসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ৩১ আগষ্ট।—১৮৬৫ সালের ১১ আইনের ১৪ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে কুষ্টীয়া গোয়ালন্দ মেহেরপুর ও চুয়াডাঙ্গার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ উক্ত প্রত্যেক আদালতে নিম্নলিখিত তারিখে অধিবেশন করিবেন।

কুষ্টীয়াতে	প্রতি মাসের	১	অবধি	১৩	তারিখপর্য্যন্ত।
গোয়ালন্দে	,,	১৪	ঐ	১৮	ঐ
মেহেরপুরে	,,	১৯	ঐ	২৪	ঐ
চুয়াডাঙ্গায়	,,	২৫	অবধি	মাসের শেষপর্য্যন্ত	

এচ, এল, হারিসন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

NOTIFICATION.

The 7th September 1871.—It is hereby notified that the Head-Quarters of the Commissioner of the Burdwan Division have been removed from Burdwan to Hooghly.

H. L. HARRISON,
Offg. Jr. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 6th September 1871.—With reference to the Notification published in the *Calcutta Gazette* of the 17th June 1863, page 1700, declaring Bishnath in Assam to be a place of debarkation under Section 27, Act III. of 1863 of the Lieutenant-Governor of Bengal in Council, it is hereby notified that Bishnath shall cease to be a place of debarkation from the 1st proximo.

H. L. HARRISON,
Offg. Jr. Secy. to the Govt. of Bengal.

Orders of the High Court of Judicature at Fort William in Bengal.

NOTIFICATION.

TRANSFERS OF MOONSIFFS.

The 12th September 1871.—Baboo Baney Madhub Mitter, B. L., from Cutwa, East Burdwan, to be Moonsiff of Dinagepore.

Baboo Bulloram Mullick, from Pothna to Cutwa, East Burdwan.

Baboo Srinath Dutt, from Putteah, Chittagong, to Pothna, East Burdwan.

Baboo Umbica Churn Ghose, Additional Moonsiff in the District of Chittagong, to be Moonsiff of Putteah in the same district.

Baboo Kanai Lall Mookerjee, from Hathazaree, Chittagong, to Nicklee, Mymensingh.

Baboo Gobind Chunder Ghose, Additional Moonsiff in the District of Chittagong, to be Moonsiff of Hathazaree in the same district.

Baboo Roodrakant Biswas, B. L., from Mahomedpore to Munglecote, East Burdwan.

Baboo Raj Rajessur Bhuttacharjee, from Munglecote to Mahomedpore, East Burdwan.

By order of the High Court,

W. M. SOUTTAR,
Offg. Registrar.

[*Government Gazette*, 19*th September* 1871.]

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ৭ সেপ্টেম্বর।—বর্দ্ধমান খণ্ডের কমিশ্যনরের সদর মোকাম বর্দ্ধমানহইতে উঠিয়া হুগলীতে গিয়াছে ইহা এতৎক্রমে প্রকাশ করা গেল।

এচ, এল, হারিসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ৬ সেপ্টেম্বর।—আসামের অন্তর্গত বিশ্বনাথ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার ১৮৬৩ সালের ৩ আইনের ২৭ ধারামতে মজুরদের উত্তরিবার স্থান নিরূপণ হইল ১৮৬৩ সালের জুন মাসের ২৩ তারিখের বাঙ্গলা গেজেটের ৬১১ পৃষ্ঠায় যে বিজ্ঞাপন প্রকাশ করা যায় তদুপলক্ষে এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে যে আগামি মাসের ১ তারিখ অবধি বিশ্বনাথস্থান মজুরদের উত্তরিবার স্থান থাকিবে না।

এচ, এল, হারিসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

মুনসেফদের স্থানান্তরে নিয়োগ।

১৮৭১ সাল ১২ সেপ্টেম্বর।—শ্রীযুত বাবু বেণীমাধব মিত্র, বি, এল, পূর্ব্ববর্দ্ধমানের কাটওয়াহইতে দিনাজপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু বলরাম মল্লিক পূর্ব্ব বর্দ্ধমানের পোথনা হইতে কাটওয়ার মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু শ্রীনাথ দত্ত চট্টগ্রামের পতিয়া হইতে পূর্ব্ববর্দ্ধমানের পোথনার মুনসেফ হইবেন।

চট্টগ্রাম জিলার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ ঘোষ ঐ জিলার পতিয়ার মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কানাই লাল মুখোপাধ্যায় চট্টগ্রামের হাটহাজারীহইতে ময়মনসিংহের নিকলীতে নিযুক্ত হইয়াছেন।

চট্টগ্রাম জিলার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দ চন্দ্র ঘোষ ঐ জিলার হাটহাজারীর মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু রুদ্রকণ্ঠ বিশ্বাস, বি, এল, পূর্ব্ব বর্দ্ধমানের মহম্মদপুরহইতে মঙ্গলকোটে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু রাজরাজেশ্বর ভট্টাচার্য্য পূর্ব্ব বর্দ্ধমান জিলার মঙ্গলকোটহইতে মহম্মদপুরে নিযুক্ত হইয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
ডবলিউ এম স্যুটর,
একটিং রেজিষ্ট্রার।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

IN the matter of SHIBCHUNDER MULLICK, RAMDHONE MULLICK, and ROMANAUTH MULLICK, Insolvents.

Notice is hereby given that on Saturday, the 2nd day of September instant, upon the application of the Official Assignee in this matter, it was ordered that the said Assignee do, from and out of the sum of Rs. 65,624-5-8 in his hands, pay a dividend at the rate of 30 per cent. (which will amount to the sum of Rs. 61,958-4-3) upon the several claims admitted on the Schedule of the said Insolvents, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

A. B. MILLER,
Official Assignee.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 9th September 1871.

The like Notice. In the matter of DENONAUTH DAY, an Insolvent. Wherein it was, amongst other things, ordered that out of Rs. 7,159-15-9, a dividend at the rate of 12½ per cent. (amounting to Rs. 6,387-1-0) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of WILLIAM JAMES PITTAR, an Insolvent. Wherein it was, amongst other things, ordered that out of Rs. 3,096-1-5, a dividend at the rate of 3 per cent. (amounting to Rs. 2,878-11-6) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of GHASEERAM, an Insolvent. Wherein it was, amongst other things, ordered that out of Rs. 8,381-6-3, a dividend at the rate of 9 per cent. (amounting to Rs. 6,503-2-9) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of JOHANNES AGABEG, an Insolvent. Wherein it was, amongst other things, ordered that out of Rs. 830-4-10, a dividend at the rate of 16 per cent. (amounting to Rs. 704-9-9) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of JAMES ALEXANDER AYTON, an Insolvent. Wherein

কলিকাতার যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন শিবচন্দ্র মল্লিক ও রামধন মল্লিক ও রমানাথ মল্লিকের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ২ তারিখ শনিবারে এই বিষয়ে যে প্রার্থনা করেন তাহাতে আজ্ঞা হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া স্বীকার হইয়াছে, তাহা উক্ত আসৈনি সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হইবামাত্র তাঁহার হাতে যে ৬৫,৬২৪৷৴৮ টাকা আছে তাহাহইতে তিনি উক্ত প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৩০৲ টাকার হিসাবে সর্ব্বসুদ্ধ ৬১,৯৫৮।৩ টাকা ডিবিডেণ্ড দেন। ইহাতে সম্বাদ দেওয়া গেল।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা, ১৮৭১ সাল ৯ সেপ্টেম্বর।

যোত্রহীন দীননাথ দের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ৭,১৫৯৸৶৯ টাকাহইতে শতকরা ১২৷৹ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬,৩৮৭৴০ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন উলিয়ম জেমস্ পিটর সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ৩,০৯৬৴৫ টাকাহইতে শতকরা ৩৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২,৮৭৮৷৶৬ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন ঘাসিরামের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ৮,৩৮১৶৩ টাকাহইতে শতকরা ৯৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬,৫০৩৶৯ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন জোহানিস আগাবেগ সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ৮৩০।১০ টাকাহইতে শতকরা ১৬৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৭০৪৷৴৯ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন জেমস আলেকসাণ্ডর এটন সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে অন্যান্য

it was, amongst other things, ordered that out of Rs. 2,066-1-3, a dividend at the rate of 2 per cent. (amounting to Rs. 1,798-6-3) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of THOMAS ADAMS, an Insolvent. Wherein it was, amongst other things, ordered that out of Rs. 2,589-6-4, a dividend at the rate of 2 per cent. (amounting to Rs. 2,140-4-0) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of ALLY DUGMAN, an Insolvent. Wwherein it was, amongst other things, ordered that out of Rs. 260-3-7, a dividend at the rate of 1 per cent. (amounting to Rs. 157-3-3) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of CHARLES ANQUITEL, an Insolvent. Wherein it was, amongst other things, ordered that out of Rs. 1,064-7-11, a dividend at the rate of 1 per cent. (amounting to Rs. 900-12) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of WILLIAM ALLHUSEN, an Insolvent. Wherein it was, amongst other things, ordered that out of Rs. 852-7-10, a dividend at the rate of 65 per cent. (amounting to Rs. 708-8-9) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of ROWLAND ALLPORT, an Insolvent. Wherein it was, amongst other things, ordered that out of Rs. 2,037-11-1, la dividend at the rate of 3 per cent. (amounting to Rs. 1,688-0-3) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of WILLIAM ANDERSON, an Insolvent. Wherein it was, amongst other things. ordered that out of Rs. 689-12-7, a dividend at the rate of 16 per cent. (amounting to Rs. 584-1-9) be paid.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of BUSHEER-OODDEEN, an Insolvent. Wherein it was,

বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ২,০৬৬/৩ টাকা-হইতে শতকরা ২৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৭৯৮।৵৩ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন তামস আডামস সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ২,৫৮৯/৪ টাকাহইতে শত-করা ২৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২,১৪০।০ টাকা দেওয়া যায়।

এ-বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন আলি দগমানরে বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ২৬০৲/৭ টাকাহইতে শতকরা ১৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্ব-সুদ্ধ ১৫৭৲/৩ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন চার্লস আঙ্কিটেল সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে অন্যান্য বি-ষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ১,০৬৪।৵১১ টাকাহই-তে শতকরা ১৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৯০০৲০ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন উলিয়ম আলহুসেন সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ৮৫২।৵১০ টাকা-হইতে শতকরা ৬৫৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৭০৮।৯ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন রাউলাণ্ড অলপোর্ট সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ২,০৩৭।৵১১ টাকা-হইতে শতকরা ৩৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৬৮৮৲৩ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন উলিয়ম আণ্ডরসন সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা হইল যে ৬৮৯৸৭ টাকাহইতে শতকরা ১৬৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৯৮৪/৯ দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন বসীরুদ্দিনের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে, তাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আজ্ঞা

amongst, other, things ordered that out of Rs. 209-3-1, a dividend at the rate of 7 per cent. (amounting to Rs. 175-3-6) be paid.

A. B. MILLER,
Official Assignee.

(111—1)

In the matter of JOHN BODRY, an Insolvent, (3rd Insolvency).

Notice is hereby given that Saturday, the 7th day of October next, has been appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Assignee from the 1st day of August 1870 until the 31st day of August last, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

A. B. MILLER,
Official Assignee.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 8th September 1871.

The like Notice. In the matter of GEORGE RICHARD PRENDAGAST BECHER, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of FREDERICK DeCHIZRANBOLST, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of FREDERICK WILLIAM BIRCH, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of FRANCIS BAILEY, an Insolvent. Wherein the account of

হইল যে ২০৯৶১ টাকাহইতে শতকরা ৭৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৭৫৶৬ টাকা দেওয়া যায়।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

তৃতীয়বার যোত্রহীন জান বডরি সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি অক্টোবর মাসের ৭ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৭০ সালের আগষ্ট মাসের ১ তারিখ অবধি গত আগষ্ট মাসের ৩১ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের হিসাব অর্পণ করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে তাহা দেখা যাইতে পারে। যে মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা, ১৮৭১ সাল ৮ সেপ্টেম্বর।

যোত্রহীন জর্জ্জ রিচার্ড প্রেনডরগাষ্ট বিচর সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখ পর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন ফ্রেডরিক ডকিজরান বোলষ্ট সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখ পর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন ফ্রেডরিক উলিয়ম বর্চ সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন ফ্রান্সিস বেলি সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহে-

the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of JOHN CAIRD, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of ARCHIBALD BRYCE, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of JAMES CULLEN, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of BRIJONAUTH DHUR, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of COLIN CAMPBELL, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of ANDRE LOUIS BRIANT, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of JOHN ARMSTRONG CURRIE, an Insolvent. Wherein

বের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন জান কেয়ার্ড সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখঅবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন আরচিবল্ড ব্রাইস সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনী সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ৩১ তারিখঅবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন জেমস্ কলেন সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখঅবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন ব্রজনাথ ধরের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখঅবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন কলিন কাম্বেল সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন আনুক্রলুইস ব্রাইয়েন্ট সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখ পর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন জান আর্ম্মষ্ট্রং করি সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি

the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of JAMES CALQUHOUN, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of DUNCAN CALDER, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August, last.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of JOHN ANDREWS, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

The like Notice. In the matter of BHOWANEYPERSAUD GHOSE, an Insolvent. Wherein the account of the Assignee is filed from 1st April 1869 to 31st August 1871.

A. B. MILLER,
Official Assignee.

(112—1)

সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন জেমস্ কহূন সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখ পর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনী।

যোত্রহীন ডানকান কালডর সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন জান আনূক্রস সাহেবের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

যোত্রহীন ভবানীপ্রসাদ ঘোষের বিষয়ে তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৬৯ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি ১৮৭১ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।

এ বি মিলর,
সরকারী আসৈনি।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

THE
GENERAL RULES AND CIRCULAR ORDERS
OF THE
CALCUTTA HIGH COURT,
(CIVIL AND CRIMINAL SIDES):
With separate Indices and Tables of cancelled orders,
BY
C. D. FIELD, M. A., L. L. D.,
Of the Inner Temple, Barrister-at-law, and of H. M.'s Bengal Civil Service, Offg. Judge of Chittagong,

Vol. I. from 1862 to 1868.—Vol. II. from 1868 to September 1871.—The Second Vol. will contain as an *Appendix* an *Index* to such of the Circular Orders of the Old Sadr Court as are now in force.

Price of the two volumes ... Rs. 10.

Apply to MESSRS. THACKER, SPINK & Co.,
5, *Government Place, Calcutta.*

(110—3)

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্নমেন্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

১ নং।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, SEPTEMBER 19, 1871.

মঙ্গলবার ১৮৭১ সাল ১৯ সেপ্টেম্বর।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্নলিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবে তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,
ডি জে মাকনিল,
একটিং সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জেলা মুরশিদাবাদ।

ইস্তাহারনামা কাছারি কালেক্‌টরী জেলা মুরশিদাবাদ।

ইহারদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নলিখিত ইষ্টেটমেণ্টের বর্ণিত রেলওয়ে কোম্পানির ত্যাজ্য (C) চিহ্নিত ২ খণ্ড ভূমি অত্র কালেক্‌টরীর কাছারিতে সন ১৮৭১ সালের ৯ অক্‌টোবর মোতাবেক সন ১২৭৮ সনের ২৪ আশ্বিন সোমবার নীলামে বিক্রয় হইবেক। এই২ খণ্ড ভূমির নীলাম খরিদার নিম্নলিখিত নিয়মের অধীন হইবেন।

১। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

২। এক শত টাকার অধিক হইলে ডাকপণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্নকালে যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায়. পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৩। প্রত্যেক খণ্ড ভূমি যে কেহ নীলামের প্রথম ডাকহইতে সর্ব্বাপেক্ষা অধিক ডাকিবেন তাঁহার হস্তে লাখরাজস্বরূপে বিক্রয় করা যাইবেক ইতি সন ১৮৭১ সাল তারিখ ৪ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৮ সাল তারিখ ২০ ভাদ্র।

নম্বর ইষ্টেটমেণ্ট রেলওয়ে কোম্পানি C খণ্ড জমি মুনশিয়ত সরকারি	জেলার বহীর নম্বর	নাম মহাল ও পরগনা	পরিমাণ যত একর	সদর জমা			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				যত টাকা জমা ধার্য্য আছে	রাস্তার টাক্‌স	মোট		
	২৭৯১	পরগনে রাজশাহীর সামিল মৌজে রতনপুরের মধ্যে দক্ষিণ সীমানা বাসলুই নদী পশ্চিম সীমানা রতনপুর মৌজার ফকীর মিস্ত্রির বাটীর পূর্ব্ব দিং /৪। কাঠা যাইয়া উত্তর সীমানা রতনপুর মৌজার পতিত ডাঙ্গার ও রেলওয়ে কোম্পানির লক্তপূর্ব্ব রেলওয়ে কোম্পানির রাস্তার ।১ কাঠা যাইয়া ..	১।১।৩০	...	...	...	৮৫৲	
	ঐ	ঐ মৌজার ভূমির চৌহদ্দী দক্ষিণ সীমানা বাসলুই নদী পূর্ব্ব সীমানা রতনপুরের পতিত জমিও কাঠরোড উত্তর সীমানা রতনপুরের পতিত জমি ও রেলওয়ে কোম্পানির লক্ত পশ্চিম সীমানা রেলওয়ে কোম্পানির জমি এই জমিতে আম্র গাছ ও কাঁঠাল অশ্বত্থ শিরস কাঞ্চন ...	১।১।২৯	...	...	...	৫৪৲	

W. WAVELL,
Offg. Collector.

(F)

জিলা বীরভূম।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বীরভূম।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তি নিম্নের লিখিত বি, শ্রেণীভুক্ত জমি ইষ্ট ইণ্ডীয়া রেইলওয়ে কোম্পানির আর আবশ্যক না থাকা প্রযুক্ত সন ১৮৭২ সালের ১২ জানুআরি মোতাবক সন ১২৭৮ সালের ২৯ পৌষ শুক্রবার জিলা বীরভূমের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক। এই সকল জমি যে ব্যক্তিরা ক্রয় করিবেন, তাঁহারা নিম্নলিখিত নিয়মের অধীন থাকিবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিন মধ্যাহ্নকালে যদি অবশিষ্ট দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথমস্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পুর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। ঐ জমি সকল অবধারিত মূল্যের সর্ব্বউচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক ইতি।

রাজকীয় মহালের টৈফিয়তের নম্বর	তৌজির নম্বর	মহালের নাম ও পরগনা	জমির পরিমাণ	সদর জমা। ধার্য্য করা রাজস্ব	রাস্তার টাক্স	মোট।	নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
			এঃ রোঃ পোঃ					
৪৯৭	১৪১	রামচন্দ্রপুর পং আলি নগর	৫।৩।২৫	০	০	০	২২৲	
,,	,,	,, ,,	০।১।৩১	০	০	০	৬১৲	
,,	,,	,, ,,	১।০।১১	০	০	০	৮৲	
,,	,,	,, ,,	১।০।২৩	০	০	০	১৫৲	

T. T. ALLEN,
Offg. Collector.

(F)

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডউইন মারস্ লুইসসাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

TUESDAY, SEPTEMBER 19, 1871.

মঙ্গলবার ১৮৭১ সাল ১৯ সেপ্টেম্বর।

Government of India.

Legislative Department.

সকল প্রকারের স্বত্ব ও দায় বৃত্তান্তের প্রতি নির্ভর করে ও বৃত্তান্তহইতে উদিত হয়। বৃত্তান্ত দুই প্রকারের, এক ইন্দ্রিয়গ্রাহ্য, অন্য ইন্দ্রিয়গ্রাহ্য নয়। ইন্দ্রিয়গ্রাহ্য বৃত্তান্তের উদাহরণ দেওয়া বাহুল্য। ইন্দ্রিয় দ্বারা যে বৃত্তান্ত গ্রাহ্য নয় তাহা এই২, কল্পনা, প্রতারণা, সরলতা, জ্ঞান ইত্যাদি। ইন্দ্রিয় দ্বারা কিম্বা ইন্দ্রিয়ভিন্ন হউক উক্ত দুই প্রকারের বৃত্তান্ত সপষ্টরূপে গ্রাহ্য হইতে পারে ও উভয় এক মূলক এই প্রযুক্ত উভয়ই বৃত্তান্ত নামে ব্যক্ত হইতে পারে। ইহার উদাহরণ। আমি অমুক সময়ে ও স্থানে অমুক ব্যক্তিকে দেখিলাম, কোন ব্যক্তি যে মূলে এই মর্ম্মের সাক্ষ্য দিতে পারেন, সেই মূল ধরিয়া অমুক সময়ে আমার মনে অমুক কল্পনা ছিল এই সাক্ষ্যও দিতে পারেন। অর্থাৎ উভয় স্থলে স্পষ্ট ভূতানুভূতির বর্ত্তমান স্মরণ আছে। অধিকন্তু বিচার করণ কালে উক্ত দ্বিবিধ বৃত্তান্ত নিশ্চিত করা সমানরূপে আবশ্যক, এবং প্রায় সর্ব্বস্থলে ঐ দুই প্রকারের বৃত্তান্ত নিশ্চিত করিবার একি পদ্ধতি।

স্বত্বের ও দায়ের সঙ্গে বৃত্তান্তের দ্বিবিধ সম্পর্ক।

১। কোন বৃত্তান্ত দ্বারাই অপর বৃত্তান্তভিন্ন কিম্বা অন্য বৃত্তান্তের সংযোগে এমন অবস্থা উদ্ভূত হয় যে তদ্বারা বিবাদীয় স্বত্বের কি দায়ের অনুভূতি হইতে পারে, যথা, আনন্দ বলরামের জ্যেষ্ঠপুত্র, এই বৃত্তান্ত দ্বারা ইঙ্গলণ্ডীয় ব্যবস্থামতে আনন্দ বলরামের উত্তরাধিকারী হইয়া জ্যেষ্ঠত্বহেতুক যে পদ হয় আনন্দ অবশ্য সেই পদস্থ, ইহার অনুভূতি হইল। অন্য উদাহরণ এই। গতিক বিশেষে ও বিশেষ কল্পনা ও জ্ঞানাধীনে আনন্দের দ্বারা বলরামের মৃত্যু হয় সুতরাং আনন্দ বলরামকে বধ করিল ও আইনেতে বধাপরাধের যে দণ্ড আনন্দের সেই দণ্ড হইতে পারে ইহার অনুভূতি হয়।

মোকদ্দমার সহিত বৃত্তান্তের তদ্রূপ সম্পর্ক থাকিলে, যদি ঐ বৃত্তান্তের প্রতিবাদ হয়, তবে তাহাইস্যুঘটিত অর্থাৎ বিচার্য্য বৃত্তান্ত বলা যায়।

২। কোন বৃত্তান্ত পূর্ব্বোক্তমতে ইস্যুঘটিত বৃত্তান্ত না হইলেও, তদ্দ্বারা ইস্যুঘটিত অন্য বৃত্তান্তের উপকার বা অপকার হইতে পারে। তাহা হইলে তাহা প্রতিপোষক বৃত্তান্ত বলা যায়।

আমারদের বিবেচনায় এই দুই প্রকারের বৃত্তান্তভিন্ন কোন গতিকেই অন্য প্রকার বৃত্তান্তের সহিত আদালতের সম্পর্ক রাখার আবশ্যক নাই। অতএব যে মোকদ্দমায় সেই২ বৃত্তান্তের প্রমাণ করা প্রয়োজন তৎসম্পর্কীয় সমস্ত বৃত্তান্ত উক্ত দুই শ্রেণীর মধ্যে আইসে।

এই স্থলে প্রমাণের কথা বিবেচ্য হইতে পারে। কোন বৃত্তান্ত ব্যক্ত হইলে, তাহা ইস্যুঘটিত কিম্বা প্রতিপোষক বৃত্তান্ত হউক, আদালত যত কাল ঐ বৃত্তান্তে প্রত্যয় না করেন তত কাল তন্মূলক অনুভূতি করিতে পারিবেন না, ইহাই স্পষ্ট। আরো যে মোকদ্দমায় কোন বৃত্তান্ত নির্ণয় করিতে হইবে সেই মোকদ্দমার উদ্দেশ্যের ও ভাবের সহিত ঐ বৃত্তান্তের যে সম্পর্ক থাকে তদ্ভিন্ন সম্যকরূপে স্বতন্ত্র হেতুমূলে ঐ বৃত্তান্তে আদালতের প্রতীতি জন্মাইতে হইবে। যথা, আনন্দ অমুক পত্র লিখিলেন কি না। সেই পত্রে কোন চুক্তির নিয়ম প্রকাশ হইতে পারে। কিম্বা অপবাদসূচক কথা থাকিতে পারে। কিম্বা ঐ পত্র বলরামের দ্বারা কোন অপরাধ করিবার প্রবৃত্তিজনকপত্র হইতে পারে। কিম্বা আনন্দের ভিন্ন স্থানে থাকার প্রমাণ হইতে পারে। কিম্বা অপরাধ স্বীকারসূচকপত্র হইতে পারে। অথবা মোকদ্দমার সহিত ঐ বৃত্তান্তের অন্য সম্পর্ক থাকিতে পারে কিন্তু আনন্দই যে সেই পত্র লিখিল এই কথায় যত কাল আদালতের প্রতীতি না হয় তত কাল আদালত সেই পত্রানুসারে কার্য্য করিতে পারিবেন না। আরোউপরোক্ত অন্যতর স্থলে উক্ত প্রতীতি জন্মাইবার একিরূপ পদ্ধতি আছে ইহা স্পষ্ট। যথা কোন পত্র লেখাই অপরাধ, এমন স্থলে যদি আদালত মূলপত্র আনাইবার আজ্ঞা দিতে পারেন, তবে কোন পত্র লেখাই অপরাধ করিবার প্রবৃত্তিজনক বিষয় হইলে সেই পত্রের প্রতিলিপিমাত্র আদালতের গ্রাহ্য করিবার কোন কারণ নাই। সংক্ষেপতঃ, বৃত্তান্ত কিরূপে সপ্রমাণ করা যাইবে, এই কথা মোকদ্দমার সহিত ঐ বৃত্তান্তের সম্পর্কানুসারে নিরূপণ করা যাইবে না। বৃত্তান্তের স্বতন্ত্র ভাবানুসারে নিরূপণ করা যাইবে।

আদালত যে উপায়দ্বারা বৃত্তান্ত সত্য জানেন তাহাকে সাক্ষ্য বলে। অনেক স্থলে তাহার দুই শ্রেণী করা গিয়াছে অর্থাৎ প্রত্যক্ষ ও আনুষঙ্গিক। কিন্তু আমরা তাহা গ্রাহ্য করি নাই।

প্রত্যক্ষ সাক্ষ্যদ্বারা ইস্যুঘটিত বৃত্তান্ত ও আনুষঙ্গিক সাক্ষ্যদ্বারা প্রতিপোষক বৃত্তান্ত স্থাপিত হয় উক্ত দুই শ্রেণীর এইরূপ বিভিন্নতা ব্যক্ত হইয়াছে। কিন্তু যেমন কাগজ শব্দের অর্থ করিতে হইলে তাহা যে২ দ্রব্যে নির্ম্মিত হয় তাহার

বর্ণনা না করিয়া লিখিবার কিম্বা ছাপিবার কর্ম্মে ব্যবহার্য্য দ্রব্য বলিয়া নির্ণয় করিলাম, উক্ত স্থলে তেমনি সাক্ষ্য সাত্ত্বিক গুণানুসারে শ্রেণীবদ্ধ না হইয়া যে কার্য্যে লাগে সেই কার্য্যানুসারে শ্রেণীবদ্ধ হইল। কিন্তু বৃত্তান্ত যে কার্য্যে বর্ত্তিবে তদনুসারে তাহার প্রমাণ করিতে হইবে না, ভাবানুসারে প্রমাণ করিতে হইবে, ইহা পূর্ব্বে ব্যক্ত হইয়াছে। অতএব যে বৃত্তান্তের প্রমাণ করিতে হইবে তাহার ভাব লক্ষ করিয়া সাক্ষ্যের অর্থ করিতে হইবে না, সাক্ষ্যেরই ভাবানুসারে অর্থ নির্ণয় করিতে হইবে।

সময়ান্তরে উক্ত দুই শ্রেণীর এইরূপ বিভেদ নির্ণয় হয়, যথা, কোন ব্যক্তি স্বচক্ষে দেখিয়া কিম্বা স্বকর্ণে শুনিয়া যাহা কহে তাহাকে প্রত্যক্ষ সাক্ষ্য, ও অন্য যে২ বিষয়দ্বারা ইস্যুঘটিত বৃত্তান্তের অনুভূতি হয় তাহাকে আনুষঙ্গিক সাক্ষ্য কহিতে হইবে। পরন্তু সাক্ষ্য শব্দের এইরূপ ব্যবহার হইলে প্রত্যক্ষ সাক্ষ্য ও আনুষঙ্গিক সাক্ষ্য পরস্পর বিপরীত এই দুই কথায় সাক্ষ্য শব্দের বিভিন্ন অর্থ হয়। প্রথম স্থলে সাক্ষ্য বুঝায়। দ্বিতীয় স্থলে যে বৃত্তান্ত অনুভূতির মূলস্বরূপ সেই বৃত্তান্ত বুঝায়। এই অর্থ ধরিতে গেলে "প্রত্যক্ষ সাক্ষ্যদ্বারা আনুষঙ্গিক সাক্ষ্যের প্রমাণ করিতে হইবে" এই কথা কহিলেও দোষ হয় না। কিন্তু এইরূপ কথা অত্যন্ত অপটু। পরন্তু ইহাতে সাক্ষ্য শব্দের অর্থের অস্পষ্টতার উপলব্ধি হয়। ফলতঃ

(১) কোন ব্যাপার যে ঘটিয়াছে এই বিষয়ে আদালতের নিশ্চিত জ্ঞান জন্মাইবার নিমিত্তে যে কথা কহা যায় কিম্বা যে দ্রব্য উপস্থিত করা যায় তাহা সাক্ষ্য, অথবা

(২) পূর্ব্বোক্তমতে আদালত যে বৃত্তান্ত নিশ্চিত জ্ঞান করিলেন তদ্দ্বারা অন্য২ বৃত্তান্তের অনুভূতির উপলব্ধি হইলে তাহাই সাক্ষ্য।

আমরা সাক্ষ্য শব্দের কেবল প্রথমোক্ত অর্থ ধরিয়াছি। সেই অর্থানুসারে তাহার তিন ভাগ করা গেল অর্থাৎ ১, বাচনিক সাক্ষ্য। ২, লিখিত সাক্ষ্য। ৩, দ্রব্যাত্মক সাক্ষ্য।

উপসংহার স্থলে, যে সাক্ষ্যদ্বারা বৃত্তান্তের প্রমাণ করা যাইবে তাহা আদালতে জ্ঞাত করাইয়া বিচারার্থে সমর্পণ করিতে হইবে এবং আদালত তদ্বিষয়ের নির্ণয় করিবেন।

এই সাধারণ কথানুসারে লক্ষিত বিষয় সুনিয়মমতে ও সম্যকরূপে বিভাগ করিবার নিম্নলিখিত মূলাঙ্ক পাওয়া গেল।

প্রথম।—পরিভাষা।
দ্বিতীয়।—বিবাদীয় বিষয়ের সহিত বৃত্তান্তের প্রাসঙ্গিকতা।
তৃতীয়।—বৃত্তান্তের ভাবানুসারে বাচনিক বা লিখিত বা দ্রব্যাত্মক সাক্ষ্যদ্বারা তাহার প্রমাণ।
চতুর্থ।—সাক্ষ্য উপস্থিত করণ।
পঞ্চম।—কার্য্যপ্রণালী।

উক্ত মূলাঙ্ক ধরিয়া লক্ষিত বিষয় অংশাংশ করিলাম। তাহার বিস্তারিত বর্ণনা এই।

প্রথম।—পরিভাষা।

এই স্থলে আমরা বৃত্তান্ত, ইস্যুঘটিত বৃত্তান্ত, প্রতিপোষক বৃত্তান্ত, দলীল, সাক্ষ্য, প্রমাণ ও প্রমাণীকৃত, অবশ্যানুভূতি ও অনুমান, এই২ শব্দের অর্থ করিলাম। এবং সাধারণ শব্দ প্রয়োগ করিয়া আদালতের কর্ত্তব্য কর্ম্মও নির্দ্দেশ করিলাম।

বৃত্তান্ত, ইস্যুঘটিত বৃত্তান্ত, প্রতিপোষক বৃত্তান্ত, ও সাক্ষ্য এই২ শব্দের যে২ অর্থ করিলাম তদ্বিষয়ে এইমাত্র বক্তব্য, পূর্ব্বোক্ত মূল বিধি ধরিয়া সেই২ শব্দের অর্থ করা গেল। কিন্তু সাক্ষ্য শব্দের যে অর্থ করা গেল তাহার ফলের সংক্ষেপ উদাহরণ লেখা যাইতেছে।

ইঙ্গলণ্ডীয় আইনে ঐ শব্দের যদ্রূপ ব্যবহার হইয়াছে তদ্দ্বারা শব্দের অর্থ অনির্দ্দিষ্ট হওয়াতে অনেক বিষয় অস্পষ্ট হইল। এই বিধিদ্বারা তাহা স্পষ্ট করা যাইবে। আনুষঙ্গিক সাক্ষ্য মূলাংশে বিভক্ত হইলে তদ্ঘটিত কার্য্য এইরূপ হয়, যথা, আনন্দ অমুক অপরাধ করিয়াছে কি না, এই প্রশ্ন হইল। বৃত্তান্ত এই২। নিজ কথানুসারে তাহার সেই কর্ম্মপ্রবর্ত্তক হেতু ছিল। যে স্থানে অপরাধ করা গেল সেই স্থানে তাহার পায়ের পরিমাণ মত পদচিহ্ন আছে। সেই অপরাধ দ্বারা যে দ্রব্য পাওয়া যাইতে পারিত সেইরূপ দ্রব্য তাহার অধিকারে আছে। ও সে আপন অপরাধ অনুসূচক পত্র লিখিয়াছে। দ্বিতীয় অধ্যায় দৃষ্টে এই সকল বৃত্তান্ত প্রবৃত্তিজনক কিম্বা ইস্যুঘটিত বৃত্তান্তের নৈমিত্তিক ব্যাপার কিম্বা ইস্যুঘটিত বৃত্তান্তের ফলসূচক কিম্বা ইস্যুঘটিত বৃত্তান্ত দ্বারা প্রবর্ত্তিত কার্য্যসূচক বলিয়া প্রাসঙ্গিক বৃত্তান্ত হয়। উক্ত প্রত্যেক বৃত্তান্তের প্রমাণ কিরূপে লওয়া যাইবে তৃতীয় অধ্যায়দৃষ্টে তাহা জানা যায়। অর্থাৎ, সেই ব্যক্তি আমার শ্রুতিগোচরে ঐ প্রবৃত্তি প্রকাশক কথা কহিয়াছে কোন ব্যক্তির এই মর্ম্মাত্মক বাচনিক সাক্ষ্য দ্বারা সেই প্রবৃত্তিসূচক বাক্যের প্রমাণ করা যাইবে। যে ব্যক্তি ঐ পদচিহ্ন দেখিয়াছে তদ্বিষয়ে তাহার বাচনিক সাক্ষ্য দ্বারা ঐ পদচিহ্নের প্রমাণ করা যাইবে। আদালতে উক্ত দ্রব্য উপস্থিত করণ দ্বারা এবং প্রতিবাদির অধিকারে সেই দ্রব্য দেখিয়াছি কোন ব্যক্তির এই মর্ম্মাত্মক বাচনিক প্রত্যক্ষ সাক্ষ্য দ্বারা ঐ দ্রব্য তাহার অধিকারে থাকার প্রমাণ করা যাইবে। এবং উক্ত পত্র উপস্থিত করণ দ্বারা, অথবা মোকদ্দমায় গৌণ সাক্ষ্য গ্রাহ্য হইতে পারিলে গৌণ সাক্ষ্য দ্বারা পত্রের প্রমাণ করা যাইবে।

ইঙ্গলণ্ডীয় ব্যবস্থা লেখকগণ অতি অস্পষ্ট ও অনির্দ্দিষ্ট ভাবে "শ্রুত সাক্ষ্য" শব্দের ব্যবহার করিয়াছেন, ব্যবস্থাপক কমিশ্যনরগণ ইহা কহিলেন। কিন্তু এই পাণ্ডুলিপিতে সেই শব্দ নাই। ও তৎসম্পর্কে যে অস্পষ্টতা সম্ভব

হয় তাহারও প্রতিকার করিয়াছি এমত আশা হইল। প্রাসঙ্গিক বৃত্তান্ত বিষয়ে তৃতীয় ব্যক্তির কথা ও অভিমত কোন্ স্থলে স্বতই প্রাসঙ্গিক হইবে কোন্ স্থলে প্রাসঙ্গিক না হইবে, দ্বিতীয় অধ্যায়ে ইহা স্পষ্ট নির্দ্দিষ্ট হইল। এবং স্থলবিশেষে সেই নির্দ্দেশবাক্য মতান্তর হইয়া ইঙ্গলণ্ডীয় আইনের সহিত মিলে। আরো বাচনিক সাক্ষ্য-দ্বারা প্রমাণ বিষয়ক পঞ্চম অধ্যায়ের এই বিধান, বাচনিক সাক্ষ্যদ্বারা যে বৃত্তান্ত প্রতিপন্ন করা যাইবে, সেই বৃত্তান্ত যে কোন হেতুতে বিবাদের প্রাসঙ্গিক হউক ঐ বাচনিক সাক্ষ্য সর্ব্বদাই প্রত্যক্ষ হইবে। অর্থাৎ বৃত্তান্ত দৃশ্য হইলে তাহা ইন্দ্রিয়ঘটিত হউক বা প্রতিপোষক হউক যে ব্যক্তি দেখিয়াছে সে তাহা প্রতিপন্ন করিবে। শুনা যাইতে পারিলে যে শুনিয়াছে সে তাহা প্রতিপন্ন করিবে। আনুষঙ্গিক সাক্ষ্য শব্দে যে২ বিষয় নির্দ্দিষ্ট হয় তাহা যেমন অন্য২ বিধানে বিভক্ত করিয়া দেওয়া গেল, শ্রুত সাক্ষ্য শব্দে যে২ বিষয় নির্দ্দিষ্ট হইল তাহাও এই বিধানক্রমে তেমনি বিভক্ত করিয়া দেওয়া গেল।

তদ্রূপেও মুখ্য ও গৌণ সাক্ষ্য বলিয়া সাক্ষ্য শব্দের দুই অর্থদ্বারা যে অস্পষ্টতা হয় পূর্ব্বোক্ত অর্থ দ্বারা সেই অস্পষ্টতা রহিত করা গেল। কোন২ স্থলে মুখ্য সাক্ষ্য শব্দে প্রাসঙ্গিক বৃত্তান্ত বুঝায়, স্থলান্তরে লিপির প্রতিলিপিদ্বারা প্রমাণ না করিয়া লিপি উপস্থিত করণদ্বারা তাহার প্রমাণ করা মুখ্য সাক্ষ্য বলা যায়। এই পাণ্ডুলিপিতে মুখ্য ও গৌণ শব্দের স্পষ্ট অর্থ করা গেল। ও তাহার দ্বিবিধ অর্থ হইতে পারে না। প্রত্যেক স্থলে সাক্ষ্য শব্দেতে আদালতে ব্যক্ত কথা কিম্বা লিপিপ্রভৃতি দর্শিত দ্রব্য বুঝায়।

শেষতঃ আমরা "সিদ্ধান্ত সাক্ষ্য" শব্দ ত্যাগ করিয়া "অবশ্যানুভূতি" শব্দ প্রয়োগ করিয়াছি। অস্পষ্ট কিম্বা দ্ব্যর্থযুক্ত বলিয়া সিদ্ধান্ত সাক্ষ্য শব্দের বিষয়ে আপত্তি হইতে পারে না। কিন্তু আমরা সাক্ষ্য শব্দের যে অর্থ করিয়া থাকি এই স্থলে উক্ত সাক্ষ্য শব্দের সেই অর্থ নয়, বরং সাক্ষ্যদ্বারা যে বৃত্তান্ত প্রতিপন্ন হইয়া অবশ্যই অনুভূতি হয় এই স্থলে সাক্ষ্য শব্দেতে সেই বৃত্তান্ত বুঝায়। অতএব সিদ্ধান্ত সাক্ষ্য শব্দের ব্যবহার হইলে তাহা এই পাণ্ডুলিপির অন্য২ শব্দের সহিত সঙ্গত হয় না, অবশ্যানুভূতি শব্দ সঙ্গত হয়।

প্রমাণ, প্রমাণীকৃত, ও যুক্তিমত নিশ্চয় এই২ শব্দের যে২ অর্থ করা গেল তাহার যৎকিঞ্চিৎ ব্যাখ্যা করা প্রয়োজন। প্রমাণ শব্দের অর্থ প্রমাণীকৃত শব্দের অর্থাধীন। বৃত্তান্ত প্রমাণীকৃত হইয়াছে এই কথা দুই স্থলে বলা যায়, যথা, আদালত উক্ত বৃত্তান্ত বিষয়ের সাক্ষ্য শুনিয়া

১। সেই বৃত্তান্তে যদি প্রত্যয় করেন। অথবা

২। স্থলবিশেষের ভাবগতিক বিবেচনায় যদি সেই বৃত্তান্ত অত্যন্ত সম্ভবপরপ্রযুক্ত তাহা হইয়াছে বলিয়া জ্ঞানী ব্যক্তির কার্য্য করা কর্ত্তব্য হয়।

সেই দৃঢ় সম্ভাবনা আমরা যুক্তিমত নিশ্চয় বলিয়া ব্যক্ত করিয়াছে। বৃত্তান্ত বিশেষ না হওয়া অসম্ভব, সাক্ষ্য দ্বারা ইহা প্রতিপন্ন না হইলে তাহা যুক্তিমত নিশ্চয় বলিয়া জ্ঞান না হয় এই বিধান করিলাম। ইঙ্গলণ্ডীয় বিচারপতিরা জুরির বিচারার্থে বৃত্তান্ত অর্পণ করিলে, সাধারণ্যে "যুক্তিমত সন্দেহ" আছে বলিয়া তাহা অর্পণ করিয়া থাকেন। আমরাও যুক্তিমত নিশ্চয় শব্দ ব্যবহার করিয়া সাধ্যমতে ঐ শব্দের বিলোম শব্দ নির্ণয় করিলাম। সন্দেহ কি প্রকারে যুক্তিমত হয়, এই প্রশ্নের যথাযোগ্য উত্তর দেওয়া অসাধ্য। ফলতঃ তাহা বিজ্ঞান মূলক প্রশ্ন নয়, পরিণামদৃষ্টি মূলক প্রশ্ন। অতএব প্রমাণীকৃত শব্দের যে অর্থ নির্ণয় করিলাম তাহাতে সেই ভাব স্পষ্ট করিবার উদ্যোগ হইল। পরন্তু তৎসহিত নিম্নসূচক নিয়মও সংযোগ করিলাম বিশেষতঃ অনেক অনুমান সম্ভবপর হইলে, বুদ্ধিমান ব্যক্তি তন্মধ্যে একটি অনুমান সম্ভবপর বলিয়াই তাহা যুক্তিমত নিশ্চয় বলিতে পারিবেন না। এই নিয়মের সাধারণ মূল ব্যক্ত করিতে গেলে অতিবিস্তারিত তর্কের কথা আবশ্যক হইয়া পড়ে। এই স্থলে তাহা অনুচিত। অতএব উদাহরণ দ্বারা ব্যক্ত করা সহজ। সেই উদাহরণের এই উদ্দেশ্য। আনন্দ কিম্বা বলরাম কোন এক অপরাধ করিয়াছে, এই স্থলে বলরামের দ্বারা সেই কর্ম্ম হওয়া অসম্ভব, আকারপ্রকার দৃষ্টে ইহা নিশ্চয় না হইলে বিচারপতিরা আনন্দকে অপরাধি বলিয়া নির্ণয় করিবেন না। ইহার অতিরিক্ত ব্যাখ্যা করি নাই। বিচারপতিরা নিষ্পত্তি করণোপলক্ষে ভ্রমে পতনের কত দূর সংশয় স্বীকার করিবেন, ইহা যেমন সর্ব্বত্র তাঁহারদের বিবেচনাধীন রাখা উচিত তেমনি অন্যান্য দেশাপেক্ষা এই দেশে আরো উচিত। ইহা কেবল পরিণামদর্শিতা ও অনুশীলন যুক্ত বিষয়। তাঁহারদের বিবেচনাশক্তি সঙ্কুচিত করণাভিপ্রায়ে নয় কেবল প্রণালী দর্শনাভিপ্রায়ে ইহার বিধি করা গেল।

পারিভাষিক অধ্যায়ের আর একটি বিষয় উল্লেখ্য। বৃত্তান্তঘটিত কথা নিষ্পত্তি করণে আদালতের যাহা কর্ত্তব্য তাহা অতি সাধারণ শব্দপ্রয়োগে নির্ণয় করিলাম। সাধারণ প্রযুক্ত সেই কথা শেষ অধ্যায়ে না লিখিয়া পারিভাষিক অধ্যায়ে লিখিয়াছি। এই পরিচ্ছেদঅনুসারে আদালত ইহা করিবেন।

১। যে সাক্ষ্য দেওয়া যায় তদ্দ্বারা কথিত বৃত্তান্তের অনুভূতি করিয়া।

২। প্রমাণীকৃত বৃত্তান্তদ্বারা অপ্রমাণিত বৃত্তান্তের অনুভূতি করিয়া।

৩। যে প্রমাণ দেওয়া কর্ত্তব্য ছিল তাহার অভাবদ্বারা,

৪। বাদির ও প্রতিবাদির স্বীকার বাক্য ও আচরণদ্বারা ও সাধারণ্যে বিচার্য্য বিষয়ের ভাবগতিক দ্বারা অনুভূতি করিয়া বৃত্তান্তঘটিত বিষয় নির্ণয় করিবেন।

সেই অনুভূতি নির্ণয়ের মূল নিয়মের কথা লিখি নাই। কারণ তাহা তর্কশাস্ত্র ঘটিত বিষয়, বিচারকার্য্য সংক্রান্ত সাক্ষ্য সম্পর্কীয় বিষয় নয়। কিন্তু সাক্ষ্য গ্রহণ করা বা লিপিবদ্ধ করামাত্র আদালতের কর্ত্তব্য নয় অনুভূতি করাও সর্ব্বদা কর্ত্তব্য ইহার স্পষ্ট নির্দ্দেশ করা আমারদের অভিমত। প্রত্যক্ষ সাক্ষ্য হইলে অনুভূতির পন্থা নাই সাক্ষ্য অপ্রত্যক্ষ বা আনুষঙ্গিক হইলে অনুভূতির পথ থাকে, সাক্ষ্য শব্দের নানা অর্থ থাকাতে ও অস্পষ্টরূপে তাহার প্রয়োগে হওয়াতে উক্ত প্রকারের কথা সাধারণমতে কহা গিয়া থাকে। বস্তুতঃ

সকল প্রকারের সাক্ষ্য কেবল অনুভূতির মূলস্বরূপ হইয়া কার্য্যকর হয়। সাক্ষী যে বৃত্তান্ত ব্যক্ত করে, তাহা প্রকৃতই আছে কি কোন সময়ে ছিল, ব্যবস্থার ইহার অনুভূতি করা সর্ব্বাপেক্ষা কঠিন। প্রত্যেক প্রকারের মোকদ্দমায়, উক্ত অন্যতর প্রকারের অনুভূতি করা বিচারপতির অতি কর্ত্তব্য কর্ম্ম। এই কারণে তাহা স্পষ্ট ও বিস্তৃত ভাবে ব্যক্ত করা উচিত জ্ঞান করিলাম।

এই সাধারণ বিধির দুইটি উপবিধিও করিলাম। ১। অনুভূতি করা আবশ্যক, ব্যবস্থার এই আদেশ থাকিলে বিচারপতি সেই অনুভূতি করিবেন ও তাহার সত্যতার প্রতিরোধ হইতে দিবেন না। ২। বিচারপতি বৃত্তান্তের অনুমান করিবেন ব্যবস্থার এই বিধি থাকিলে, যত কাল তদ্বিপরীত প্রকাশ না হয় বিচারপতি তত কাল সেই বৃত্তান্তের সত্তার অনুভূতি করিবেন। এই পাণ্ডুলিপির অন্যস্থলে অবশ্যানুভূতির ও অনুমানের বিস্তারিত কথা লিখিয়াছি।

২।—বৃত্তান্তের প্রাসঙ্গিকতার কথা।

সাক্ষ্য বিষয়ক আইনের যে স্থলে এই কথা ব্যক্ত করা উচিত তাহা পূর্ব্বে লিখিয়াছি। তুমি কোন্২ বৃত্তান্তের প্রমাণ করিতে পার, এই প্রশ্ন স্পষ্টই উক্ত বিষয়ের মূলস্বরূপ। ইহার সম্পূর্ণ ও স্পষ্ট উত্তর দিতে না পারিলে নিয়মিতরূপে ব্যবস্থা ব্যক্ত করা অসাধ্য। বিবাদের অন্তর্গত বিবেচ্য বিষয়ের সাক্ষ্যভিন্ন অন্য বিষয়ের সাক্ষ্য লইতে হইবে না, ও শ্রুত বাক্য সাক্ষ্য নয়, ও সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট সাক্ষ্য গ্রাহ্য, ইঙ্গলণ্ডীয় ব্যবস্থাগ্রন্থকারদের এইং বিস্তারিত বৈশেষিক বিধির বর্জ্জিত নানা বিস্তৃত কথার মধ্যে উক্ত প্রশ্নের উত্তর পাওয়া যাইতে পারে কিন্তু সেইং বর্জ্জিত কথার অংশস্বরূপ অন্যান্য কথা ব্যবস্থার ভিন্নং শাখায় লেখা হইয়াছে। আমরা সেই বর্জ্জিত সকল কথা ঐক্য করণপূর্ব্বক সংগ্রহ করিয়া ইস্যুর সহিত বৃত্তান্তের প্রাসঙ্গিতার স্পষ্ট বিধি করিয়াছি। বৃত্তান্ত-ঘটিত কোন বিষয়ের বিচারকালে বুদ্ধিমান ব্যক্তি যেং বৃত্তান্ত স্বগোচরে রাখিতে চাহেন উক্ত বিধিতে বোধ হয় ইহার সম্পূর্ণ বিধান হইয়া থাকিবে।

এই বিধিমতে নিম্নলিখিত প্রকারের বৃত্তান্ত প্রাসঙ্গিক বলিয়া ব্যক্ত হইয়াছে।

১। ইস্যুঘটিত সকল বৃত্তান্ত।

২। প্রতিপোষক যে সকল বৃত্তান্ত

(ক) একি ব্যাপারের অঙ্গস্বরূপ হয়, বা

(খ) ইস্যুঘটিত বৃত্তান্তের স্পষ্ট নিমিত্ত বা হেতু বা ফলস্বরূপ হয়, বা

(গ) ইস্যুঘটিত বৃত্তান্ত দ্বারা যে প্রবর্ত্তক কারণ কি উদ্যোগ কি আচার রূপান্তর হয় সেই কারণাদি দর্শায়, বা

(ঘ) প্রাসঙ্গিক বৃত্তান্ত উপস্থিত কি ব্যাখ্যা করণাভিপ্রায়ে জ্ঞাত হওয়া আবশ্যক হয়, কিম্বা

(চ) সাধারণ উদ্দেশ্য সফল করণাভিপ্রায়ে সহযোগদ্বারা করা যায় বা কথিত হয়, বা

(ছ) ইস্যুঘটিত কোন বৃত্তান্তের অসঙ্গত হয়, অথবা অন্য পক্ষের যে অনুভব সপ্রমাণ করা উচিত তাহার অভাবে অসঙ্গত হয়, কিম্বা ইস্যুঘটিত বৃত্তান্তের থাকা কি না থাকা যুক্তিমত নিশ্চয় করে। (এই স্থলে যুক্তিমত নিশ্চয় শব্দের পূর্ব্বোক্ত অর্থ ধরিতে হইবে।) বা

(জ) হানিপূরণের দাওয়া হইলে ঐ হানি ন্যূন বা বৃদ্ধি করে, বা

(ঝ) বিবাদীয় স্বত্বের কি আচারের আদি বা সত্তা প্রকাশ করে। বা

(ট) মনের ও শরীরের প্রাসঙ্গিক ভাব দর্শায়, বা

(ঠ) প্রাসঙ্গিক বৃত্তান্ত যে বৃত্তান্তশ্রেণীর অঙ্গস্বরূপ হয় এমত বৃত্তান্তশ্রেণীর সত্তা দর্শায়। অথবা

(ড) স্থলবিশেষে কার্য্য করিবার নির্দ্দিষ্ট ধারা প্রকাশ করে।

ইঙ্গলণ্ডীয় আইনে বিধির বর্জনীয় কথা বলিয়া যেং কথা ব্যক্ত হইয়াছে, এই অধ্যায়ের অবশিষ্টাংশে তাহা স্পষ্ট বিধিস্বরূপ ব্যক্ত করা গেল। শ্রুত বলিয়া যেং বিষয় নির্দ্দিষ্ট হইয়াছে তাহা ইহার মধ্যে ধরা যায় নাই। ঐ অংশে এইং বিষয়ের উল্লেখ হইল।

পূর্ব্ব কোন সময়ে উভয় পক্ষের যদ্রূপে আচার হইত।

পূর্ব্ব কোন সময়ে উভয় পক্ষ যাহা কহিল।

পূর্ব্বে যে নিষ্পত্তি হয়।

তৃতীয় ব্যক্তিদের উক্তি।

তৃতীয় ব্যক্তিদের অভিমত।

১। পূর্ব্ব কোন সময়ে উভয় পক্ষের ব্যক্তিরা যদ্রূপে আচার করিত এই বিষয়ের তিন ধারা প্রণয়ন করিয়া, ইঙ্গলণ্ডীয় আইনে চরিত্রবিষয়ক প্রমাণের যে কথা আছে তাহা কিঞ্চিৎ মতান্তরপূর্ব্বক ঐ তিন ধারায় ভুক্ত করিলাম। চরিত্র শব্দের মধ্যে ব্যক্তির খ্যাতি ও স্বভাব ধরিলাম। এবং অভিযুক্ত ব্যক্তির যে অপরাধ পূর্ব্বে নির্ণয় হয় ঐ ব্যক্তির বিপক্ষে সেই নির্ণয় হওয়ার সাক্ষ্যও দিবার অনুমতি দিলাম। সেই সাক্ষ্য সত্য হইলে তদ্বিপক্ষে উপস্থিত না করিবার কোন কারণ দেখিতে পাই না।

২। পূর্ব্ব কোন সময়ে উভয় পক্ষ যাহা কহিয়াছে, এই কথা ব্যক্ত করণসময়ে আমরা অপরাধ স্বীকার বাক্য ধরিয়াছি। এই বিষয়ে প্রচলিত আইনের গুরুতর পরিবর্ত্তন করি নাই।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে পোলীসের কর্ম্মকারকদের নিকট অপরাধ স্বীকার করণ-বিষয়ক যে বিধি আছে তাহা উঠাইয়া এই আইনে গ্রহণ করি নাই কেননা আমারদের বিবেচনায় ঐ কথা প্রমাণের মূল বিধির মধ্যে আইসে না, তাহা পোলীসের শাসনসম্পর্কীয় বিষয়।

৩। উভয় পক্ষের পূর্ব্ব উক্তির পরে স্বভাবতঃ পূর্ব্বনির্ণয়ের কথা বিবেচ্য। এই স্থলে বিচারিত বিষয়ের কথা ধরিয়াছি।

যে উভয় পক্ষের মধ্যে মোকদ্দমা হয় পূর্ব্বনির্ণয়ের দ্বারা তাঁহারদেরই মোকদ্দমা নিবারণ হয় বলিয়া যে প্রশ্ন উত্থাপন হইতে পারে তাহা ধরি নাই। কেননা তাহা সাক্ষ্যঘটিত বিষয় নয়, কার্য্যের প্রণালীসম্পর্কীয় বিষয়। দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীর আইন পুনঃপ্রকাশ করা গেলে সেই কথা ধরা যাইতে পারিবে। কিন্তু ভিন্ন দুই পক্ষের মধ্যে মোকদ্দমা হইয়া যে নির্ণয় হয় তাহার পরস্পর প্রাসঙ্গিকতার কথা লইয়া আমরা ইঙ্গলণ্ডীয় আইনের মূল নিয়মানুযায়ি বিধি করিলাম। যে মোকদ্দমায় কানাইলাল বাদী ও রাধাচরণ প্রতিবাদী, সদরলণ্ড সাহেবের পুস্তকের ৭ম খণ্ডের ৩৩৯ পৃষ্ঠায় প্রকাশিত সেই মোকদ্দমায় শ্রীযুত সর বার্ণস পীকক সাহেব ব্যবস্থার যে ব্যাখ্যা করিলেন আমরা উক্ত বিধি সহজ করিবার অভিপ্রায়ে এবং বিবাদীয় বিষয়ের উপর নির্ণয় নির্দ্দিষ্ট করা কিম্বা তাহার সংখ্যা নিরূপণ করা যে কঠিন কার্য্য তাহাহইতে নিষ্কৃতি পাইবার উদ্দেশে সেই ব্যাখ্যা গ্রহণ করিলাম।

৪। তৃতীয় ব্যক্তির উক্তি। এতদ্বিষয়ে প্রচলিত আইনের যে বিধি আছে আমরা তাহার এক স্থলের গুরুতর পরিবর্ত্তন করিয়া এই বিধি করিলাম। তৃতীয় ব্যক্তিরা প্রাসঙ্গিক বৃত্তান্তের যে উক্তি করে যদি আচরণদ্বারা সেই উক্তির সত্যতার প্রমাণ হয় কিম্বা স্বতন্ত্র অন্য যে বৃত্তান্তের প্রমাণ করা গেল ঐ উক্তি যদি তৎসম্পর্কীয় হয়, এবং যে ব্যক্তি সেই উক্তি করে আদালতের বিবেচনায় যদি তাহার সেই কথা সুবিদিত হইবার সবিশেষ উপায় থাকে, তবে সেই উক্তি গ্রাহ্য হইতে পারিবে। ইহার অনেক উদাহরণও দিলাম। তন্মধ্যে পিট টেলর সাহেবের প্রস্তাবিত উদাহরণ অতিগুরুতর। কোন কাপ্তান সাহেব ভিন্নদেশে যাইতে উদ্যত হইয়া তন্নিরূপে জাহাজ পর্য্যবেক্ষণ করিয়া সাগরে যাইবার উপযুক্ত জ্ঞান করিলেন এবং বিমা না লইয়া আপন পরিবার ও সম্পত্তি সহিত জাহাজে উঠিয়া গেলেন। এই প্রকারের কথা যে অসত্য ইহা অসম্ভব। অতএব তাদৃশ উক্তিরূপ সাক্ষ্য এই ধারামতে গ্রাহ্য হইবে। যে ব্যক্তি সেই উক্তি করিলেন তিনি জীবৎ থাকিলে বা মৃত হইলেও এবং তাঁহাকে উপস্থিত করা যাইতে পারিলে বা না পারিলেও তাঁহার উক্তি গ্রাহ্য হইবে। ইঙ্গলণ্ডীয় বিধিমতে আচরণের হেতুবাদস্বরূপ সাক্ষ্য গ্রাহ্য হইতে পারে, অতএব উক্ত প্রকারের কএক উক্তিও গ্রাহ্য হওয়ার সম্ভাবনা। কিন্তু যে আচরণের হেতুবাদ করা যায় তাহা প্রাসঙ্গিক হওয়া আবশ্যক। এবং ইঙ্গলণ্ডীয় ব্যবস্থায় প্রাসঙ্গিকতার কোন স্পষ্ট অর্থ নির্ণয় করা যায় নাই অতএব এই বিধি কত দূর খাটিতে পারে তাহা কহা কঠিন।

কোন ব্যক্তি মরিলে, কিম্বা তাঁহার উদ্দেশ পাওয়া না গেলে, কিম্বা অযুক্তিমতে বিলম্ব বা অর্থব্যয় না করিয়া তাহাকে উপস্থিত করা যাইতে না পারিলে, তাহার উক্তি গ্রাহ্য করা অন্যতর বর্জ্জনীয় স্থলের কথা। পরন্তু যদি সেই উক্তি ঐ ব্যক্তির মরণের হেতু বিষয়ক উক্তি হয়, কিম্বা কার্য্যের সাধারণ ধারাক্রমে কহা যায়, কিম্বা যদি সেই উক্তিতে সাধারণের স্বত্ব থাকার বিষয়ে অভিমত প্রকাশ হয়, কিম্বা যে কুটুম্বিতাবিষয়ে বক্তার জানিবার সবিশেষ উপায় থাকে যদি সেই উক্তিতে সেই কুটুম্বিতার কথা প্রকাশ হয়, কিম্বা যদি বংশাবলিপত্রে কি আগমপত্রে কিম্বা দলীলপ্রভৃতিতে সেই উক্তি থাকে, তবে তাহা প্রাসঙ্গিক উক্তি বলিয়া প্রকাশ করিয়াছি। মুমূর্ষ বাক্য এবং কুটুম্বিতাবিষয়ক উক্তি গ্রাহ্য হওন বিষয়ে এবং ঐ উক্তিরূপ যে সাক্ষ্য বেন্টম সাহেবের কথানুসারে অনুপায় স্থলের সাক্ষ্যমাত্র বলা যায় তাহার গ্রহণীয়তার প্রতি তাদৃশ লক্ষ না করিয়া বরং গুরুত্বের প্রতি লক্ষ করা উচিত প্রযুক্ত ঐ উক্তি বক্তার ধনসংক্রান্ত স্বার্থের বিপক্ষ হওয়া আবশ্যক ইঙ্গলণ্ডীয় ব্যবস্থার সঙ্কোচার্থক এই কএক বিধি ত্যাগ করিয়াছি।

রাজকীয় কিম্বা ব্যবসায়াদির কার্য্যসংক্রান্ত যে বহী থাকে, তল্লিখিত উক্তি ও স্থলবিশেষে আদালতের ভূতপূর্ব্ব আনুষ্ঠানিক কার্য্যে যে সাক্ষ্য দেওয়া যায় তাহাও গ্রাহ্য করিবার বিধান করিয়াছি।

৫। তৃতীয় ব্যক্তির অভিমত যে স্থলে প্রাসঙ্গিক হয়, ৪৪ অবধি ৫০ অর্য্যন্ত সমস্ত ধারায় তাহার বিধান আছে।

তন্মধ্যে প্রবীণ ব্যক্তিদের অভিমত ও হাতের লেখা বিষয়ক অভিমত ও আচার বিষয়ক অভিমত ও কুটুম্বিতা বিষয়ক অভিমত ও সেই২ অভিমতের হেতু প্রাসঙ্গিক বলিয়া প্রকাশ হইয়াছে।

পাণ্ডুলিপির যে অংশে বৃত্তান্তের প্রাসঙ্গিকতার উল্লেখ হইয়াছে, তাহা এই স্থলে শেষ করা গেল। সংক্ষেপরূপে লিখিবার অভিপ্রায়ে ক্ষুদ্রতর অন্যান্য বিষয় এই স্থানে উল্লেখ করা গেল না, তৎসমেত পূর্ব্বোক্ত কথাক্রমে ইঙ্গলণ্ডীয় আইন মতান্তর করা গেল। পরন্তু ইস্যুঘটিত বৃত্তান্তভিন্ন অন্য বিষয়ের সাক্ষ্য লইতে হইবে না ও সর্ব্বাপেক্ষা উত্তম সাক্ষ্য লওয়া যাইবে ও শ্রুতবাক্য সাক্ষ্য নয়, এই২ বিধি ও বিধির বর্জ্জনীয় কথা ইঙ্গলণ্ডীয় ব্যবস্থার যে অংশে থাকে, বোধ হয় এই অধ্যায়ে তাহার সারাংশের উল্লেখ হইয়াছে। পরন্তু সেই বিধির মধ্যে আর২ বিষয় ধরা গিয়াছে তাহা অন্য স্থলে উল্লেখ করিলাম।

৩ অধ্যায়।—প্রমাণের কথা।

কি প্রকারের বৃত্তান্ত প্রাসঙ্গিক তাহা দ্বিতীয় অধ্যায়ে নির্দ্ধার্য্য করা গেল। প্রাসঙ্গিক বৃত্তান্তের প্রমাণ কি রূপে লইতে হইবে তাহা এই অধ্যায়ে লেখা যাইতেছে।

প্রথম। যে বৃত্তান্তের প্রমাণ করিতে হইবে তাহা অতি প্রসিদ্ধ হওয়াতে আদালত বিচারকালে তাহা সিদ্ধ বলিয়া জ্ঞান করিতে পারিবেন অথবা উভয়পক্ষ তাহা স্বীকার করিতে পারিবেন। এমনস্থলে তাহার প্রমাণ দিবার আবশ্যক নাই। আদালত যে২ বিষয় সিদ্ধ বলিয়া গ্রাহ্য করিবেন তৃতীয় পরিচ্ছেদে তাহা নির্ণয় করা গেল। তাহার একাংশ ১৮৫৫ সালের ২ আইনহইতে, অন্যাংশ কমিশ্যনরদের এই আইনের পাণ্ডুলিপি হইতে ও অপরাংশ ইঙ্গলণ্ডীয় ব্যবস্থাহইতে গৃহীত হইল।

কোন বৃত্তান্তের সাক্ষ্য দিতে হইলে, সেই সাক্ষ্য বাচনিক বা লিখিত বা দ্রব্যাত্মক হইবে। পশ্চাৎলিখিত পরিচ্ছেদে সেই তিন প্রকারের সাক্ষ্যের বিশেষ গুণের কথা উল্লেখ করা গেল। কিন্তু ঐ সকল প্রকারের সাক্ষ্যের প্রতি যে এক কথা বর্ত্তে তাহা চতুর্থ অধ্যায়ে উল্লেখ করা গেল। সেই কথা এই। মুখ্য ও গৌণ সাক্ষ্যের বিশেষ। সাক্ষ্য শব্দের বিবিধ অর্থ করা যাইতে পারে ইহা পূর্ব্বে লেখা গেল। দলীল পাঠ করাই তাহার মর্ম্ম জানিবার উৎকৃষ্ট উপায়, এই স্পষ্ট নিয়ম স্বীকার করিবার বিধি ব্যবস্থাসিদ্ধ জ্ঞান করিয়া উক্ত দুই প্রকারের সাক্ষ্য নির্ণয় করিয়া মুখ্য ও গৌণ সাক্ষ্যের এই অর্থ করিলাম। দলীল কিম্বা অন্য দ্রব্যাত্মক সাক্ষ্য হইলে সেই দলীল বা দ্রব্যই মুখ্য সাক্ষ্য। তাহার প্রতিলিপি বা আদর্শ কি বাচনিক বর্ণনা গৌণ সাক্ষ্য। অন্য স্থলে বাচনিক সাক্ষ্য মুখ্য।

৫, ৬, ৭, ও ৮ পরিচ্ছেদে বাচনিক ও লিখিত ও দ্রব্যাত্মক এই তিন প্রকারের সাক্ষ্য দ্বারা প্রমাণ লইবার বিধি লিখিলাম। বাচনিক সাক্ষ্য বিষয়ের এই বিধি করা গেল, সেই সাক্ষ্য মুখ্য কিম্বা গৌণ হউক ও যে বৃত্তান্তের প্রমাণ করিতে হইবে তাহা ইস্যুঘটিত কিম্বা প্রতিপোষক বৃত্তান্ত হউক, তাহা প্রত্যক্ষ হওয়া আবশ্যক অর্থাৎ যে বৃত্তান্তের প্রমাণ করিতে হইবে তাহা যদি চাক্ষুস দেখা যাইতে পারে তবে যে ব্যক্তি স্বচক্ষে দেখিয়াছে তাহারই দ্বারা তাহার প্রমাণ করিতে হইবে, যদি শুণা যাইতে পারে, তবে যে শুনিয়াছে তাহারই প্রমাণ দিতে হইবে। অন্য ইন্দ্রীয় দ্বারা গ্রাহ্য বিষয়েরও তাদৃশ প্রমাণ প্রয়োজন। আরও যে ব্যক্তি জীবিত আছে ও যাহাকে উপস্থিত করা যাইতে পারে যদি এমত ব্যক্তির অভিমত কিম্বা সেই অভিমতের হেতু প্রমাণ করা কর্ত্তব্য হয়, তবে যে ব্যক্তির সেই হেতুমূলক সেই অভিমত হয় তাঁহার দ্বারা তাহার প্রমাণ করা আবশ্যক।

পরন্তু যদি প্রবীণ ব্যক্তির অভিমত প্রমাণ করা আবশ্যক ও তাঁহাকে আহ্বান করা যাইতে না পারে (ফলতঃ এতদ্দেশে অধিকাংশ স্থলে প্রবীণ ব্যক্তিকে আহ্বান করা অসম্ভব) ও যদি তাঁহার সেই অভিমত কোন প্রকাশিত পুস্তকাদিতে ব্যক্ত থাকে, তবে সেই পুস্তকাদি উপস্থিত করণ দ্বারা ঐ বৃত্তান্তের প্রমাণ করা যাইতে পারে।

দ্বিতীয় অধ্যায়ের উল্লিখিত প্রাসঙ্গিকতার বিধানের সহিত এই অধ্যায়ের বিধান একত্র ধরিলে বোধ হয় শ্রুতবাক্য বিষয়ক সমস্ত কথা সুস্পষ্ট হইবে। ঐ বিধিদ্বয়ের ফল এই।

১। তৃতীয় ব্যক্তিদের কথা ও কর্ম্ম সাধারণ্যে অপ্রাসঙ্গিক অতএব তাহার কোন প্রমাণ গ্রাহ্য নয়।

২। বর্জ্জিত কোন২ স্থলে প্রাসঙ্গিক হইতে পারে।

৩। কৃত যে ক্রিয়া ও ব্যক্ত যে কথা যে কারণেই প্রাসঙ্গিক হয়, বাচনিক সাক্ষ্য দ্বারা তাহার প্রমাণ করা গেলে যে ব্যক্তি স্বচক্ষে দেখিয়াছে কিম্বা স্বকর্ণে শুনিয়াছে তাঁহারই ঐ সাক্ষ্য লওয়া যাইবে।

লিখিত সাক্ষ্যদ্বারা যে বৃত্তান্তের প্রমাণ করিতে হইবে তদ্বিষয়ক অধ্যায়সম্পর্কে, এবং যে স্থলে গৌণ সাক্ষ্য লওয়া যায় তৎসম্পর্কে আমরা কিয়দংশ পরিবর্ত্তনপূর্ব্বক প্রায় প্রচলিত আইনমত বিধি করিলাম। এই পাণ্ডুলিপির মধ্যে যে কএকটি অনুমানের স্থল উল্লেখ করা বিহিত বোধ করিলাম তাহার প্রায় সমুদয় সপ্তম পরিচ্ছেদে লিখিয়াছি। সর্টিফিকটযুক্ত প্রতিলিপির ও গেজেটের ও অমুক স্থানে প্রকাশিত হইল বলিয়া কোন পুস্তকের ও জোবানবন্দীর নকলপ্রভৃতির যথার্থতার উক্ত প্রকারের অনুমান প্রায় প্রত্যেক স্থলে সত্য হইবে।

অষ্টম পরিচ্ছেদে দ্রব্যাত্মক সাক্ষ্য বিষয়ের কএক বিধান উল্লিখিত হইয়াছে। যদ্যপি ইঙ্গলণ্ডীয় ব্যবস্থা গ্রন্থে তদ্বিষয়ের কোন স্পষ্ট বিধান না থাকে এবং অস্মদাদির জ্ঞানমতে আদালতের কতিপয়মাত্র নিষ্পত্তি আছে তথাপি ইঙ্গলণ্ডে তদ্বিষয়ের যে রীতি প্রচলিত আছে এই পরিচ্ছেদে তাহা ও আমারদের বিবেচনায় ইঙ্গলণ্ডীয় ব্যবস্থাও লেখা গেল।

চুক্তিপ্রভৃতি লিপিবদ্ধ করা গেলে তাহার বাচনিক সাক্ষ্য অগ্রাহ্য করিবার বিষয়ে আমরা নবম অধ্যায়ে কেবল ইঙ্গলণ্ডীয় ব্যবস্থার ও কমিশ্যনরদের পাণ্ডুলিপির কথা উল্লেখ করিয়াছি।

৪ অধ্যায়।—প্রমাণ উপস্থিত করিবার কথা।

বৃত্তান্তের প্রমাণবিষয়ক কথা সমাপ্ত হওয়াতে সেই প্রমাণ কিরূপে উপস্থিত করিতে হইবে এই কথা লিখিতব্য। তাহার চারি পরিচ্ছেদ।

প্রমাণ করিবার ভারের কথা ... (১০ পরিচ্ছেদ।)
সাক্ষিদের কথা ... (১১ পরিচ্ছেদ।)
শপথ করাইবার কথা ... (১২ পরিচ্ছেদ।)
সাক্ষি পরীক্ষার কথা ... (১৩ পরিচ্ছেদ।)

প্রমাণ করিবার ভার কাহার প্রতি বর্ত্তে এই বিষয়ে আমরা এই প্রশস্ত বিধি করিলাম, সাক্ষ্য না থাকিলে যে ব্যক্তি পরাস্ত হইবে প্রমাণ করিবার সাধারণ ভার তাঁহার প্রতি বর্ত্তে। কোন ব্যক্তি বিশেষ বৃত্তান্ত ব্যক্ত করিলে সেই বৃত্তান্তের প্রমাণ করিবার ভার তাহার প্রতি বর্ত্তে। ইহাই সুপ্রসিদ্ধ ইঙ্গলণ্ডীয় বিধি। ও আমারদের বিবেচনায় যুক্তিসিদ্ধ। অনুমানাবলি দিলে বিচারপতিদের বিবেচনাশক্তি এক প্রকারে সঙ্কুচিত হইবে ভারতবর্ষীয় ব্যবস্থাপক কমিশ্যনরদের এই মতে সম্মত হইয়া আমরা নিউ ইয়ার্কের ব্যবস্থাগ্রন্থানুসারে সেই অনুমান স্থলের দীর্ঘ আবলি দি নাই। কিন্তু স্থলবিশেষে বিশেষ বিধি না থাকিলে বিচারপতি উৎকণ্ঠিত হইতে পারেন বলিয়া আমরা এই আইনের দুই এক স্থলে অনুমানের কথা লিখিয়াছি। যথা সাত বৎসর অনুদ্দেশ্য হওয়াতে মৃত্যুর অনুমান ও অংশিস্বরূপ কার্য্যকরণপ্রযুক্ত অংশিত্বের অনুমান।

সাধারণ দুর্যোগে অনেক ব্যক্তির মৃত্যু হইলে যদ্রূপ অনুমান হইতে পারে এই বিষয়ে অনেক দেশের আইনে অত্যন্ত আয়াসযুক্ত ও আমারদের বিবেচনামতে স্বেচ্ছাচারক্রমে অনেক বিধান আছে। আমরা একটি উদাহরণ দিয়া তাহার নিষ্পত্তি করিলাম, ফলতঃ প্রমাণের ভার কাহার প্রতি থাকে এই বিষয়ের উদাহরণ-স্থলস্বরূপ ঐ কথা ধরিয়াছি। যথা আনন্দ বলরামের পূর্ব্বে মরিল এই কথা যে ব্যক্তি কহেন তিনিই সাধ্যবান। ইঙ্গলণ্ডীয় আদালতেও এই নিয়ম প্রচলিত আছে।

বিবাহ ও সংসর্গ হইলে সন্তান অবশ্য ঔরসজ্ঞান হইবে এই বিষয়ে আমরা ইঙ্গলণ্ডীয় আইনমত ব্যবস্থা করিলাম। এবং প্রতিবন্ধকতা বিষয়ে ইঙ্গলণ্ডীয় আইনের দুই এক বিধি গ্রহণ করিয়াছি,

মফঃসল আদালতে ও দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে সাক্ষিপরীক্ষা করিবার যে রীতি প্রচলিত আছে তাহা অগত্যা অতি আলগা ও নানা প্রকারের ঘটনাদ্বারা তাহার ভিন্নং রীতি চলিয়া আসিতেছে অতএব সেই বিষয়ে প্রায় হস্তক্ষেপ করি নাই। কিন্তু ইঙ্গলণ্ডীয় আইনেতে সাক্ষিদের পরীক্ষা ও কূট পরীক্ষা বিষয়ে যেং বিধি আছে তাহা প্রসঙ্গ স্বরূপ উল্লেখ করিয়াছি।

আরো সাক্ষ্য গ্রাহ্য কি অগ্রাহ্য করণের ভার বিচারপতির নিজ বিবেচনাধীন করণের বিধি ব্যবস্থায় ব্যক্ত থাকিলেও ইঙ্গলণ্ডে তদনুসারে প্রায় কার্য্য হয় না, কিন্তু এই দেশের বিশেষ অবস্থা বিবেচনা করিয়া কতক দূরপর্য্যন্ত সেই বিধি সফল করিবার অনুমতি প্রদান করা আবশ্যক জ্ঞান করিলাম। তৎক্রমে তিনি মোকদ্দমার বিচারকার্য্য চলনের কোন সময়ে প্রাসঙ্গিক কি অপ্রাসঙ্গিক কোন বৃত্তান্ত বিষয়ে প্রশ্ন করিতে স্পষ্ট ক্ষমতা পাইলেন। এবং ফৌজদারী মোকদ্দমায় উভয় পক্ষ যে সাক্ষ্য দেন তিনি তাহা গ্রাহ্য করিয়া তদনুসারে নিষ্পত্তি করিবেন মাত্র নয়, কিন্তু সাধারণের স্বার্থ পক্ষে বিহিত বোধ করিলে, তাঁহার সম্মুখে উপস্থিত বিষয়ের অন্ত পর্য্যন্ত সত্যতার তদন্ত লইবেন ইহা তাঁহার অতি কর্ত্তব্য বলিয়া স্পষ্ট ব্যক্ত করিলাম। বিচারপতিদের ও তাঁহারদের সম্মুখস্থ ব্যবহারাজীবদের কর্ত্তব্য কর্ম্ম ও অবস্থা সরল ও স্পষ্টরূপে নির্ণয় করা এই বিধানের উদ্দেশ্য। ইঙ্গলণ্ডীয় যে নিয়মমতে বিচারপতি ও ব্যবহারাজীবগণ সহযোগী হইয়া স্বাধীনভাবে আপনং কর্ত্তব্য কর্ম্ম করেন, তদ্দ্বারাও সেই নিয়ম তাঁহারদের বৃত্তিঘটিত যে ধারামূলক হয় তজ্জন্যে অনেক লাভ, ইহার সন্দেহ নাই। কিন্তু এতদ্দেশে সেই নিয়ম নাই ও অনেক কাল গত না হইলে ঐ নিয়ম প্রচলিত হইতেও পারিবে না। মফঃসল দেশে সাধারণ্যে অধিকাংশ মোকদ্দমা কৌনসেলের সহায়তাভিন্ন প্রচলিত হইয়া থাকে। কৌনসেল নিযুক্ত হইলেও তাঁহারদিগকে অতি দূর স্থানহইতে আনাইতে হয় এবং ইঙ্গলণ্ডীয় জজেরা আপনং বৃত্তিঘটিত যদ্রূপ শিক্ষা পাইয়াছেন, তদ্রূপ শিক্ষিত জজদের সম্মুখে তাঁহারা উপস্থিত হন না। সুতরাং যে উকীলেরা তাঁহারদের অপেক্ষা পারিভাষিক উত্তম জ্ঞান প্রাপ্ত হইয়াছেন, এবং ইঙ্গলণ্ডে আপীল করিবার যে নিয়ম নাই এতদ্দেশে আপীল করিবার এমত অতি জটিল নিয়মের প্রচলন হওয়াতে বিচারাধিপতিদের উপর যে উকীলদের ক্ষমতা থাকে তাঁহারদের নিকট ঐ কৌনসেলী সাহেবদের অপ্রতিভ হইবার সম্ভাবনা। এই কারণে বিচারপতিদের হস্তবল বৃদ্ধি করণপূর্ব্বক তাহারদের প্রতি সাধারণের স্বার্থের প্রতিনিধিস্বরূপ সফলরূপে ও ত্বরায় কার্য্য করিবার ক্ষমতা প্রদান করা আবশ্যক জ্ঞান করিলাম।

কূটপরীক্ষা করিবার ক্ষমতাক্রমে অন্যায়াচার না হয় এই নিমিত্তে এই স্থলে কএক বিধান করা গেল। ন্যায়বিচার হইবার নিমিত্ত উক্ত ক্ষমতা থাকা আবশ্যক জ্ঞান করিলাম। তথাপি সেই বিষয়ে অনেক প্রকারে অন্যায়াচারও হইতে পারে। ইঙ্গলণ্ডে বহুকালীন কার্য্যানুশীলনক্রমে সেই ক্ষমতা থাকার প্রয়োজনের ও তদ্দ্বারা অন্যায়াচারের সম্ভাবনার প্রমাণ হইল। কিন্তু এই দেশে নানা প্রকারের মোকদ্দমা, বিশেষতঃ ফৌজদারী মোকদ্দমা দ্বেষ প্রকাশের যন্ত্রস্বরূপ। অতএব কুটিলভাব সপ্রকাশ করিবার উপায় করা ও তৎপ্রকাশের ক্ষমতা দ্বেষভাব সাধন করিবার যন্ত্রস্বরূপ ব্যবহার করিতে নিবৃত্তি করা যদিও ইঙ্গলণ্ড দেশে আবশ্যক, তবে এতদ্দেশে আরো আবশ্যক। অতএব এইং বিধি করিলাম।

মোকদ্দমার প্রাসঙ্গিক কিম্বা অপ্রাসঙ্গিক বিষয়ের সহিত উক্ত প্রশ্নের সম্পর্ক থাকিতে পারে। যদি মোকদ্দমার প্রাসঙ্গিক বিষয় হয়, তবে আমারদের বিবেচনায় সাক্ষির স্থানে বলক্রমে উত্তর লওয়া উচিত। কিন্তু তাহার সেই উত্তর তাহার বিপক্ষার্থে প্রয়োগ করিতে হইবে না।

যদি মোকদ্দমার অপ্রাসঙ্গিক বিষয়ের প্রশ্ন হয়, তবে বোধ হয় সাক্ষির স্থানে বলপূর্ব্বক উত্তর লওয়া উচিত নয়, কিন্তু তাহার বিশ্বাসযোগ্যতা নিরূপণ করিবার উদ্দেশে উত্তর লওয়া যাইতে পারে। অধিকাংশ মোকদ্দমায় উত্তর দিতে অস্বীকার করিলে বিশ্বাসযোগ্যতার ব্যাঘাত হইতে পারে ও সেই প্রশ্ন দ্বারা যে দোষের অনুভব হয়, সাক্ষির উত্তর না দেওয়াই সেই দোষের সত্যতার স্পষ্ট স্বীকারস্বরূপ হইতে পারে।

সাক্ষিরদের নিকট উক্ত প্রকারের অনাবশ্যক প্রশ্ন না হয় এই নিমিত্তে এই বিধান করা গেল। কোন উকীল লিখিত আদেশ না পাইয়া সেই প্রশ্ন করিলে আদালতের অবজ্ঞা করণাপরাধী হইবে। আদালত তাঁহাকে সেই আদেশপত্র দেখাইবার আজ্ঞা দিতে পারিবেন, দেখাইলে তাহা নিকট রাখিতে পারিবেন। এবং আনুষ্ঠানিক কার্য্যের এক পক্ষ সেই প্রশ্ন করিলে আদালত তাহা লিপিবদ্ধ করিতে পারিবেন। ঐ প্রশ্নের কিম্বা লিখিত আদেশের লিপিবদ্ধ পত্র যে ব্যক্তিসম্পর্কীয় হয় তাহার সুখ্যাতির বিলোপ করিবার কল্পনায় দোষারোপ প্রকাশ হওয়ার সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য হইতে পারিবে। ও সেই অপবাদ পত্রদ্বারা করা গেল কেবল ইহা বলিয়া তাহা গোপনীয় কথাস্বরূপ জ্ঞান হইবে না এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৯৯ ধারার কোন বর্জিত কথার মধ্যেও ধরা যাইবে না। অপবাদের বিচার হইলে, যথার্থ দোষারোপ হইল, ও সাধারণের হিতার্থে সেই দোষারোপ করা উচিত (ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৪৯ ধারার ১ উদাহরণ) কিম্বা যে ব্যক্তি ঐ দোষারোপ করিল তাহার নিজের কিম্বা অন্য ব্যক্তির স্বার্থরক্ষার জন্যে সরলভাবে ঐ দোষারোপ করা গেল, (৯ উদাহরণ) অভিযুক্ত ব্যক্তি ইহা দর্শাইতে পারিবেন। সরলভাবে প্রশ্নকারকের এবং নিরপরাধি সাক্ষির স্বার্থ এককালে রক্ষা করিবার এইমাত্র উপায় আমারদের হৃদয়ঙ্গম হইল।

সেই ভাবেও সাধারণ কথা প্রয়োগ করিয়া আদালতের প্রতি এইং ক্ষমতা প্রদান করিলাম। ইস্যুঘটিত যে বৃত্তান্ত পূর্ব্বে নির্ণয় করা গেল তদ্রূপ বৃত্তান্তসম্পর্কীয় প্রশ্ন না হইলে কিম্বা ইস্যুঘটিত বৃত্তান্ত সত্য কি না ইহা নির্ণয় করণার্থে যে বিষয় জ্ঞাত হওয়া নিতান্ত আবশ্যক এমত বিষয়ের প্রশ্ন না হইলে, আদালত অশ্লীল ও অপবাদ-সূচক প্রশ্ন ও অপমান কিম্বা বৈরক্তি জন্মাইবার কল্পনায় কোন প্রশ্ন করিতে দিবেন না।

কোন ব্যক্তিরা যে ব্যবস্থার অধীন হন সেই ব্যবস্থা নিষিদ্ধমতে স্ত্রী সংসর্গ হইয়াছে কি না বিবাহিত ব্যক্তিদের নিকট ইহার তুল্য ভাবাপন্ন প্রশ্ন করিবার এবং খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বি দম্পতির মধ্যে শারীরিক অক্ষমতা-হেতুক বিবাহ নিরাকরণ করিবার ডিক্রীর নিমিত্ত যে মোকদ্দমা হয় তদ্ভিন্ন কোন মোকদ্দমায় স্ত্রীর ও স্বামির সংসর্গ করণ বিষয়ক প্রশ্ন করিবার নিষেধসূচক কএক ধারা কমিশ্যনরদের দ্বারা প্রণীত হইয়াছিল। আমরা সেই বিধি ভয়াবহ জ্ঞান করিয়া পূর্ব্বোক্ত সাধারণ ক্ষমতা শ্রেয় বোধ করিলাম। কারণ বিবাহিত কোন পুরুষ বা স্ত্রী আপনার ভার্য্যা কি স্বামিভিন্ন অন্য ব্যক্তির সহবাস করিতেছে অনেক স্থলে ইহার প্রমাণ করা অত্যন্ত গুরুতর বিষয় হইতে পারে। যথা কোন স্ত্রী আপন দাসীর নামে অপবাদ দেয় ফলতঃ ঐ দাসী অপর পুরুষের সহিত কর্ত্রীর কামচরিত্র দেখিয়াছে এই প্রযুক্ত কর্ত্রী দ্বেষভাবে সেই অপবাদ দেয়। অথবা বিবাহিত পুরুষ কোন অপরাধ হওন সময়ে আপনার উপপত্নী স্থানান্তরে ছিল বলিয় প্রমাণ দিতে আইসে। কোন স্ত্রী খত দেখাইয়া বিবাহিত পুরুষের নামে নালিশ করে, তাহাতে পুরুষ বলে যে অভিগমনহেতুক ঐ খতের টাকা দেনা হইল। ইত্যাদি প্রকারের অনেক স্থলে আমারদের বিবেচনামতে পূর্ব্বোক্ত প্রকারের সাক্ষ্য গ্রাহ্য করা নিতান্ত আবশ্যক। স্ত্রী পুরুষের সংসর্গ বিষয়ের প্রশ্ন ঘটিত কোন স্পষ্ট বিধি করিলে কোনং স্থলে কষ্ট হইতে পারে এই কারণে আমরা সাধারণ ভাবের কথা প্রয়োগ করিয়া অশ্লীল ও অপবাদজনক প্রশ্নের নিষেধ করা বিহিত বোধ করিলাম।

১৫ পরিচ্ছেদে সাক্ষ্য অনুপযুক্তমতে গ্রাহ্য কি অগ্রাহ্য করিবার কথার উল্লেখ করিলাম।

তাহার মর্ম্ম এই। নিয়মিতরূপে আপীল হইলে কি প্রকারের সাক্ষ্য মান্য বলিয়া গ্রাহ্য হইবে তাহা প্রত্যেক আদালত আপনি নির্ণয় করিবেন। খাস আপীলের বিষয়ে এই বিধান করিলাম, সাক্ষ্য অনুপ-যুক্তমতে গ্রাহ্য হইয়াছে এই কথা কহা গেলে নিম্নতর আপীল আদালতে সেই আপত্তি করিতে হইবে। ও সেই আপত্তিযুক্ত সাক্ষ্য গ্রাহ্য না করিলে ঐ আদালতের কীদৃক নিষ্পত্তি হয়, ঐ আদালতের প্রতি এই কথা জানাইবার আদেশ হইতে পারিবে। সাক্ষ্য অনুপযুক্তমতে অগ্রাহ্য হইলে হাই কোর্টের প্রতি বৃত্তান্তের তদন্ত লইয়া শেষ নিষ্পত্তি করিবার কিম্বা মোকদ্দমা নিম্নতর আদালতে ফিরিয়া পাঠাইবার অনুমতি দেওয়া গেল।

নানা স্থানীয় গবর্ণমেণ্টের মত জানিবার অভিপ্রায়ে আইনের এই পাণ্ডুলিপি এই রিপোর্টসহিত তাঁহারদের নিকট প্রেরণ করিবার প্রসঙ্গ করিলাম।

জে এফ ষ্টিফন।
জে ষ্ট্রেকী।
এফ এস চ্যাপমান।
এফ আর কাক্রেল।
জে এফ ডি ইঙ্গলিস।
ডবলিউ রবিনসন।

১৮৭১ সাল ৩১ মার্চ।

THE INDIAN EVIDENCE BILL.

Preamble.

WHEREAS it is expedient to consolidate, define and amend the Law of Evidence; It is hereby enacted as follows :—

PART I.

RELEVANCY OF FACTS.

CHAPTER I.—PRELIMINARY.

Short title.

1. This Act may be called "The Indian Evidence Act :"

Extent.

It extends to the whole of British India, and applies only

(1) to proceedings in Court, in the High Courts in their original and appellate, civil and criminal, jurisdiction ;

(2) to any proceeding in Court to which the Codes of Civil or Criminal Procedure are applicable, to which are taken or held under the Indian Succession Act or the Indian Divorce Act;

(3) to proceedings under commissions to take evidence ;

(4) to proceedings in Court in Small Cause Courts ;

Commencement of Act.

and it shall come into force on the first day of May 1872.

Repeal of enactments.

2. On and from that day the following laws shall be repealed :—

(1) All rules of evidence other than those contained in any Statute, Act or Regulation in force in any part of British India and not hereby expressly repealed.

(2) All such rules, laws and regulations as were made for the territories known from time to time as 'Non-Regulation Provinces,' otherwise than in conformity with the provisions of the 3 & 4 Wm. IV, c. 85, and of the 16 & 17 Vic., c. 95, and are referred to in the twenty-fifth section of 'The Indian Councils' Act, 1861,' in so far as they relate to any matter herein provided for.

(3) The enactments mentioned in the schedule hereto to the extent specified in the third column of the said schedule.

But nothing herein contained shall affect any provision of any Act of Parliament, or of any other Act or Regulation not hereby expressly repealed.

সাক্ষ্য বিষয়ক ভারতবর্ষীয় আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

প্রমাণ বিষয়ক আইন সংগ্রহ ও নির্ণয় ও সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম অধ্যায়।

বৃত্তান্তের প্রাসঙ্গিকতার কথা।

১ পরিচ্ছেদ।—পারিভাষিক কথা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "সাক্ষ্য বিষয়ক ভারতবর্ষীয় আইন' নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

তাহা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে ব্যাপ্ত হইবে, এবং

(১) আদালতের ও দেওয়ানী ও ফৌজদারী প্রথমস্থলীয় ও আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতাবিশিষ্ট হাই কোর্টের আনুষ্ঠানিক কার্য্যের প্রতি,

(২) এবং আদালতের যে আনুষ্ঠানিক কার্য্যের প্রতি দেওয়ানী কি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন খাটে তাহার প্রতি, এবং উত্তরাধিকারিত্ববিষয়ক ভারতবর্ষীয় আইনমতে কিম্বা স্ত্রীসম্বন্ধ বিলোপ করণবিষয়ক ভারতবর্ষীয় আইনমতে যে আনুষ্ঠানিক কার্য্য আরম্ভ কি প্রচলিত হয়, তাহার প্রতি,

(৩) সাক্ষ্য লইবার কমিশ্যন অনুসারে যে কার্য্যের অনুষ্ঠান হয় তৎপ্রতি, ও

(৪) ক্ষুদ্র মোকদ্দমার আদালতের আনুষ্ঠানিক কার্য্যের প্রতি খাটিবে।

যে অবধি প্রচলিত হইবে।

এই আইন ১৮৭২ সালের মে মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

যে২ আইন রহিত করা গেল তাহার কথা।

২ ধারা। সেই দিবসাবধি নিম্নলিখিত বিধান রহিত করা যাইবে।

(১) সাক্ষ্য বিষয়ক যে সকল বিধি ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন দেশের প্রচলিত কোন রাজব্যবস্থার কি আইনের অন্তর্গত হইয়া এই আইনক্রমে স্পষ্টরূপে রহিত করা না যায় সেই বিধি।

(২) সময়ে২ আইন বহির্ভূত প্রদেশ নামে খ্যাত দেশের উপলক্ষে চতুর্থ উলিয়ম রাজার ৩ ও ৪ বৎসরের ৮৫ অধ্যায় ও মহারাণী বিক্টরিয়ার ১৬ ও ১৭ বৎসরের ৯৫ অধ্যায়ানুসারে যে সকল বিধি ও আইন ও ব্যবস্থা প্রণীত হইয়া ভারতবর্ষীয় কৌনসেল বিষয়ক ১৮৬১ সালের আইনের ২৫ ধারায় উল্লিখিত হইয়াছে তদ্ভিন্ন এই আইনের নির্দ্দিষ্ট কোন বিষয়ের সঙ্গে উক্ত সকল বিধির ও আইনের ও ব্যবস্থার যত দূর সম্পর্ক থাকে তত দূর সেই২ বিধিপ্রভৃতি।

(৩) এই আইনের তফসীলের লিখিত সকল বিধান তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইল তাহা তত দূর রহিত হইবে।

কিন্তু পারলিমেণ্টের আইনের কিম্বা অন্য কোন আইনের যে বিধান এতৎক্রমে স্পষ্টরূপে রহিত করা না যায় এই আইনের কোন কথাদ্বারা তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

3. In this Act the following words and expressions are used in the following senses, unless a contrary intention appears from the context:—

Interpretation-clause.

"Court" includes all Judges and Magistrates, and all persons legally authorised to take evidence, and shall be interpreted wherever it occurs with reference to the provisions of chapter XIV, as to the duties of Judges and Juries, respectively.

"Court."

"Fact" means and includes—

"Fact."

(1) any thing, state of things, or relation of things, capable of being perceived by the senses;

(2) any mental condition, of which any person is conscious.

Illustrations.

(*a.*) That there are certain objects arranged in a certain position, in a certain place, is a fact.

(*b.*) That a man said certain words, is a fact.

(*c.*) That a man holds a certain opinion, has a certain intention, acts in good faith or fraudulenty, or uses a particular word in a particular sense, is a fact.

"Facts in issue" means and includes—

"Facts in issue."

(*a*) every fact which any Court records as an issue of fact under the provisions of the law for the time being relating to Civil Procedure;

(*b*) any fact, of which any party to any suit or proceeding does not admit the existence, and from which, either by itself or in connection with other facts, the existence, non-existence, nature, or extent of any right, liability, or disability, asserted or denied in any such suit or proceeding necessarily follows.

Illustrations.

A is accused of the murder of B and claims to be tried. The following facts may be in issue:—

That A caused B's death.

That A intended to cause B's death.

That A had received grave and sudden provocation from B.

That A at the time of doing the act which caused B's death was, by reason of unsoundness of mind, incapable of knowing its nature.

"Collateral facts" are facts which, not being themselves in issue, tend to prove or disprove the existence of facts in issue.

"Collateral facts."

৩ ধারা। নিম্ন লিখিত কথার ও শব্দের নিম্নলিখিত অর্থ করিবার ধারা।

যে অর্থ নির্ণয় করা গেল পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তর প্রকাশ না হইলে এই আইনে সেই২ কথার ও শব্দের সেই অর্থ ধরিতে হইবে।

আদালত শব্দের মধ্যে সকল জজ ও মাজিষ্ট্রেট ও অন্য যে সকল ব্যক্তি আইনমতে সাক্ষ্য গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারাও গণ্য। ১৪ পরিচ্ছেদের লিখিত বিধানের সম্পর্কে সেই শব্দ প্রয়োগ হইলে বিচার পতিদের ও জুরির কর্ত্তব্য কার্য্য পক্ষে তাহার অর্থ ধরিতে হইবে।

আদালত।

বৃত্তান্ত শব্দে এই২ বিষয় বুঝায় ও সেই শব্দে এই২ বিষয় গণ্য।

বৃত্তান্ত।

(১) ইন্দ্রিয়দ্বারা যে বিষয় বা বিষয়ের যে অবস্থা বা যে বিষয়ের সম্পর্ক গ্রাহ্য হয় তাহা।

(২) কোন ব্যক্তি মানসিক যে ভাব অনুবোধ করেন তাহা।

উদাহরণ।

(ক) কোন স্থানে কোন২ দ্রব্য বিশেষ২ স্থলে সাজান আছে, ইহাই বৃত্তান্ত।

(খ) কোন ব্যক্তি বিশেষ কোন কথা কহিল, ইহা বৃত্তান্ত।

(গ) কোন ব্যক্তির কোন বিশেষ অভিমত কিম্বা তাহার বিশেষ অভিপ্রায় আছে কিম্বা সে সরলভাবে বা কুটিলভাবে কর্ম্ম করে কিম্বা কোন শব্দের বিশেষ অর্থ প্রয়োগ করে, এই সকলকে বৃত্তান্ত বলা যায়।

ইস্যুঘটিত বৃত্তান্ত শব্দে এই২ বিষয় বুঝায় ও সেই শব্দে এই২ বিষয় গণ্য।

ইস্যুঘটিত বৃত্তান্ত।

(ক) দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক যে আইন যে সময়ে প্রচলিত হয় সেই আইনের বিধানানুসারে কোন আদালত ইস্যুঘটিত বৃত্তান্ত বলিয়া যে বৃত্তান্ত লিপিবদ্ধ করেন সেই বৃত্তান্ত।

(খ) কোন মোকদ্দমায় কিম্বা আনুষ্ঠানিক কার্য্যে যে স্বত্ব কি দায় কি অক্ষমতা উদ্ভাচিত কি অস্বীকৃত হয় তাহার সত্তা কি অসত্তা কি ভাব কি ব্যাপকতা যে একি বৃত্তান্তের কিম্বা অপর বৃত্তান্ত সহযোগে যে বৃত্তান্তের দ্বারা অবশ্য অনুভব হয়, ঐ মোকদ্দমার কি আনুষ্ঠানিক কার্য্যের কোন পক্ষ উক্ত বৃত্তান্তের সত্তা অস্বীকার করিলে সেই বৃত্তান্ত।

উদাহরণ।

বলরামকে বধ করিয়াছে বলিয়া আনন্দের নামে অভিযোগ হইলে আনন্দ বিচার হইবার দাওয়া করে।

এইস্থলে এই২ বৃত্তান্ত লইয়া ইস্যু হইতে পারে।

আনন্দেরদ্বারা বলরামের মৃত্যু হইল কি না।

আনন্দ বলরামকে বধ করিতে কল্পনা করিল কি না।

বলরামের কাছে আনন্দের হঠাৎ গুরুতর রাগ জন্মিবার বিষয় হইয়াছিল কি না।

যে ক্রিয়াদ্বারা বলরামের মৃত্যু হয় আনন্দ ক্ষিপ্ত মনঃপ্রযুক্ত সেই সময়ে ঐ ক্রিয়ার ভাব জ্ঞাত হইতে অক্ষম ছিল কি না।

কোন বৃত্তান্ত ইস্যুঘটিত বৃত্তান্ত না হইয়াও তদ্দ্বারা ইস্যু ঘটিত বৃত্তান্ত সপ্রমাণ কিম্বা অপ্রমাণ হইতে পারিলে তাহা প্রতিপোষক বৃত্তান্ত।

প্রতিপোষক বৃত্তান্ত।

"Document" means any thing made capable in any manner of conveying a meaning.

"Document."

দলীল। যে কোন বস্তু কোন প্রকারেই ভাব জ্ঞাত করিবার উপায়স্বরূপ করা যায়, তাহাই "দলীল।

Illustrations.

উদাহরণ।

The following things are documents :—

মিম্নলিত বিষয় দলীল।

Writings, printed papers, photographs of writings, and I. O. U., an inscription on a tombstone, a caricature, a message written in cypher, an architectural plan.

লিপি। মুদ্রিত কাগজ। লিপির ফটগ্রাফ। I. O. U. এই তিন অক্ষর মাত্রে যে ঋণপত্র লিখিয়া দেওয়া যায় তাহা। কবরের ধারে স্থাপিত প্রস্তরাদিতে যে কথা খোদা থাকে তাহা। ব্যঙ্গভাবের আলেখ্য। গুপ্তভাবাপন্ন শব্দাদিতে লিখিত বার্ত্তা। গৃহনির্ম্মাণ ঘটিত আলেখ্য।

"Evidence" means and includes—

"Evidence."

সাক্ষ্য। "সাক্ষ্য" শব্দে এই২ বিষয় বুঝায় ও সেই শব্দে এই২ বিষয় গণ্য।

(1) all statements which the Court permits or requires to be made before it by witnesses, in relation to matters of fact under inquiry;

(১) আদালত যে বৃত্তান্তের অনুসন্ধান করেন সাক্ষিদিগকে তৎসম্পর্কীয় যে২ কথা আপনার সম্মুখে কহিতে দেন বা কহিতে আজ্ঞা করেন তাহা সাক্ষ্য।

such statements are called oral evidence;

সেই সাক্ষ্যকে বাচনিক সাক্ষ্য বলা যায়।

(2) All documents produced for the inspection of the Court;

(২) আদালতের দেখিবার জন্যে যে সকল দলীল উপস্থিত করা যায় তাহা।

such documents are called documentary evidence;

সেই২ দলীল লিখিত সাক্ষ্য বলা যায়

(3) all material things other than documents produced for the inspection of the Court;

(৩) আদালতের দেখিবার জন্যে দলীলভিন্ন যে সকল দ্রব্য উপস্থিত করা যায় তাহা,

such things are called material evidence.

সেই দ্রব্য দ্রব্যাত্মক সাক্ষ্য বলা যায়।

"Proof" is the process of producing evidence in order that facts may beproved or disproved.

"Proof."

প্রমাণ। বৃত্তান্ত সপ্রমাণ বা অপ্রমাণ করিবার জন্যে সাক্ষ্য উপস্থিত করিবার কার্য্যপ্রণালীই "প্রমাণ" হয়।

A fact is said to be proved when, after considering the evidence so produced, the Court either believes it to exist, or considers its existence so probable that, under the circumstances of the particular case, a prudent man ought to act upon the supposition that it exists.

"Proved."

প্রমাণীকৃত। তদ্রূপে যে সাক্ষ্য উপস্থিত করা যায় আদালত তাহা বিবেচনা করিয়া বৃত্তান্ত বিশ্বাস করিলে, অথবা উপস্থিত বিষয়ের আকার প্রকার বিবেচনায় বুদ্ধিমান ব্যক্তির সেই বৃত্তান্ত সত্য জ্ঞানে আচরণ করা কর্ত্তব্য এই পর্য্যন্ত ঐ বৃত্তান্ত সম্ভব জ্ঞান করিলে তাহা প্রমাণীকৃত হইয়াছে বলা যায়।

A fact is said to be disproved when, after considering the evidence so produced, the Court either believes that it does not exist, or considers its non-existence so probable that, under the circumstances of the particular case, a prudent man ought to act upon the supposition that it does not exist.

"Disproved."

খণ্ডিত। তদ্রূপে যে সাক্ষ্য উপস্থিত করা যায় আদালত তাহা বিবেচনা করিয়া বৃত্তান্ত বিশ্বাস না করিলে, অথবা উপস্থিত বিষয়ের আকার প্রকার বিবেচনায় বুদ্ধিমান ব্যক্তির সেই বৃত্তান্ত সত্যজ্ঞানে আচরণ করা কর্ত্তব্য নয়, এই পর্য্যন্ত ঐ বৃত্তান্ত অসম্ভব জ্ঞান করিলে, ঐ বৃত্তান্ত খণ্ডিত হইয়াছে বলা যায়।

A fact is said not to be proved when it is neither proved nor disproved.

"Not proved."

অপ্রমাণিত। বৃত্তান্ত প্রমাণীকৃত না হইলে, খণ্ডিতও না হইলে তাহা অপ্রমাণিত বলা যায়।

The existence or non-existence of a fact probable to the degree necessary for proof or disproof is said to be "morally certain."

"Morally certain."

যুক্তিমত নিশ্চিত। বৃত্তান্তের সত্তা কি অসত্তা প্রমাণ করিবার বা খণ্ডিবার জন্যে তাহার যত দূর সম্ভব হওয়া আবশ্যক তত দূর সেই বৃত্তান্ত "যুক্তিমত নিশ্চিত" বলা যায়।

4. The Court shall not regard any fact as morally certain unless it is of opinion that every supposition consistent with its non-existence is improbable.

Moral certainity.

৪ ধারা। বৃত্তান্ত না থাকার সহিত যত বিবেচনা সঙ্গত হইতে পারে তাহা অসম্ভব আদালতের এই অভিমত না হইলে সেই বৃত্তান্ত যুক্তিমত নিশ্চিত জ্ঞান করিবেন না।

যুক্তিমত নিশ্চয়।

Illustrations.

(*a*) A credible witness affirms that he witnessed a fact of ordinary occurrence, and which, if it occurred, he must have had an opportunity of observing.

Here the possible suppositions are—

(1) that the fact occured;

(2) that the witness is mistaken; and

(3) that the witness is telling an untruth.

But, by the supposition, (2) and (3) are improbable. Therefore, every supposition consistent with the non-existence of the fact is improbable.

(*b*.) The circumstances of a case are such that a given crime must have been committed by A or B.

The crime was one which required great physical strength. A is a strong man, B a weak woman.

The crime was one for which A had a strong motive, and against which B had a strong motive.

These facts make every supposition except that of A's guilt improbable.

Explanation.— The Court need not regard a fact as morally certain, merely because every supposition consistent with its non-existence is improbable.

Illustration.

In illustration (*a*) the Court is not bound to believe the witness.

Inferences to be drawn by Court.

5. Courts shall form their opinions on matters of fact by drawing inferences.

(1) from the evidence produced to the existence of the facts alleged;

(2) from facts proved or disproved to facts not proved;

(3) from the absence of witnesses who, or of evidence which, might have been produced;

(4) from the admissions, statements, conduct and demeanour of the parties and witnesses, and generally from the circumstances of the case.

Necessary inferences.

6. When any inference is declared in this Act to be necessary, the Court shall in all cases draw that inference, and shall not permit proof that it is false.

Presumptions.

When the Court is directed by this Act upon the proof of any fact, or upon the production of any document, to presume the existence of any fact, it shall, when the fact is proved, or when the document is produced, regard as true the fact which it is directed to presume, unless and until the contrary appears or is proved, or unless after considering the whole evidence on the matter it is of opinion that such fact is not proved.

উদাহরণ।

(ক) সামান্য কোন ব্যাপার ঘটিলে বিশ্বাসযোগ্য কোন সাক্ষী কহে যে আমি সেই ব্যাপারটি দেখিলাম অথচ সেই ব্যাপারটি ঘটিলে তাহা দেখিতে সাক্ষির সুযোগ ছিল,

এমন স্থলে এই২ অনুভব হইতে পারে,

(১) সেই ব্যাপারটি ঘটিয়াছিল। অথবা

(২) সাক্ষির ভ্রান্তি হইতে পারে ও

(৩) সাক্ষী অসত্য কথা কহিল।

কিন্তু যে অনুভব হইল তদ্বিবেচনায় উক্ত (২) ও (৩) কথা অসম্ভব। এই স্থলে বৃত্তান্তের অসত্তার সঙ্গত সকল বিবেচনা অসম্ভব।

(খ) কোন ব্যাপারের আকারপ্রকার দেখিয়া বোধ হয় যে আমন্দ কিম্বা রামা ইহার একতর ব্যক্তি কথিত অপরাধ করিয়াছে।

সেই অপরাধ করিবার জন্যে শারীরিক অধিক বল প্রয়োজন। আমন্দ বলবান পুরুষ। রামা অবলা স্ত্রী।

আমন্দের সেই অপরাধ করিবার গুরুতর প্রবৃত্তি ছিল রামার তদ্বিপক্ষ গুরুতর প্রবৃত্তি ছিল।

এই২ বৃত্তান্ত বিবেচনায় আমন্দের অপরাধী হওনভিন্ন কোন অনুভব সম্ভব নয়।

ব্যাখ্যা।—কোন বৃত্তান্তের অসত্তার সঙ্গত কোন অনুভব সম্ভব নহে কেবল ইহা বলিয়া আদালতের সেই বৃত্তান্ত যুক্তিমত নিশ্চয় বলিয়া জ্ঞান করা আবশ্যক নয়।

উদাহরণ।

(ক) চিহ্নিত উদাহরণ স্থলে আদালত সাক্ষির কথায় বিশ্বাস করিতে আবদ্ধ নহেন।

আদালতের যে অনুভূতি করিতে হইবে তাহার কথা।

৫ ধারা। আদালত নিম্নলিখিত অনুভূতি করিয়া বৃত্তান্তবিষয়ের অভিমত স্থির করিবেন।

(১) উপস্থিত সাক্ষ্য দ্বারা কথিত বৃত্তান্তের সত্যতার অনুভূতি।

(২) প্রমাণীকৃত কিম্বা খণ্ডিত বৃত্তান্ত দ্বারা অপ্রমাণিত বৃত্তান্তের অনুভূতি।

(৩) যে সাক্ষিদিগকে কিম্বা যে সাক্ষ্য উপস্থিত করা যাইতে পারিত তাহারদের বা তাহার অনুপস্থিতিজন্য অনুভূতি।

(৪) উভয় পক্ষের ও সাক্ষিদের স্বীকারদাতা ও উক্তি ও আচরণ ও চলন দ্বারা এবং সাধারণ্যে মোকদ্দমার আকারপ্রকারের দ্বারা অনুভূতি করিবেন।

অবশ্যানুভূতি।

৬ ধারা। এই আইনে কোন অনুভূতি করা আবশ্যক বলিয়া নির্দ্দিষ্ট হইলে আদালত সর্ব্বদাই সেই অনুভূতি করিবেন ও তাহা অসত্য ইহার প্রমাণ গ্রাহ্য করিবেন না।

অনুমানের কথা।

কোন বৃত্তান্তের প্রমাণ করা গেলে কিম্বা কোন দলীল উপস্থিত করা গেলে এই আইনে যদি আদালতের প্রতি কোন বৃত্তান্তের সত্তা অনুমান করিবার আদেশ থাকে, তবে পূর্ব্বোক্ত বৃত্তান্তের প্রমাণ করা গেলে কিম্বা দলীল উপস্থিত করা গেলে, যত কাল ঐ বৃত্তান্ত অসত্য বলিয়া দৃষ্ট কি প্রমাণীকৃত না হয়, কিম্বা উপস্থিত বিষয়ের সমস্ত সাক্ষ্য বিবেচনা করিয়া ঐ বৃত্তান্ত অপ্রমাণিত হইল আদালতের এই মর্ম্মের অভিমত যত কাল না হয়, আদালত যে বৃত্তান্ত অনুমান করিতে আদেশ পান তত কাল সেই বৃত্তান্ত সত্য জানিবেন।

CHAPTER II.—OF THE RELEVANCY OF FACTS.

দ্বিতীয় পরিচ্ছেদ।—বৃত্তান্তের প্রাসঙ্গিকতার কথা।

Evidence for or against relevant facts only.

7. Parties to any suit or proceeding may, subject to the provisions of this Act, give evidence for and against such facts as are hereinafter declared to be relevant and no others.

কেবল প্রাসঙ্গিক বৃত্তান্তের সপক্ষ বা বিপক্ষ সাক্ষ্যের কথা।

৭ ধারা। এই আইনের নিম্নলিখিত কথায় যে বৃত্তান্ত প্রাসঙ্গিক বলিয়া নির্দ্দিষ্ট হইল কোন মোকদ্দমার কিম্বা আনুষ্ঠানিক কার্য্যের কোন পক্ষ এই আইনের বিধান মানিয়া কেবল সেই বৃত্তান্তের সাক্ষ্য দিতে পারেন অন্য বৃত্তান্তের নয় ইতি।

Facts in issue relevant.

8. Every fact in issue, and every incident connected with any such fact which took place at its occurrence, is relevant.

ইস্যুঘটিত বৃত্তান্ত প্রাসঙ্গিক হওয়ার কথা।

৮ ধারা। ইস্যুঘটিত প্রত্যেক বৃত্তান্ত ও সেই বৃত্তান্ত হওন সময়ে তদ্ঘটিত যে কোন ব্যাপার হইয়াছিল তাহা প্রাসঙ্গিক।

Illustration.

উদাহরণ।

(*a*) A is tried for the murder of B by beating him with a club with the intention of causing his death. B claims to be tried.

The following facts are in issue—

A's beating B with the club.

A's causing B's death by such beating.

A's intention to cause B's death.

Whatever was done or said by A or B, or the bystanders immediately before, during, or immediately after, the beating of B by A, are relevant facts.

বলরামকে মারিয়া ফেলিবার অভিপ্রায়ে মুগুর দ্বারা বধ করিবার অভিযোগে আমন্দের বিচার হয়। আমন্দ বিচার হইবার দাওয়া করে।

এই স্থলে নিম্নলিখিত বৃত্তান্ত ইস্যুঘটিত হয়

আমন্দ বলরামকে মুগুর দিয়া মারিল কি না

সেই প্রহার দ্বারা আমন্দ বলরামের মৃত্যুর কারণ হইল কি না

বলরামকে মারিয়া ফেলিতে আমন্দের কল্পনা ছিল কি না

আমন্দ যে সময়ে বলরামকে মারিতেছিল তাহার অব্যবহিত পূর্ব্বে ও সেই সময়ে ও তাহার অব্যবহিত পরে আমন্দ বা বলরাম বা নিকট দণ্ডায়মান ব্যক্তিরা যাহা২ করিয়াছিল বা কহিয়াছিল এই সকল বৃত্তান্ত প্রাসঙ্গিক।

Explanation.—This section shall not enable any person to give evidence of any fact which he is disentitled to prove by any provision of the law for the time being relating to Civil Procedure.

ব্যাখ্যা।—দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের যে আইন্ যে সময়ে প্রচলিত থাকে তাহার কোন বিধানানুসারে কোন বৃত্তান্তের প্রমাণ দেওনার্থে কোন ব্যক্তির স্বত্ব রহিত হইলে এই ধারাক্রমে তাহার সেই বৃত্তান্তের প্রমাণ দিবার শক্তি হইতে পারিবে না ইতি।

Illustration.

উদাহরণ।

(*b*.) A, a suitor, does not bring with him and have in readiness for production at the first hearing a bond on which he relies. This section does not enable him to produce the bond or prove its contents at a subsequent stage of the proceedings,

(খ) আমন্দ নামক অর্থী যে খতের উপর নির্ভর করে সেই খত সঙ্গে আনে নাই ও মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে সেই খৎ দেখাইবার জন্যে প্রস্তুত রাখে নাই। এই ধারাক্রমে মোকদ্দমা চলিবার পশ্চাৎ কোন সময়ে সেই অর্থী খৎ দেখাইতে বা তাহার মর্ম্মের প্রমাণ করিতে পারিবে না।

Collateral facts relevant to the issue.

ইস্যুর প্রাসঙ্গিক প্রতিপোষক বৃত্তান্তের কথা।

Facts forming part of same transaction.

9. Facts which, though not in issue, are so connected with facts in issue as to form part of the same transaction, are relevant.

একি ব্যাপারের অঙ্গস্বরূপ যে২ বৃত্তান্ত তাহার কথা।

৯ ধারা। বৃত্তান্ত ইস্যুর মধ্যে ধরা না গেলেও ইস্যুঘটিত বৃত্তান্তের সঙ্গে সংযুক্ত থাকাতে একি ব্যাপারের অঙ্গস্বরূপ হইলে তাহা প্রাসঙ্গিক।

Illustrations.

উদাহরণ।

(*a*.) A sues B for a libel contained in a letter forming part of a correspondence. Letters between the parties relating to the subject out of which the libel arose are relevant facts, though they do not contain the libel itself.

(ক) লেখালেখির অঙ্গস্বরূপ কোন পত্রে আমন্দের নামে অপবাদ থাকাতে আমন্দ বলরামের নামে নালিশ করে। যে বিষয় ধরিয়া অপবাদ উত্থাপন হয়, সেই বিষয় সম্পর্কে উভয় ব্যক্তির লেখালেখির মধ্যে অন্য২ পত্রে ঐ অপবাদ থাকিলেও সেই পত্রাদি প্রাসঙ্গিক বৃত্তান্ত হয়।

(*b*.) The question is whether certain goods ordered from B were delivered to A. The goods were delivered to several intermediate persons successively. Each delivery is a relevant fact.

(খ) বলরামের নিকট কএক দ্রব্য পাঠাইবার আদেশ হইলে সেই দ্রব্য আমন্দকে দেওয়া গেল কি না এই প্রশ্ন হয়। ঐ দ্রব্য ক্রমশঃ অনেক ব্যক্তির হস্তগত হইয়াছিল হস্তগত হওনরূপ সেই প্রত্যেক ব্যাপার প্রাসঙ্গিক বৃত্তান্ত হয়।

10. Facts which are the occasion, cause, or effect of facts in issue or which constitute the state of things under which they happened, or which afford an opportunity for their occurrence or transaction are relevant.

Facts which are occasion, cause, or effect of facts in issue.

Illustrations.

(*a.*) The question is whether A robbed B.

The facts that shortly before the robbery B went to a fair with money in his possession, and that he showed it, or mentioned the fact that he had it, to third persons, are relevant.

(*b.*) The question is whether A murdered B.

Marks on the ground produced by a struggle at or near the place where the murder was committed are relevant facts.

(*c.*) The question is whether A poisoned B.

The state of B's health before the symptoms ascribed to poison and habits of B, known to A, which afforded an opportunity for the administration of posion are relevant facts.

১০ ধারা। কোন বৃত্তান্ত ইস্যুঘটিত বৃত্তান্তের নিমিত্ত কি হেতু কি ফলস্বরূপ হইলে কিম্বা বিষয়ের যে অবস্থায় ইস্যুঘটিত বৃত্তান্ত হইয়াছিল অন্য বৃত্তান্ত লইয়া বিষয়ের সেই অবস্থা হইলে, কিম্বা সেই অন্য বৃত্তান্ত দ্বারা ইস্যুঘটিত বৃত্তান্ত হইবার কিম্বা ঘটিবার সুযোগ হইলে, সেই অন্য বৃত্তান্ত প্রাসঙ্গিক হয় ইতি।

যে বৃত্তান্ত ইস্যুঘটিত বৃত্তান্তের নিমিত্ত কি হেতু কি ফল স্বরূপ হয় তাহার কথা।

উদাহরণ।

(ক) আমন্দ বলরামের উপর দস্যুতা করিল কি না এই প্রশ্ন উত্থাপিত হয়।

ঐ দস্যুক্রিয়ার কিঞ্চিৎ পূর্ব্বে বলরাম টাকা সঙ্গে লইয়া হাটে যাইতেছিল, ও অন্য লোকদিগকে টাকা দেখাইল এবং আমার কাছে টাকা আছে এই কথা অন্য লোকদিগকে কহিল। এই সকল বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(খ) আমন্দ বলরামকে বধ করিল কি না এই প্রশ্ন হইল।

হত্যাব্যাপার যে স্থানে হইয়াছিল সেই স্থানের কি তাহার নিকট স্থানের মাটিতে হাতাহাতি করিবার যে চিহ্ন থাকে তাহা প্রাসঙ্গিক বৃত্তান্ত।

(গ) আমন্দ বলরামকে বিষ খাওয়াইল কি না এই প্রশ্ন হইল।

বিষ খাওয়ার যে লক্ষণ হইয়া থাকে সেই লক্ষণ প্রকাশ হইবার পূর্ব্বে বলরামের শারীরিক স্বাস্থ্য কি অস্বাস্থ্য ছিল এবং বলরামের রীতি ও চরিত্র আমন্দের নিকট জ্ঞাত হওয়াতে তাহার বিষ খাওয়াইবার সুযোগ হইল, এই২ বিষয় প্রাসঙ্গিক বৃত্তান্ত।

11. Any fact which shows or constitutes a motive or preparation for any fact in issue, or previous or subsequent conduct influenced by any fact in issue, is relevant.

Motive, preparation and subsequent conduct.

Illustrations.

(*a.*) A is tried for the murder of B.

The facts that, twenty years before A murdered C, that B knew that A had murdered C, and that B had tried to extort money from A by threatening to make his knowledge public, are relevant.

(*b.*) A sues B upon a bond for the payment of money. B denies the making of the bond.

The fact that, at the time when the bond was alleged to be made, B required money for a particular purpose, is relevant.

(*c.*) A is tried for the murder of B by poison.

The fact that, before the death of B, A procured poison similar to that which was administered to B, is relevant.

(*d.*) The question is whether a certain document is the will of A.

The facts that, not long before the date of the alleged will, A made inquiry into matters to which the provisions of the alleged will relate, that he consulted vakils in reference to making the will, and that he caused drafts of other wills to be prepared of which he did not approve, are relevant.

১১ ধারা। যে ক্রিয়াদ্বারা ইস্যুঘটিত কোন বৃত্তান্তের প্রবৃত্তি কি উদ্যোগ দর্শায় কিম্বা যে ক্রিয়া প্রবৃত্তি কি উদ্যোগ স্বরূপ হয়, কিম্বা ইস্যুঘটিত কোন বৃত্তান্তের বশে পূর্ব্বে কি পশ্চাৎকৃত আচার দর্শায় কি আচারস্বরূপ হয় তাহাই প্রাসঙ্গিক বৃত্তান্ত ইতি।

প্রবৃত্তির ও পূর্ব্ব উদ্যোগের ও পশ্চাৎ আচারের কথা।

উদাহরণ।

(ক) বলরামের বধাভিযোগে আমন্দের বিচার হয়।

আমন্দ বিশ বৎসর পূর্ব্বে চন্দ্রকে বধ করিয়াছিল। বলরাম এই কথা জানিত। বলরাম সেই কথা প্রকাশ করিবার ভয় দেখাইয়া আমন্দের স্থানে টাকা চাহিল। এই সকল বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(খ) আমন্দ খৎ দেখাইয়া বলরামের স্থানে টাকা পাইবার নালিশ করে। বলরাম কহে আমি সেই খৎ লিখিয়া দি নাই।

এমন স্থলে, যে সময়ে খৎ লেখা হইয়াছিল দেখা যায় সেই সময়ে কোন বিশেষ কার্য্যের নিমিত্তে বলরামের টাকা পাইবার অত্যন্ত প্রয়োজন ছিল এই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(গ) বলরামকে বিষ খাওয়াইয়া বধ করিবার অভিযোগে আমন্দের বিচার হইল।

বলরামকে যে বিষ খাওয়ান গিয়াছে, বলরামের মরণের কিঞ্চিৎ পূর্ব্বে আমন্দ সেই প্রকারের বিষ ক্রয় করিয়াছিল। এই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(ঘ) কোন এক দলীল আমন্দের উইল কি না এই প্রশ্ন উত্থাপিত হয়।

কথিত উইলের বিধানে যে২ বিষয়ের উল্লেখ হইয়াছে আমন্দ ঐ কথিত উইলের তারিখের অনতিপূর্ব্বে সেই২ বিষয়ের অনুসন্ধান লইলেন, এবং উইল লিখিবার বিষয়ে উকীলদের পরামর্শ গ্রহণ করিলেন এবং উইলের কএক পাণ্ডুলিপি লেখাইয়া পরে তাহা অগ্রাহ্য করিলেন, উক্ত বিষয়ে এই সকল বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(e.) A is accused of a crime.

The fact that, after the commission of the alleged crime, he absconded, or was in possession of property or the proceeds of property acquired by the crime, or attempted to conceal things which were or might have been used in committing it, are relevant.

(f.) The question is whether A was ravished.

The fact that, shortly after the alleged rape, she made a complaint relating to the crime, the circumstances under which the complaint was made, and the terms in which it was made, are relevant.

(g.) The question is whether A was robbed.

The fact that, soon after the alleged robbery, he made a complaint relating to the offence, the circumstances under which, and the terms in which, it was made, are relevant.

(h.) A is accused of a crime.

The facts that, either before, or at the time of, or after the alleged crime, A provided evidence which would tend to give to the facts in issue an appearance favourable to himself, or that he destroyed or concealed evidence, or prevented the presence or procured the absence of persons who might have been witnessess, or suborned persons to give false evidence respecting it, are relevant.

12. Facts which explain or introduce relevant facts, or which rebut an inference suggested by a relevant fact, are relevant in so far as they are necessary for that purpose.

Facts necessary to explain or introduce relevant facts.

Illustrations.

(a.) The question is whether a given document is the will of A.

The state of A's property and of his family at the date of the alleged will may be relevant facts.

(b.) A sues B for a libel imputing disgraceful conduct to A. B affirms that the matter alleged to be libellous is true.

The position and relations of the parties at the time when the libel was published may be relevant facts as introductory to the facts in issue.

The particulars of a dispute between A and B about a matter unconnected with the alleged libel are irrelevant, though the fact that there was a dispute may be relevant if it affected the relations between A and B.

(c.) A is accused of a crime.

The fact that, soon after the commission of the crime, A absconded from his home, is relevant, under section

(চ) আমন্দের নামে অপরাধের অভিযোগ হয়।

এই স্থলে, কথিত অপরাধ করা গেলে পর আমন্দ পলায়ন করিয়াছিল, কিম্বা ঐ অপরাধের দ্বারা যে দ্রব্য পাওয়া গিয়াছিল সেই দ্রব্য কিম্বা তাহার মূল্য তাহার অধিকারে ছিল, কিম্বা সেই অপরাধ করণে যে২ দ্রব্যের ব্যবহার হইয়াছিল কিম্বা হইতে পারিত আমন্দ তাহা গোপনে রাখিবার উদ্যোগ করিল, এই২ বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(ছ) আদরীকে বলাৎকার করা গেল কি না এই প্রশ্ন হইল।

এই স্থলে কথিত বলাৎকার করা গেলে পর আদরী সেই অপরাধের বিষয়ে নালিশ করিল, ও সে যে ভাবগতিকে ও যে কথা কহিয়া নালিশ করিল, এই সকল বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(জ) আমন্দের দ্রব্য চুরি করা গেল কি না এই প্রশ্ন হইল।

এই স্থলে কথিত চৌর্য্য ব্যাপারের কিঞ্চিৎপরে আমন্দ সেই অপরাধের বিষয়ে নালিশ করিল। ও সে যে ভাবগতিকে ও যে কথা কহিয়া নালিশ করিল এই সকল বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(ঝ) আমন্দের নামে অপরাধের অভিযোগ হয়।

এই স্থলে, ইস্যুঘটিত বৃত্তান্ত দ্বারা আমন্দের সপক্ষ ভাব জন্মে এই কারণে সে কথিত অপরাধ হইবার সময়ে কিম্বা তৎপূর্ব্বে বা পরে সাক্ষ্যের বিধান করিল, কিম্বা সাক্ষ্য নষ্ট করিল কি গুপ্ত রাখিল, কিম্বা যাহারা সাক্ষ্য দিতে পারিত এমত ব্যক্তিদের উপস্থিত হইবার বাধা দিল কিম্বা তাহারদের উপস্থিত না হইবার উপায় করিল কিম্বা সেই বিষয়ে মিথ্যা সাক্ষ্য দিতে সাক্ষি জুটাইল, এই২ বৃত্তান্ত প্রাসঙ্গিক।

১২ ধারা। প্রাসঙ্গিক বৃত্তান্ত ব্যাখ্যা করিবার কিম্বা ঐ বৃত্তান্ত উপস্থিত করিবার নিমিত্তে কিম্বা প্রাসঙ্গিক বৃত্তান্তদ্বারা যে অনুভূতির সূচনা হয় তাহা খণ্ডিবার নিমিত্তে অন্য বৃত্তান্ত যত দূর আবশ্যক তাহা তত দূর প্রাসঙ্গিক হয় ইতি।

প্রাসঙ্গিক বৃত্তান্ত ব্যাখ্যা করিবার কিম্বা উপস্থিত করিবার নিমিত্তে যে বৃত্তান্ত আবশ্যক তাহার কথা।

উদাহরণ।

(ক) উপস্থিত দলীল আমন্দের উইল কি না এই প্রশ্ন হইল।

কথিত উইলের তারিখে আমন্দের সম্পত্তির ও তাহার পরিবারের যে অবস্থা ছিল ইহার বৃত্তান্ত প্রাসঙ্গিক হইতে পারে।

(খ) আমন্দের লজ্জাকর আচরণ হইয়াছে বলরামের এই কথায় আমন্দ তাহার নামে অপবাদের নালিশ করে। বলরাম এই উত্তর করে যাহা অপবাদ বলা গেল তাহা সত্য।

অপবাদ যে সময়ে প্রকাশ করা গিয়াছিল সেই সময়ে উভয় পক্ষের যে অবস্থা ও পরস্পর যে সম্বন্ধ ছিল ইস্যুঘটিত বৃত্তান্ত উপস্থিত করিবার অভিপ্রায়ে ঐ সম্বন্ধের বৃত্তান্ত প্রাসঙ্গিক হইতে পারে।

আমন্দের ও বলরামের মধ্যে বিবাদ হয় কিন্তু কথিত অপবাদের সঙ্গে ঐ বিবাদের সম্পর্ক নাই ইহাতে ঐ বিবাদের সম্পর্কে তাহার বর্ণনা অপ্রাসঙ্গিক হইলেও যদি সেই বিবাদেরদ্বারা আমন্দের ও বলরামের ভাবের বিভিন্নতা হইয়া থাকে তবে সেই বিবাদ যে হইয়াছিল এই বৃত্তান্ত প্রাসঙ্গিক হইতে পারে।

(গ) আমন্দের নামে অপরাধের অভিযোগ হয়।

অপরাধ করা যাইবার কিঞ্চিৎপরে আমন্দ ঘর ছাড়িয়া পলায়ন করিল ১১ ধারামতে তাহার সেই কর্ম্ম ইস্যুঘটিত

eleven, as conduct subsequent to and affected by facts in issue.

The fact that, at the time when he left home, he had sudden and urgent business at the place to which he went, is relevant as tending to explain the fact that he left home suddenly.

The details of the business on which he left are not relevant, except in so far as they are necessary to show that the business was sudden and urgent.

13. Where several persons conspire together to commit an offence or an actionable wrong, any thing said, done or written by any such person in furtherance of their common intention after the time when such intention was first entertained by any one of them, is a relevant fact as against each of the persons so conspiring.

Things said or done by conspirator in furtherance of common design.

Explanation.—Such facts may also be relevant upon the question of the existence of the conspiracy itself.

Illustrations.

(*a.*) A conspires to wage war against the Queen.

The facts that a conspiracy to wage war against the Queen existed in which A, B, C, D, E, F, G and others were parties; that, in furtherance of the conspiracy, B procured arms in Europe, C collected money in Calcutta, D persuaded persons to join the conspiracy in Bombay, E published writings advocating the object in view at Agra, and F transmitted from Delhi to G at Cabul the money which C had collected at Calcutta, are each relevant as against A, upon proof that he was a party to the conspiracy, although he may have been ignorant of all of them, and although the persons by whom they were done were strangers to him.

(*b.*) A sues B for conspiring with C, D and E to injure A's credit.

The facts that C caused articles to be inserted in a newspaper reflecting on A's credit, that D spread a report that A was insolvent, and that E tried to dissuade a banker from lending A money, are relevant, as tending to show acts done by conspirators in furtherance of a common intent.

14. Facts not otherwise relevant are relevant.

Facts inconsistent with relevant facts, or making their existence morally certain.

(1) if they are inconsistent with any relevant fact;

(2) if they are inconsistent with any relevant fact, except upon a supposition the truth of which, in the opinion of the Court, is highly improbable in itself or ought to be proved by the party against whom such facts are alleged;

বৃত্তান্ত বশতঃ ও তৎপশ্চাৎ কর্ম্ম বলিয়া প্রাসঙ্গিক বৃত্তান্ত হয়।

যে সময়ে ঘর ছাড়িয়া অন্য স্থানে গেল সেই সময়ে তাহার সেই স্থানে হঠাৎ অত্যন্ত প্রয়োজনীয় কর্ম্ম পড়িল এই কথা ঘরহইতে তাহার হঠাৎ প্রস্থান করণ কার্য্যের হেতুস্বরূপ প্রাসঙ্গিক হয়।

যে কর্ম্মের নিমিত্তে সে চলিয়া গিয়াছিল, তাহা হঠাৎ অত্যাবশ্যক কর্ম্ম ছিল কেবল ইহা দেখাইবার জন্যে ঐ কর্ম্মের বিস্তারিত বর্ণনা প্রাসঙ্গিক হয় নতুবা অপ্রাসঙ্গিক।

১৩ ধারা। অনেক ব্যক্তি অপরাধ কিম্বা অভিযোজ্য অন্যায় ক্রিয়া করিতে ষড়যন্ত্র করিলে প্রথম সেই কল্পনা করিবার পর ঐ সাধারণ কল্পনার অনুষ্ঠান করিবার অভিপ্রায়ে উক্ত অন্যতর ব্যক্তি যে কথা কহে বা লেখে ও যে কর্ম্ম করে তাহা সেই ষড়যন্ত্রকারি প্রত্যেক ব্যক্তির বিপক্ষ প্রাসঙ্গিক বৃত্তান্ত হয়।

সাধারণ উদ্দেশ্যের অনুষ্ঠান করিবার জন্যে সঙ্গির উক্তির বা কর্ম্মের কথা।

ব্যাখ্যা।—উক্ত ষড়যন্ত্র বাস্তব হইয়াছে কি না এই বিষয়েও সেই বৃত্তান্ত প্রসঙ্গিক হইতে পারে ইতি।

উদাহরণ।

(ক) আমন্দ মহারাণীর সঙ্গে যুদ্ধ করিতে ষড়যন্ত্র করে।

মহারাণীর সঙ্গে যুদ্ধ করিবার ষড়যন্ত্র হইয়াছে। তন্মধ্যে আমন্দ, বলরাম, চন্দ্র, দীমনাথ, ঈশান, ফকীরচাঁদ, গগণপ্রভৃতি কএক ব্যক্তি সম্মিলিত ছিল। সেই ষড়যন্ত্রের অনুষ্ঠানের উপলক্ষে বলরাম ইউরোপে অস্ত্রশস্ত্র ক্রয় করিল, চন্দ্র কলিকাতায় টাকা আদায় করিল, দীমনাথ বোম্বাইবাসি কএক ব্যক্তিকে সেই ষড়যন্ত্রে মিলিবার প্রবৃত্তি দিল, আগ্রায় ঈশান সেই উদ্দেশ্যের পোষকতায় লিপি প্রকাশ করিল। কলিকাতায় আমন্দ যে টাকা আদায় করিয়াছিল ফকীরচাঁদ দিল্লীতে থাকিয়া কাবলে গগণের নিকট সেই টাকা পাঠাইল, এমনস্থলে আমন্দ যদিও সেই সকল ব্যক্তিকে না জানিত ও যে ব্যক্তিরা ঐ সকল ক্রিয়া করে তাহারা আমন্দের অপরিচিত লোক হইলেও আমন্দ সেই ষড়যন্ত্রে মিলিত ছিল ইহার প্রমাণার্থে উক্ত সকল বৃত্তান্ত প্রসঙ্গিক।

(খ) বলরাম আমন্দের মানহানি করণার্থে চন্দ্র ও দীমনাথ ও ঈশানের সঙ্গে ষড়যন্ত্র করিল বলিয়া আমন্দ বলরামের নামে নালিশ করে।

চন্দ্র কোন সম্বাদপত্রে আমন্দের মানের হানিজনক কথা প্রকাশ করিয়াছিল। আমন্দ ঋণশোধ করিতে অক্ষম দীমনাথ ইহা বলিয়া জমরব করিল। আমন্দকে ঋণ দিও না বলিয়া ঈশান কোন বণিককে প্রবৃত্তি দিয়াছিল। এই সকল বৃত্তান্ত সাধারণ উদ্দেশ্যের অনুষ্ঠান করিবার জন্যে ষড়যন্ত্রকারিদের কৃত ক্রিয়া দর্শাইবার বৃত্তান্ত বলিয়া প্রাসঙ্গিক হয়।

১৪ ধারা। কোন বৃত্তান্ত স্থলান্তরে প্রাসঙ্গিক না হইলেও এইং স্থলে প্রাসঙ্গিক হয়,

যে বৃত্তান্ত প্রাসঙ্গিকবৃত্তান্তের অসঙ্গত কিম্বা যদ্দ্বারা ঐ বৃত্তান্তের সত্তা যুক্তিমতে নিশ্চয় হয় তাহার কথা।

(১) কোন প্রাসঙ্গিক বৃত্তান্তের অসঙ্গত হইলে,

(২) আদালতের বিবেচনায় যে অনুভবের সত্যত্ব স্বতই অত্যন্ত অসম্ভব কিম্বা যে ব্যক্তি দ্বারা সেই বৃত্তান্ত কথিত হয় তাহারই দ্বারা সেই অনুভবের প্রমাণ করা উচিত এমত স্থলভিন্ন সেই বৃত্তান্ত প্রাসঙ্গিক বৃত্তান্তের অসঙ্গত হইলে,

(3) if by themselves or in connection with other facts they make the existence or non-existence of any relevant fact morally certain.

Illustrations.

(*a.*) The question is whether A committed a crime at Calcutta on a certain day

The fact that on that day A was at Lahore is relevant.

The fact that at the time when the crime was committed A was at such a distance from the place where it was committed that he could not by the use of ordinary means of locomotion have reached the place at the time, is relevant if the Court thinks, under the circumstances of the case, that it is highly improbable, or that the prosecution ought to prove that extraordinary means of locomotion were at A's disposal.

(*b.*) The question is whether A committed a crime.

The circumstances are such that the crime must have been committed either by A, B, C or D. Every fact which shows that the crime could have been committed by no one else, or that it was not committed by either B, C or D is relevant.

15. In suits in which damages are claimed, any fact which will enable the Court to determine the amount of damages which ought to be awarded is relevant.

In suits for damages, evidence may be given of facts tending to determine amount.

16. Where the question is as to the existence of any right or of any custom the following facts are relevant—

Facts relevant when right or custom is in question.

(*a.*) Any transaction by which the right in question was created, modified, recognised or denied, or which was inconsistent with its existence.

(*b.*) Particular instances in which the right in question was exercised, or in which its exercise was prevented as of right.

(*c.*) Particular instances in which the custom in question was recognised or departed from.

Illustrations.

(*a.*) The question is whether certain lands belong to A.

Transfers of the land from one person to another and finally to A are relevant facts.

(*b.*) The question is whether a horse belongs to B, the executor of A, or to C who is in possession of it.

The fact that A gave the horse to C in A's lifetime is relevant.

17. Facts showing the existence of any state of mind, such as intention, knowledge, good faith, negligence, rashness, ill-will or good-will towards any particular person, or showing the existence of any state

Facts showing existence of state of mind or of body or bodily feeling.

(৩) সেই বৃত্তান্ত স্বতই কিম্বা অন্য বৃত্তান্তের সংযোগদ্বার কোন প্রাসঙ্গিক বৃত্তান্তের সত্তা কি অসত্তা যুক্তিমতে নিশ্চয় হইলে ইতি।

উদাহরণ।

(ক) আমন্দ নির্দ্দিষ্ট দিনে কলিকাতায় অপরাধ করিল কি না এই প্রশ্ন হইল।

সেই দিনে আমন্দ লাহোরে ছিল এই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

অপরাধ যে সময়ে করা যায় সেই সময়ে আমন্দ সেই স্থানহইতে এত দূরে ছিল যে সাধারণমতে গমনাগমনের উপায় দ্বারা গমন করিলে সে ঐ স্থানে কোন প্রকারে পঁহুছিতে পারিত না, যদি আদালত ব্যাপারের ভাবগতিক বিবেচনায় এই বৃত্তান্ত অতিঅসম্ভব জ্ঞান করেন, কিম্বা গমনাগমন করিবার সাধারণ উপায়ভিন্ন আমন্দের গমন করিবার অন্য উপায় ছিল এই কথা অভিযোক্তার প্রমাণ করা উচিত যদি আদালত এমত বোধ করেন, তবে ঐ বৃত্তান্ত প্রাসঙ্গিক হয়।

(খ) আমন্দ কোন অপরাধ করিল কি না এই প্রশ্ন হয়।

ভাবগতিক বিবেচনা করিলে, হয় আমন্দ, না হয় বলরাম কিম্বা চন্দ্র অথবা দীননাথ ইহার একতর ব্যক্তি ঐ অপরাধ করিয়াছে। এমন স্থলে অন্য কাহার দ্বারা সেই অপরাধ হইতে পারিল না। কিম্বা বলরাম কি চন্দ্র কি দীননাথ সেই অপরাধ করে নাই ইহা যে বৃত্তান্ত দ্বারা দেখা যায় তাহা প্রাসঙ্গিক।

হানিপূরণের মোকদ্দমায় যে বৃত্তান্তদ্বারা হানির মূল্য নির্ণয় হয় তাহার সাক্ষ্য দিবার কথা।

১৫ ধারা। মোকদ্দমায় হানিপূরণের দাওয়া হইলে হানিস্বরূপ কত টাকা দিবার আজ্ঞা করা উচিত আদালত যে বৃত্তান্তদ্বারা ইহা নির্ণয় করিতে পারেন তাহা প্রাসঙ্গিক ইতি।

স্বত্বের কি রীতির কথা উত্থাপন হইলে যে বৃত্তান্ত প্রাসঙ্গিক হয় তাহার কথা।

১৬ ধারা। কোন স্বত্ব কিম্বা রীতি প্রচলিত আছে কি না এই প্রশ্ন উত্থাপন হইলে নিম্নলিখিত বৃত্তান্ত প্রাসঙ্গিক হয়।

(ক) যে ব্যাপারদ্বারা কথিত স্বত্ব দৃষ্ট কি মতান্তরিত কি স্বীকৃত বা অস্বীকৃত হয় কিম্বা যে ব্যাপার ঐ স্বত্বের অসঙ্গত হয় তাহা।

(খ) বিশেষ২ যে স্থলে উক্ত স্বত্বানুক্রমে কার্য্য হয় কিম্বা যে২ স্থলে নিষেধ করিবার অধিকার আছে বলিয়া ঐ স্বত্বানুসারে কার্য্যের নিষেধ হয় তাহা।

(গ) বিশেষ যে২ স্থলে উক্ত রীতি স্বীকৃত হইল কিম্বা তাহার ব্যতিক্রম হইল তাহা।

উদাহরণ।

(ক) নির্দ্দিষ্ট কতক ভূমি আমন্দের ভূমি কি না এই প্রশ্ন হইল।

ঐ ভূমি কোন এক ব্যক্তিহইতে অন্য ব্যক্তির হস্তগত হইতে২ ক্রমশঃ আমন্দের হস্তগত হইল, এই২ বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(খ) কোন ঘোড়া বলরামের না চন্দ্রের এই প্রশ্ন হইল। বলরাম আমন্দের উইলনিরূপিত কার্য্যসাধক, ঘোড়া চন্দ্রের অধিকারে আছে।

এই স্থলে আমন্দ জীবৎকালে চন্দ্রকে ঐ ঘোড়া দিল এই বৃত্তান্ত প্রাসঙ্গিক হয়।

যে বৃত্তান্তদ্বারা মানসিক কি শারীরিক অবস্থা কিম্বা শরীরের ভাব জানা যায় সেই বৃত্তান্তের কথা।

১৭ ধারা। মনের কি শরীরের কোন অবস্থা কিম্বা শারীরিক ভাব প্রাসঙ্গিক বৃত্তান্তের মধ্যে থাকিলে, মনের সেই অবস্থা অর্থাৎ কল্পনা কি জ্ঞান কি সারল্য কি শৈথিল্য কি দুঃ-

of body or bodily feeling, are relevant, when the existence of any such state of mind or body or bodily feeling, is relevant:

Proviso. Provided that no party to any proceeding shall be permitted to prove any statement made by himself for the purposes only of proving any state of his own mind, or any feeling of his own body, unless such statement was accompanied, either by contemporaneous conduct on his part which it explains, or by contemporaneous circumstances which render its falsehood improbable, and unless it was made at or about the time when such state of mind or bodily feeling existed.

Illustrations.

(*a.*) A is accused of receiving stolen goods knowing them to be stolen. It is proved that he was in possession of a particular stolen article.

The fact that at the same time he was in possession of many other stolen articles is relevant, as tending to show that he knew each and all of the articles of which he was in possession to be stolen.

(*b.*) A is accused of fraudulently delivering to another person a piece of counterfeit coin which, at the time when he became possessed of it, he knew to be counterfeit.

The fact that at the time of its delivery he was possessed of a number of other pieces of counterfeit coin is relevant.

(*c.*) A sues B for damage done to A by a dog of B's, which B knew to be ferocious.

The facts that the dog had previously bitten X, Y and Z, and that they had made complaints to B, are relevant.

(*d.*) The question is whether A, the acceptor of a bill of exchange, knew that the name of the payee was fictitious.

The fact that A had accepted other bills drawn in the same manner before they could have been transmitted to him by the payee if the payee had been a real person is relevant, as showing that A knew that the payee was a fictitious person.

(*e.*) A is accused of defaming B by publishing an imputation intended to harm the reputation of B.

The fact of previous publications by A respecting B, showing ill-will on the part of A towards B, is relevant, as proving A's intention to harm B's reputation by the particular publication in question.

The facts that there was no previous quarrel between A and B, and that A repeated the matter complained of

সাহস কিম্বা ব্যক্তি বিশেষের প্রতি দ্বেষ কি অনুরাগ যে বৃত্তান্তদ্বারা প্রকাশ হয়, অথবা যে বৃত্তান্তদ্বারা শরীরের সেই অবস্থা কিম্বা শারীরিক ভাব প্রকাশ পায়, সেই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

উপবিধি। কিন্তু আনুষ্ঠানিক কার্য্যের কোন পক্ষ যদি আপনি কেবল আপনার মনের কোন অবস্থার কিম্বা আপনার শরীরের কোন ভাবের প্রমাণ করণের নিমিত্তে কোন কথা কহে, তবে তাহার তৎসমকালীন যে আচরণ দ্বারা তাহার সেই কথার ব্যাখ্যা হয়, কিম্বা তৎসমকালীন যে ভাবগতিকদ্বারা তাহার সেই কথার অসত্যতা সম্ভাবনা না হয়, ঐ কথা কহন সময়ে তাহার এমত আচরণ কি ভাবগতিক না থাকিলে, এবং তাহার মানসিক সেই অবস্থা এবং শারীরিক সেই ভাব যে সময়ে ছিল সেই সময়ে কিম্বা তাহার কিঞ্চিৎপূর্ব্বে কি পরে ঐ কথা কহা না গেলে, সেই ব্যক্তি ঐ কথার প্রমাণ করিতে পাইবে না ইতি।

উদাহরণ।

(ক) আমন্দের নামে চোরা দ্রব্য চোরা জানিয়া গ্রহণ করিবার অভিযোগ হইল। কোন চোরা দ্রব্য তাহার অধিকারে ছিল ইহার প্রমাণ হইল।

সেই সময়ে তাহার কাছে অন্য অনেক চোরা দ্রব্য ছিল এই বৃত্তান্ত প্রসঙ্গিক কেননা তাহার অধিকারগত সকল ও প্রত্যেক দ্রব্য সে চোরা বলিয়া জানিত উক্ত বৃত্তান্তে ইহার আভাস দেখা যায়।

(খ) আমন্দ একটি কৃত্রিম মুদ্রা পাইয়া সেই সময়ে কৃত্রিম জানিয়া অন্য ব্যক্তিকে প্রতারণাক্রমে দিল, তাহার নামে এই অভিযোগ হয়।

সেই মুদ্রা দেওনের সময়ে তাহার নিকট অন্য অনেক গুলিন কৃত্রিম মুদ্রা ছিল এই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(গ) বলরামের কুকুরে আমন্দের হানি হইয়াছে বলিয়া আমন্দ বলরামের নামে হানিপূরণের নালিশ করে। বলরাম সেই কুকুরকে দুরন্ত জানিত।

ঐ কুকুর পূর্ব্বে যদুকে ও বলরামকে ও বেচুকে কামড়াইয়াছিল ও তাহারা বলরামের নিকট সেই কথা জানাইল, এই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(ঘ) আমন্দ এক খান হুণ্ডী স্বীকার করিল কিন্তু যে ব্যক্তি ঐ টাকা পাইবে তাহার কৃ ম নাম তাহাতে দেওয়া গেল আমন্দ ইহা জানিত কি না এই প্রশ্ন হইল।

টাকা পাইবে বলিয়া যে ব্যক্তির নাম লেখা গেল সেই ব্যক্তি প্রকৃত ব্যক্তি হইলে আমন্দের নিকট তাহার ঐ হুণ্ডী পাঠাইবার অবকাশ থাকিত না, আমন্দ এমত অন্য কএক হুণ্ডী পূর্ব্বেও স্বীকার করিয়াছে, এই বৃত্তান্ত প্রাসঙ্গিক যেহেতুক যে ব্যক্তি ঐ টাকা পাইল আমন্দ তাহার নাম কৃত্রিম জানিত ইহা দৃষ্ট হয়।

(ঙ) আমন্দ বলরামের নামহানি করিবার কল্পনায় তাহার অপবাদ প্রকাশ করিল বলিয়া আমন্দের নামে অপবাদ করণাপরাধের অভিযোগ হয়।

আমন্দ তৎপূর্ব্বে বলরামের বিষয়ে নানা কথা প্রকাশ করিয়াছিল ও তাহাতে বলরামের প্রতি তাহার দ্বেষ প্রকাশ হয়, এই বৃত্তান্ত প্রাসঙ্গিক। যেহেতুক উক্ত বিশেষ অপবাদ প্রকাশ করিয়া বলরামের নাম হানি করিবার কল্পনা করিল ইহার প্রমাণ হয়।

পূর্ব্বে আমন্দের ও বলরামের মধ্যে বিবাদ ছিল না কিন্তু উক্ত অভিযোগের মধ্যে যে অপবাদের উল্লেখ হয় আমন্দ

as he heard it, are relevant, as showing that A did not intend to harm the reputation of B.

(*f*.) A is sued by B for fraudulently representing to B that C was solvent, whereby B being induced to trust C who was insolvent, suffered loss.

The fact that at the time when A represented C to be solvent, C was supposed to be solvent by his neighbours and by persons dealing with him is relevant, as showing that A made the representation in good faith.

(*g*.) A is sued by B for the price of work done by B upon a house of which A is owner, by the order of C, a contractor.

A's defence is that credit was given to C.

The fact that A paid C for the work in question is relevant, as proving that A did, in good faith, make over to C the management of the work in question, so that C was in position to contract with B on C's own account, and not as agent for A.

(*h*.) A is accused, under section 413 of the Indian Penal Code, of the dishonest misappropriation of property which he had found, and the question is whether, when he appropriated it, he did in good faith believe that the real owner could not be found.

The fact that public notice of the loss of the property had been given in the place where A was is relevant, as showing that A did not in good faith believe that the real owner of the property could not be found.

The fact that A knew or had reason to believe that the notice was given fraudulently by C, who had heard of the loss of the property and wished to set up a false claim to it, is relevant, as showing that the fact that A knew of the notice did not disprove A's good faith.

(*i*.) The question is whether A has been guilty of cruelty towards B, his wife.

Expressions of their feelings towards each other shortly before or after the alleged cruelty, are relevant facts.

(*j*.) The question is whether A's death was caused by poison.

Statements made by A during his illness as to his symptoms, are relevant facts.

(*k*.) The question is what was the state of A's health at the time when an assurance on his life was effected.

Statements made by A as to the state of his health at or near the time in question, are relevant facts.

(*l*.) A is accused of defaming B by publishing an imputation intended to harm his reputation.

A may not prove previous statements of his own that he did not wish to harm B's reputation made in ordinary conversation.

তাহা অন্যের নিকট শুনিয়া লিখিলেন। এই বৃত্তান্ত প্রাসঙ্গিক যেহেতুক আনন্দ বলরামের মানহানি করিতে কল্পনা করেন নাই এই বৃত্তান্তে ইহার প্রমাণ হয়।

(ছ) চন্দ্র ঋণশোধ করিতে সক্ষম আনন্দ প্রতারণাক্রমে বলরামকে এই কথা কহিলে চন্দ্রের প্রতি বলরামের বিশ্বাস করিবার প্রবৃত্তি হইল। চন্দ্র ঋণশোধ করিতে অক্ষম হওয়াতে বলরামের হানি হইল।

আনন্দ যে সময়ে চন্দ্রকে ঋণশোধ করিবার সক্ষম বলিয়া জানাইল সেই সময়ে চন্দ্রের প্রতিবাসিগণ ও অন্য যে লোকেরা তাহার সঙ্গে কারবার করিত তাহারা সকলে তাহাকে ঋণশোধ করিতে সক্ষম জানিত, এই বৃত্তান্তদ্বারা আনন্দ সরলভাবে উক্ত কথা কহিল ইহা জানা যায়, অতএব তাহা প্রাসঙ্গিক।

(জ) চন্দ্র আনন্দের ঘরে কোন কর্ম্ম করিবার চুক্তি করিলে বলরাম সেই কর্ম্ম করিয়া তাহার মূল্য পাইবার নিমিত্তে আনন্দের নামে নালিশ করে।

আনন্দ উত্তর করিল আমি চন্দ্রকে অগ্রিম মূল্য দিলাম।

আনন্দ চন্দ্রকে সেই কার্য্যের মূল্য দিল এই বৃত্তান্ত দ্বারা আনন্দ সরলভাবে চন্দ্রের প্রতি সেই কর্ম্ম সম্পাদন করিবার ভার যে দিল ইহার প্রমাণ হওয়াতে চন্দ্র আনন্দের পক্ষে কর্ম্মকারকস্বরূপ না হইয়া আপনার পক্ষে বলরামের সঙ্গে চুক্তি করিতে পারিল অতএব এই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(ঝ) আনন্দ কোন দ্রব্য কুড়িয়া পাইয়া কুটিলভাবে তাহা অবৈধ ব্যবহার করিল, এই অপরাধে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪০৩ ধারামতে তাহার নামে অভিযোগ হয়, তাহাতে আনন্দ যে সময়ে ঐ দ্রব্য ব্যবহার করিল সেই সময়ে ঐ দ্রব্যের প্রকৃত স্বামির সন্ধান পাওয়া যাইতে পারে না এই কথা সরলভাবে জানিত কি না এই প্রশ্ন উত্থিত হইল।

আনন্দ যে স্থানে ছিল সেই স্থানে ঐ দ্রব্য হারাইবার জ্ঞাপনপত্র প্রকাশ করা গিয়াছিল এই বৃত্তান্তদ্বারা ইহা জানা যায় যে ঐ দ্রব্যের প্রকৃত স্বামির সন্ধান পাইতে না পারিবার কথায় আনন্দ সরলভাবে বিশ্বাস করিল না অতএব এই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

চন্দ্র সেই দ্রব্য হারাণ যাইবার কথা শুনিয়া দ্রব্যের উপর মিথ্যা দাওয়া করিতে ইচ্ছুক হইয়া প্রতারণাভাবে ঐ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়াছিল আনন্দ ইহা জানিত কিম্বা তাহার এই কথা বিশ্বাস করিবার কারণ ছিল। আনন্দ ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার কথা জানিলেও তাহার সরলভাবের অপ্রমাণ হয় না এই বৃত্তান্তদ্বারা ইহা জানা যাওয়াতে ঐ বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(ট) আনন্দ আপন স্ত্রী রামার প্রতি নির্দ্দয়াচার করিবার অপরাধী কি না এই প্রশ্ন উত্থিত হইল।

কথিত নির্দ্দয়াচারের কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে পরস্পরের ভাবসূচক যেং কথা কহা গেল তাহার বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(ঠ) বিষসেবন দ্বারা আনন্দের মৃত্যু হইল কি না এই প্রশ্ন হয়।

আনন্দ পীড়ার সময়ে আপন পীড়ার যেং লক্ষণ জানাইল তাহা প্রাসঙ্গিক বৃত্তান্ত।

(ড) আনন্দ যে সময়ে আপন জীবনের উপর বিমা গ্রহণ করে সেই সময়ে তাহার শরীরের কি গতিক ছিল এই প্রশ্ন হয়।

সেই সময়ে কিম্বা তাহার কিঞ্চিৎপূর্ব্বে কি পরে আনন্দ আপন শরীরের স্বাস্থ্যাদি বিষয়ে যে কথা কহিয়াছে তাহা প্রাসঙ্গিক বৃত্তান্ত।

(ঢ) যে দোষারোপদ্বারা বলরামের নামের হানি হইতে পারে আনন্দ তাহা প্রকাশ করাতে বলরামের অপবাদ করণাপরাধে আনন্দের নামে অভিযোগ হয়।

এই স্থলে বলরামের নামের হানি করিতে চাহি না আনন্দ সামান্য প্রকারে কথা বার্ত্তা করণ সময়ে এইরূপ যে কথা কহিয়াছিল তাহার প্রমাণ করিতে পাইবে না।

(*m*.) In the last illustration, A might prove that he wrote a letter to the Editor of a newspaper to whom he sent the matter complained of, requesting him not to publish the matter complained of if he thought it would harm B's reputation.

(ণ) শেষোক্ত উদাহরণের স্থলে আমন্দ ঐ অভিযোগের কথা লিখিয়া কোন সম্বাদপত্রের সম্পাদকের নিকট পাঠাইয়া কহিল যে এই কথাদ্বারা যদি তোমার বিবেচনায় বলরামের মানের হানি হইবার সম্ভাবনা হয়, তবে তাহা প্রকাশ করিও না, আমন্দ আপনার এই কথার প্রমাণ করিতে পারিবে।

18. When there is a question whether an act was accidental or intentional, the fact that such act formed part of a series of similar occurrences, in each of which the person doing the act was concerned, is relevant.

Act forming part of series of occurrences.

১৮ ধারা। কোন কার্য্য অকস্মাৎ, না কল্পনাপূর্ব্বক করা গেল, এই প্রশ্ন হইলে, ঐ ক্রিয়া তদনুরূপ কার্য্যশ্রেণীর একাংশ ছিল ও সেই প্রত্যেক ঘটনায় ক্রিয়াকারি ব্যক্তির সম্পর্ক ছিল এই বৃত্তান্ত প্রাসঙ্গিক ইতি।

ঘটনাশ্রেণীর একাংশ বলিয়া যে কর্ম্ম হয় তাহার কথা।

Illustrations.

উদাহরণ।

(*a*.) A is accused of burning down his house in order to obtain money for which it is insured.

The facts that A lived in several houses successively, each of which he insured, in each of which a fire occurred, and after each of which fires A received payment from a different insurance office, are relevant, as tending to show that the fires were not accidental.

(ক) আমন্দের ঘরের উপর বিমা লওয়া গিয়াছে। আমন্দ সেই বিমার টাকা পাইবার আশয়ে আপনার গৃহ দগ্ধ করে ইহা বলিয়া তাহার নামে অভিযোগ হইল।

আমন্দ ক্রমশঃ অনেক ঘরে বাস করিল, প্রত্যেক ঘরের উপর বিমা গ্রহণ হইয়াছিল, প্রত্যেক ঘরে আগুন লাগিল। এক২ ঘর দগ্ধ হইলে আমন্দ বিমার ব্যবসায়ি কোন আফিস-হইতে টাকা পাইয়াছিল, এই সকল বৃত্তান্তদ্বারা জানা যায় যে অকস্মাৎ আগুন লাগে নাই। অতএব সেই২ বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(*b*.) A is employed to receive money from the debtors of B. It is A's duty to make entries in a book showing the amounts received by him. He makes an entry showing that on a particular occasion he received less than he really did receive.

The question is whether this false entry was accidental or intentional.

The fact that other entries made by A in the same book are false, and that the false entry is in each case in favour of A, are relevant.

(খ) আমন্দ বলরামের খাতকদের নিকট টাকা আদায় করিতে নিযুক্ত হয়। টাকা পাইলে খাতায় জমা দেওয়া আমন্দের কর্ত্তব্য। কোন সময়ে যত টাকা পাইল তাহার কম টাকা জমা দিল।

আমন্দ সেই মিথ্যা কথা অকস্মাৎ, না কল্পনা করিয়া লেখে এই প্রশ্ন হইল।

আমন্দ সেই খাতায় আর২ টাকা অযথার্থরূপে জমা দিল ও প্রত্যেকবার সেই অযথার্থ কথা লেখাতে তাহার লাভ হইল এই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

(*c*.) A is accused of fraudulently delivering to B a counterfeit rupee.

The question is whether the delivery of the rupee was accidental.

The facts that soon before or soon after the delivery to B, A delivered counterfeit rupees to C, D and E are relevant, as showing that the delivery to A was not accidental.

(গ) আমন্দ বলরামকে প্রতারণাপূর্ব্বক কৃত্রিম মুদ্রা দিল বলিয়া তাহার নামে অভিযোগ হয়।

ঐ মুদ্রা দেওয়া অকস্মাৎ হইয়াছিল কি না।

বলরামকে ঐ মুদ্রা দিবার কিঞ্চিৎ পূর্ব্বে কি কিঞ্চিৎ পরে আমন্দ চন্দ্রকে ও দীননাথকে ও ঈশানকে কৃত্রিম টাকা দিয়াছিল, এই বৃত্তান্তদ্বারা জানা যায় যে বলরামকে ঐ মুদ্রা দেওয়া আকস্মিক কার্য্য নয়। সেই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

19. When there is a question whether a particular act was done, the existence of any course of business according to which it naturally would have been done is a relevant fact.

Course of business when relevant.

১৯ ধারা। বিশেষ কোন ক্রিয়া করা গেল কি না এই প্রশ্ন হইলে কার্য্য করিবার যে বিশেষ ধারা প্রচলিত আছে তদনুসারে উক্ত ক্রিয়া স্বভাবতই করা গেল, এই বৃত্তান্ত প্রাসঙ্গিক ইতি।

কার্য্যের ধারা যে সময়ে প্রাসঙ্গিক হয় তাহার কথা।

Illustration.

উদাহরণ।

(*a*.) The question is whether a particular letter was despatched.

The facts that it was the ordinary course of business for all letters put in a certain place to be carried to the post, and that that particular letter was put in that place, are relevant.

(ক) কোন পত্র পাঠান গেল কি না এই প্রশ্ন হইল।

কার্য্যের ধারানুসারে যত পত্র ডাকে যাইবে তাহা কোন বিশেষ স্থানে রাখা গিয়া থাকে উক্ত পত্রও সেই স্থানে রাখা গিয়াছিল। এই বৃত্তান্ত প্রাসঙ্গিক।

Character when relevant.

চরিত্রের বৃত্তান্ত যে স্থলে প্রাসঙ্গিক হয় তাহার কথা।

20. In civil cases, the fact that the character of any person concerned is such as to render probable or improbable any conduct imputed to him, is irrelevant, except in so far as such character appears from facts otherwise relevant.

In civil cases, character to prove conduct imputed irrelevant.

২০ ধারা। দেওয়ানী মোকদ্দমায় লিপ্ত কোন ব্যক্তির প্রতি যে কর্ম্ম আরোপিত হয় তাহার সেই কর্ম্ম করা সম্ভব কি অসম্ভব ইহা দেখাইবার জন্যে তাহার চরিত্রের বৃত্তান্ত অপ্রাসঙ্গিক, কিন্তু প্রকারান্তরে যে বৃত্তান্ত প্রাসঙ্গিক হয় সেই বৃত্তান্তে তাহার উক্ত চরিত্র প্রকাশ হইলে প্রাসঙ্গিক হইতে পারে ইতি।

দেওয়ানী মোকদ্দমায় আরোপিত কর্ম্মের প্রমাণার্থে চরিত্র অপ্রাসঙ্গিক হইবার কথা।

In criminal cases, previous good character relevant.

21. In criminal proceedings, the fact that the person accused is of a good character, is relevant.

ফৌজদারী মোকদ্দমায় পূর্ব্ব সচচরিত্র প্রাসঙ্গিক হইবার কথা।

২১ ধারা। ফৌজদারী মোকদ্দমাপ্রভৃতিতে অভিযুক্ত ব্যক্তি সচচরিত্র এই বৃত্তান্ত প্রাসঙ্গিক হয় ইতি।

Previous conviction in criminal trials relevant, but not previous bad character, except in reply.

22. In criminal proceedings, the fact that the accused person has been previously convicted of any offence is relevant, but the fact that he has a bad character is irrelevant, unless evidence has been given that he has a good character, in which case it becomes relevant.

Explanation.—This section does not apply to cases in which the bad character of any person is itself a fact in issue.

ফৌজদারী মোকদ্দমায় পূর্ব্বে অপরাধ নির্ণয় হওয়ার কথা প্রাসঙ্গিক কিন্তু উত্তরভিন্ন অন্য স্থলে পূর্ব্ব কুচরিত্র অপ্রাসঙ্গিক হওয়ার কথা।

২২ ধারা। ফৌজদারী মোকদ্দমায় অভিযুক্ত ব্যক্তির কোন অপরাধ পূর্ব্বে নির্ণয় হইয়াছিল এইবৃত্তান্ত প্রাসঙ্গিক সে কুচরিত্র লোক এই বৃত্তান্ত অপ্রাসঙ্গিক। কিন্তু তাহার সচচরিত্রের প্রমাণ দেওয়া গেলে সেই কুচরিত্রের বৃত্তান্ত প্রাসঙ্গিক হয়।

ব্যাখ্যা।—কোন ব্যক্তির কুচরিত্রই ইস্যুঘটিত বৃত্তান্ত হইলে এই ধারা খাটে না ইতি।

Character as affecting damages.

23. In civil cases, the fact that the character of any person was such as to effect the amount of damages which he ought to receive, is relevant.

Explanation.—In sections twenty, twenty-one, twenty-two and twenty-three, the word 'character' includes both reputation and disposition.

হানিপূরণের পক্ষে চরিত্রের কথা।

২৩ ধারা। দেওয়ানী মোকদ্দমায় কোন ব্যক্তির হানিপূরণস্বরূপ যত টাকা পাওয়া উচিত তাহার চরিত্রানুসারে সে ন্যূন কি অধিক টাকা পাইতে পারিলে সেই চরিত্রের বৃত্তান্ত প্রাসঙ্গিক

ব্যাখ্যা।—২০, ২১, ২২ ও ২৩ ধারায় "চরিত্র" শব্দের মধ্যে খ্যাতি ও স্বভাব উভয় গণ্য।

Character for chastity in trials for rape.

24. In trials for rape, or attempts to commit rape, the fact that the woman on whom the alleged offence was committed is a common prostitute, or that her conduct was generally unchaste, is relevant.

বলাৎকারের মোকদ্দমায় সতীত্বের চরিত্রের কথা।

২৪ ধারা। বলাৎকারের কিম্বা বলাৎকার করিবার উদ্যোগের মোকদ্দমায় যে স্ত্রীর পক্ষে কথিত অপরাধ হয় সে বেশ্যা কিম্বা সাধারণমতে তাহার চরিত্র অসৎ এই বৃত্তান্ত প্রাসঙ্গিক ইতি।

Admissions when relevant.

স্বীকারবাক্য যে সময়ে প্রাসঙ্গিক হয় তাহার কথা।

Admissions defined.

25. An admission is a statement, oral or documentary, which suggests any inference as to any relevant fact, and which is made by any person included in any of the classes hereinafter mentioned.

(*a.*) Parties to the proceeding.

(*b.*) Agents to such parties whom the Court regards, under the circumstances of the case, as expressly or impliedly authorized by them to make admissions.

(*c.*) Persons who have any interest in the subject-matter of the proceeding, and who make the statement in their character of persons so interested.

(*d.*) Persons from whom the parties to the suit have derived their interest in the subject-matter of the suit.

(*e.*) Third persons whose position or liability it is necessary to prove, as against any party to the suit, when the admission would be relevant as against such person in relation to such position or liability in a suit brought by or against them.

স্বীকার বাক্যের অর্থের কথা।

২৫ ধারা। বাচনিক কি লিখিত যে কথাদ্বারা কোন প্রাসঙ্গিক বৃত্তান্ত বিষয়ে অনুভূতির সূচনা হয় তাহা নিম্নলিখিত কোন শ্রেণীগত ব্যক্তিকর্ত্তৃক কহা গেলে বা লেখা গেলে তাহাই স্বীকার বাক্য।

(ক) আনুষ্ঠানিক কার্য্যের কোন পক্ষ।

(খ) আদালত ভাবগতিক বিবেচনায় উক্ত কোন পক্ষের যে মোক্তারদিগকে ঐ পক্ষ হইতেই স্বীকার বাক্য কহিতে স্পষ্টতঃ কি ভাবতঃ ক্ষমতাপ্রাপ্ত বলিয়া জ্ঞান করেন সেই মোক্তারেরা।

(গ) যে বিষয় লইয়া মোকদ্দমাপ্রভৃতি হয় সেই বিষয়ে যে ব্যক্তিদের স্বার্থ থাকে এবং সেই স্বার্থযুক্ত ব্যক্তিস্বরূপ যাহারা ঐ কথা কহে তাহারা।

(ঘ) যে বিষয় লইয়া মোকদ্দমা হয় সেই বিষয়ে মোকদ্দমার উভয় পক্ষের স্বার্থ যে ব্যক্তিদের স্থানে পাওয়া গেল সেই ব্যক্তিরা।

(চ) মোকদ্দমার কোন পক্ষের বিপক্ষে তৃতীয় যে ব্যক্তিদের অবস্থার কি দায়ের প্রমাণ করা আবশ্যক যদি সেই ব্যক্তিদের দ্বারা কিম্বা তাহারদের নামে উপস্থিত করা কোন মোকদ্দমায় সেই অবস্থা কিম্বা দায়সম্পর্কে ঐ স্বীকার বাক্য তাহারদের বিপক্ষে প্রাসঙ্গিক হইত তবে সেই তৃতীয় ব্যক্তিরা ইতি।

Illustration.

A undertakes to collect rents for B.

B sues A for not collecting rent due from C to B.

A denies that rent was due from C to B.

A statement by C that he owed B rent is an admission, and is a relevant fact as against A, if A denies that C did owe rent to B.

(*f*.) Third persons to whom a party to the suit has expressly referred for information in reference to a matter in dispute. No inference from such an admission is necessary.

(*g*.) Conspirators in relation to any matter connected with their common intention.

Explanation 1.—The interest referred to in (*d*) must be derived from, and not merely subsequent to, that of the person making the admission. Otherwise the statement is not an admission.

Explanation 2.—Statements made by members of the classes *c*, *d* or *e*, are not admissions, unless they were made during the existence of their respective interests in the matter to which such statements relate.

কিন্তু সাক্ষির স্থানে বলপূর্ব্বক সেই প্রশ্নের উত্তর লওয়া গেলেও, সেই উত্তর ক্রমে মিথ্যা সাক্ষ্য দেওয়ার যে অভিযোগ হইতে পারে তদ্ভিন্ন ঐ সাক্ষী তদ্ধেতুক ফৌজদারী মোকদ্দমাপ্রভৃতিতে অসিদ্ধ বা অভিযুক্ত হইতে পারিবে না ও তাহার বিপক্ষ সেই উত্তরের প্রমাণ করা যাইবে না ইতি।

উপবিধি।

119. No person charged with an offence shall be a competent witness for or against himself, or for or against any person charged jointly with him.

Persons jointly charged with offence.

১১৯ ধারা। কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইলে সে আপনার সপক্ষ বা বিপক্ষ, কিম্বা তাহার সহিত অন্য যে ব্যক্তির অভিযোগ হয় তাহার সপক্ষ বা বিপক্ষ যথাযোগ্য সাক্ষী হইবে না ইতি।

একত্র অপরাধ করিবার অভিযোগ হইলে তাহার কথা।

120. Evidence of the examination before the Magistrate of any accused person or of any confession made by any accused person, which might be proved as against such person, may be given against any person jointly accused with him in reference to the same transaction.

Examination or confession of accused as against a person jointly accused.

১২০ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অভিযুক্ত ব্যক্তির পরীক্ষার কিম্বা অভিযুক্ত ব্যক্তির স্বীকার-বাক্যের যে সাক্ষ্য দেওয়া যায় তাহা যদি সেই ব্যক্তির বিপক্ষে প্রমাণীকৃত হইতে পারে তবে সেই ব্যাপারোপলক্ষে তাঁহার সহিত অভিযুক্ত অন্য ব্যক্তিরও বিপক্ষে ঐ সাক্ষ্য দেওয়া যাইতে পারিবে ইতি।

অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা বা দোষ স্বীকার করণ সহ-অভিযুক্ত ব্যক্তির বিপক্ষ হওয়ার কথা।

121. In determining whether any one of two or more persons jointly accused of any offence is guilty, the Court may have regard to any statement made by any other such person under the provisions of the law for the time being relating to the examination or addresses to the Court of persons accused.

Statement by person jointly accused.

১২১ ধারা। কোন অপরাধের সহ-অপরাধী বলিয়া দুই বা তদধিক জনের নামে অভিযোগ হইলে, অভিযুক্ত ব্যক্তিদের পরীক্ষার বিষয়ে কিম্বা আদালতে তাহারদের প্রচারিত কথার বিষয়ে যৎকালে যে আইন প্রচলিত হয় সেই আইনের বিধানানুসারে তাহারদের কোন ব্যক্তি যে কথা কহে আদালত তাহারদের অন্যতর ব্যক্তির অপরাধ নির্ণয় করণে ঐ উক্তির প্রতি লক্ষ করিতে পারিবেন ইতি।

অন্যের সহিত অভিযুক্ত ব্যক্তির উক্তির কথা।

122. An accomplice shall be a competent witness against an accused person.

Accomplice.

১২২ ধারা। সহায় ব্যক্তি অভিযুক্ত ব্যক্তির বিপক্ষে যথাযোগ্য সাক্ষী হইবে ইতি।

সহায়ের কথা।

123. No particular number of witnesses shall in any case be required for the proof of any fact.

Number of witnesses.

১২৩ ধারা। কোন বৃত্তান্তের প্রমাণার্থে সাক্ষিদের কোন বিশেষ সংখ্যা ধরিতে হইবে না ইতি।

সাক্ষিদের সংখ্যার কথা।

Chapter XII.—Of the administration of oaths.

১২ পরিচ্ছেদ।—শপথ করাইবার কথা।

124. All witnesses are bound to state the truth in their evidence.

Witnesses.

১২৪ ধারা। সাক্ষ্য দেওন কালে সকল সাক্ষী সত্য কহিতে আবদ্ধ ইতি।

সাক্ষিদের কথা।

125. The Court shall administer to all witnesses an oath in the following form:—

"I solemnly affirm in the presence of Almighty God that what I shall state shall be the truth, the whole truth, and nothing but the truth."

Except in the following cases:—

(1.) The Court may, in its discretion, permit any witness to omit the words "in the presence of Almighty God" in the said form, and shall do so if it is satisfied that the witness has a conscientious objection to their use, or does not understand them, or regards them as unmeaning or useless.

(2.) If the Court has reason to believe that any witness attaches peculiar sanctity to any form of swearing, and that the employment of such form of swearing would be likely to make him tell the truth, it may employ that form either instead of or in addition to the form above-mentioned, and either in relation to the whole of the witness' evidence, or in relating to such part of it as has reference to any particular fact.

Form of oath.

১২৫ ধারা। আদালত সকল সাক্ষিকে নিম্নলিখিত পাঠে শপথ করাইবেন,

"আমি যাহা কহিব তাহা সত্য ও সম্পূর্ণ সত্য হইবে ও সত্যভিন্ন কহিব না সর্ব্বশক্তিমান পরমেশ্বরকে প্রত্যক্ষ মানিয়া ইহা ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিলাম।"

নিম্নলিখিত স্থলে সেই পাঠের ব্যবহার হইবে না।

(১) উক্ত পাঠে "সর্ব্বশক্তিমান পরমেশ্বরকে প্রতক্ষে মানিয়া" যে কথা আছে আদালত আপন বিবেচনামতে কোন সাক্ষিকে সেই কথা ত্যাগ করিতে দিবেন। এবং সাক্ষী ধর্ম্মভয়ে ঐ কথা ব্যবহার করিতে চাহে না, কিম্বা ঐ কথা বুঝে না, বা সেই কথা অনর্থক ও নিষফল জ্ঞান করে আদালতের এমত বোধ হইলে তাহাকে ঐ কথা উচ্চারণ করিতে দিবেন না।

(২) সাক্ষী অন্য কোন প্রকারে শপথ করিলে আপনাকে ধর্ম্মবদ্ধ জ্ঞান করিবেন, ও তাহাকে সেই প্রকারে শপথ করাইলে তাহার সত্য কথা কহা সম্ভাবনা, আদালত কোন কারণে এমত জ্ঞান করিলে, পূর্ব্বোক্ত পাঠে শপথ না করাইয়া সেই অন্য পাঠে কিম্বা ঐ উভয় পাঠে শপথ করাইবেন, এবং সাক্ষির সমুদয় সাক্ষ্য বিষয়ে কিম্বা কোন বিশেষ বৃত্তান্তের সহিত ঐ সাক্ষ্যের যে অংশের সম্পর্ক থাকে সেই অংশ বিষয়ে তদ্রূপে শপথ করাইবেন ইতি।

126. All persons who are appointed to act as interpreters or translators by any Court, whether generally or on any particular occasion, shall be deemed to be public servants, and shall well and truly interpret or translate such matters as they shall be required to interpret or translate to the best of their ability; but such persons shall not be sworn to interpret or translate.

Interpreters and translators.

১২৬ ধারা। আদালত কর্ত্তৃক কোন ব্যক্তিরা সাধারণমতে কিম্বা কোন বিশেষ সময়ে দোভাষি বা অনুবাদকের কর্ম্ম করিতে নিযুক্ত হইলে, তাঁহারদিগকে রাজকীয় কার্য্যকারক বলিয়া জ্ঞান করিতে হইবে। ও তাঁহারদের প্রতি যে২ কথার অর্থ কি অনুবাদ করিতে আদেশ করা যায় তাঁহারা আপনারদের সাধ্যমতে উত্তম ও যথার্থরূপে তাহার অনুবাদ ও অর্থ করিবেন কিন্তু অর্থ বা অনুবাদ করিব বলিয়া তাঁহারদিগকে শপথ করাণ যাইবে না ইতি।

দোভাষিদের ও অনুবাদকদের কথা।

Chapter XIII.—Of the examination of witnesses.

১৩ পরিচ্ছেদ।—সাক্ষিদের পরীক্ষার কথা।

127. The order in which witnesses are produced and examined shall be regulated as follows:—

Power to produce evidence and question witnesses.

১২৭ ধারা। সাক্ষিদিগকে উপস্থিত করাইয়া তাহারদের পরীক্ষা করিবার ক্রমের এই২ বিধান।

সাক্ষ্য উপস্থিত করাইবার ও সাক্ষিদের নিকট প্রশ্ন করিবার ক্ষমতার কথা।

(1.) In High Courts, by the law and practice of those Courts for the time being.

(১) হাই কোর্টে হইলে ঐ কোর্টে যৎকালীন যে ব্যবস্থা ও রীতি চলে তদনুসারে,

(2.) In the proceedings under the Codes of Civil and Criminal Procedure, by the laws for the time being relating to Civil and Criminal Procedure, respectively.

(২) দেওয়ানী ও ফৌজদারী আদালতের কার্য্য বিধানের আইনমত আনুষ্ঠানিক কার্য্য হইলে, উক্ত দেওয়ানী বা উক্ত ফৌজদারী কার্য্যবিধান সম্পর্কে যৎকালীন যে আইন প্রচলিত হয় তদনুসারে।

(3.) In other cases, by the discretion of the Court.

(৩) অন্য২ স্থলে আদালতের বিবেচনামতে।

128. When either party proposes to give evidence of any fact, the Judge may ask the party proposing to give the evidence in what manner the alleged fact, if proved, would be relevant, and the Judge shall admit the evidence if he think that the fact if proved would be relevant and not otherwise.

Judge to decide as to relevancy of facts.

১২৮ ধারা। কোন এক পক্ষ কোন বৃত্তান্তের সাক্ষ্য দিতে প্রস্তাব করিলে, ঐ কথিত বৃত্তান্ত প্রমাণীকৃত হইলে কি প্রকারে প্রাসঙ্গিক হয় বিচারপতি ঐ সাক্ষ্য দেওনের প্রস্তাবকারিকে এই কথা জিজ্ঞাসা করিতে পারিবেন। ও সেই বৃত্তান্তের প্রমাণ হইলে তাহা প্রাসঙ্গিক হয় বিচারপতি এমত জ্ঞান করিলে ঐ সাক্ষ্য গ্রাহ্য করিবেন নতুবা করিবেন না।

বৃত্তান্তের প্রাসঙ্গিকতার কথা বিচারপতির নির্ণয় করণের কথা।

If the fact proposed to be proved is one of which evidence is admissible only upon proof of some other fact, such last-mentioned fact must be proved before evidence is given of the fact first-mentioned.

যে বৃত্তান্ত প্রমাণ করিবার প্রস্তাব হয় অন্য বৃত্তান্তের প্রমাণ ভিন্ন তাহার সাক্ষ্য গ্রাহ্য না হইলে প্রথমোক্ত বৃত্তান্তের প্রমাণ দিবার পূর্ব্বে শেষোক্ত বৃত্তান্তের প্রমাণ করিতে হইবে।

If the relevancy of one alleged fact depends upon another alleged fact being first proved, the Judge may in his discretion either permit evidence of the first fact to be given before the second fact is proved, or require evidence to be given of the second fact before evidence is given of the first fact.

কথিত এক বৃত্তান্তের প্রমাণ না হইলে যদি কথিত অন্য বৃত্তান্ত প্রাসঙ্গিক না হয়, তবে বিচারপতি স্বীয় বিবেচনামতে দ্বিতীয় বৃত্তান্তের প্রমাণ করিবার পূর্ব্বে প্রথম বৃত্তান্তের সাক্ষ্য দিবার অনুমতি দিবেন কিম্বা প্রথম বৃত্তান্তের সাক্ষ্য দিবার পূর্ব্বে দ্বিতীয় বৃত্তান্তের সাক্ষ্য দিবার আদেশ করিবেন ইতি।

Illustrations.

উদাহরণ।

(*a.*) It is proposed to prove a statement about a relevant fact by a person alleged to be dead, which statement is relevant under section thirty-eight.

The fact that the person is dead must be proved before evidence is given of the statement.

(ক) কোন ব্যক্তির মৃত্যু হইয়াছে কথিত হইয়া প্রাসঙ্গিক বৃত্তান্তের বিষয়ে সেই ব্যক্তির উক্তি প্রমাণ করিবার প্রস্তাব হয়, ও ৩৮ ধারামতে সেই উক্তি প্রাসঙ্গিক।

এই স্থলে, ঐ উক্তির প্রমাণ দিবার পূর্ব্বে উক্ত ব্যক্তির যে মৃত্যু হইয়াছে এই বৃত্তান্তের প্রমাণ করিতে হইবে।

(*b.*) It is proposed to prove the contents of a document said to be lost by a copy.

The fact that the original is lost must be proved before the copy is produced.

(খ) কোন দলীল হারাইয়াছে বলিয়া প্রতিলিপি দ্বারা তাহার মর্ম্মের প্রমাণ করিবার প্রস্তাব হয়।

মূলপত্র যে হারাইয়াছে প্রতিলিপি উপস্থিত করিবার পূর্ব্বে ইহার প্রমাণ করিতে হইবে।

(c.) A is accused of receiving stolen property knowing it to have been stolen.

It is proposed to prove that he denied the possession of the property.

The relevancy of the denial depends on the identity of the property. The Court may in its discretion either require the property to be identified before the denial of the possession is proved, or permit the denial of the possession to be proved before the property is identified.

(গ) আমন্দের নামে চোরা দ্রব্য চোরা জানিয়া গ্রহণ করিবার অভিযোগ হইল।

ঐ দ্রব্য তাহার নিকট নাই তাহার এই কথা প্রমাণ করিবার প্রস্তাব হয়।

ঐ দ্রব্য প্রকৃত সেই দ্রব্য কি না তদনুসারে তাহার অস্বীকার বাক্য প্রাসঙ্গিক বা অপ্রাসঙ্গিক হইবে। অতএব ঐ দ্রব্য তাহার নিকট নাই এই কথার প্রমাণ হইবার পূর্ব্বে আদালত আপনার বিবেচনামতে ঐ দ্রব্য নিশ্চিত করিবার আজ্ঞা দিবেন, অথবা ঐ দ্রব্য নিশ্চিত হইবার পূর্ব্বে ঐ দ্রব্য তাহার নিকট নাই এই কথার প্রমাণ করিবার অনুমতি দিবেন।

129. The examination of the witness by the party who calls him shall be called his examination-in-chief.

Examination-in-chief.

The examination of the witness by the adverse party shall be called his cross-examination.

Cross-examination.

The examination subsequent to the cross-examination by the party who called the witness shall be called his re-examination.

Re-examination.

১২৯ ধারা। যে পক্ষ সাক্ষিকে আহ্বান করে তাহার দ্বারা সাক্ষির যে পরীক্ষা হয় তাহা মুখ্য পরীক্ষা বলা যায়, বিপক্ষ পক্ষদ্বারা ঐ সাক্ষির যে পরীক্ষা হয় তাহা কূটপরীক্ষা কহা যায়।

মুখ্য পরীক্ষা।

কূটপরীক্ষার কথা।

পুনঃপরীক্ষার কথা।

যে ব্যক্তি সাক্ষিকে আহ্বান করে কূটপরীক্ষার পর তাহার দ্বারা ঐ সাক্ষির যে পরীক্ষা হয় তাহা পুনঃপরীক্ষা বলা যায় ইতি।

130. Witnesses shall be first examined-in-chief, then (if the adverse party so desires) cross-examined, then (if the party calling him so desires) re-examined.

Order of examinations. Direction of re-examination.

The examination and cross-examination must relate to relevant facts, but the cross-examination need not be confined to the facts to which the witness testified on his examination-in chief.

The re-examination shall be directed to the explanation of matters referred to in cross-examination, and if new matter introduced in re-examination, the adverse party may further cross-examine upon that matter.

১৩০ ধারা। প্রথমে সাক্ষিদের মুখ্য পরীক্ষা হইবে। পরে বিপক্ষ পক্ষের ইচ্ছা হইলে তাহার কূটপরীক্ষা হইবে। যে পক্ষ তাহাকে আহ্বান করিল তৎপশ্চাৎ তাহার ইচ্ছা হইলে সাক্ষির পুনঃপরীক্ষা হইবে।

পরীক্ষা ও কূটপরীক্ষা প্রাসঙ্গিক বৃত্তান্ত ধরিয়া করিতে হইবে। কিন্তু মুখ্য পরীক্ষাকালে সাক্ষী যে বৃত্তান্তের সাক্ষ্য দেয়, কূটপরীক্ষাকালে সেই বৃত্তান্তভিন্ন অন্য বৃত্তান্তেরও সাক্ষ্য লওয়া যাইতে পারিবে।

কূটপরীক্ষাকালে যে২ বিষয়ের উল্লেখ হয়, তাহার ব্যাখ্য করণোদ্দেশে পুনঃপরীক্ষা হইবে। পুনঃপরীক্ষাকালে কোন নূতন বিষয় উপস্থিত করা গেলে বিপক্ষ পুনরায় সেই বিষয় ধরিয়া কূটপরীক্ষা করিতে পারিবেন ইতি।

পরীক্ষা লইবার ক্রম। পুনঃপরীক্ষার আজ্ঞার কথা।

131. A witness called merely to produce a document may be cross-examined by the party who does not call for the document, although such witness gives no evidence in the case.

Cross-examination of person called to produce a document.

১৩১ ধারা। কোন সাক্ষী কেবল দলীল দেখাইবার নিমিত্তে আহূত হইলে ও মোকদ্দমায় কোন সাক্ষ্য না দিলেও, যে পক্ষ ঐ দলীল আনাইল না তাঁহারদ্বারা ঐ সাক্ষির কূটপরীক্ষা হইতে পারিবে ইতি।

দলীল দেখাইবার জন্যে আহূত ব্যক্তির কূটপরীক্ষার কথা।

Witnesses to character.

132. Witnesses to character may be cross-examined and re-examined.

১৩২ ধারা। চরিত্রবিষয়ক সাক্ষিদের কূটপরীক্ষা ও পুনঃপরীক্ষা হইতে পারিবে ইতি।

চরিত্র বিষয়ক সাক্ষিদের কথা।

133. Any question suggesting the answer which the person who puts it wishes or expects to receive, is called a leading question.

Leading questions.

১৩৩ ধারা। প্রশ্নকারি ব্যক্তি প্রশ্নের যে উত্তর পাইবার ইচ্ছা বা আশা রাখে প্রশ্নদ্বারাই সেই উত্তর জানা গেলে তাহাকে উত্তরলক্ষ্য প্রশ্ন বলা যায় ইতি।

বিশেষ উত্তরলক্ষ্য প্রশ্নের কথা।

134. Leading questions must not, if objected to by the adverse party, be asked in an examination-in-chief, or in a re-examination, except with the permission of the Court.

When they must not be asked.

১৩৪ ধারা। উত্তরলক্ষ্য কোন প্রশ্ন বিষয়ে বিপক্ষ পক্ষের আপত্তি হইলে আদালতের অনুমতিবিনা মুখ্য পরীক্ষা বা পুনঃপরীক্ষাকালে ঐ প্রশ্ন করা যাইবে না।

যে স্থলে তদ্রূপ প্রশ্ন করা অবিধেয় তাহার কথা।

The Court shall permit leading questions as to matters which are introductory or undisputed, or which have, in its opinion, been already sufficiently proved.

When they may be asked.

135. Leading questions may be asked in cross-examination.

Evidence as to matters in writing.

136. Any witness may be asked, whilst under examination, whether any matter as to which he is giving evidence was not stated in a document, and if he says that it was, or if he is about to make any statement as to the contents of any document, or as to any material thing which, in the opinion of the Court, ought to be produced, the adverse party may object to such evidence being given until such document or material thing is produced, or until facts have been proved which entitle the party who called the witness to give secondary evidence of it.

Explanation.—A witness may give oral evidence of statements made by other persons about the contents of documents if such statements are in themselves relevant facts.

Illustration.

The question is whether A assaulted B.

C deposes that he heard A say to D—'B wrote a letter accusing me of theft, and I will be revenged on him.' This statement is relevant, as showing A's motive for the assault, and evidence may be given of it though no other evidence is given about the letter.

Cross-examination as to previous statements in writing.

137. A witness may be cross-examined as to previous statements made by him in writing or reduced into writing and relevant to matters in question without such writing being shown to him; but if it is intended to contradict him by the writing, his attention must, before the writing can be proved, be called to those parts of it which are to be used for the purpose of contradicting him.

Questions lawful in cross-examination.

138. When a witness is cross-examined, he may, in addition to the questions hereinbefore referred to, be asked any questions which tend to test his veracity, or to shake his credit, by injuring his character, although the answer to such questions might tend directly or indirectly to criminate him or might expose or tend directly or indirectly to expose him to a penalty or forfeiture.

কোন কথা উপস্থিত করণোদ্দেশে যে বিষয় ব্যক্ত হয় সেই বিষয়ের কিম্বা অবিবাদীয় বিষয়ের কিম্বা আদালতের বিবেচনায় কোন বিষয়ের যথেষ্ট প্রমাণ হইলে পর আদালত সেইং বিষয়ের উত্তরলক্ষ্য প্রশ্ন করিতে দিবেন ইতি।

যে স্থলে ঐ প্রশ্ন বিধেয় তাহার কথা।

১৩৫ ধারা। কূটপরীক্ষাকালে উত্তরলক্ষ্য প্রশ্ন করা যাইতে পারিবে ইতি।

লিখিত কথার সাক্ষ্যের কথা।

১৩৬ ধারা। কোন সাক্ষির পরীক্ষা হইতেছে এমন সময়ে তুমি যে বিষয়ের সাক্ষ্য দিতেছ তাহা কোন দলীলে লেখা আছে কি না তাহার নিকট এই প্রশ্ন করা যাইতে পারিবে, ও সে স্বীকার করিলে কিম্বা দলীলের মর্ম্ম বিষয়ে কিম্বা আদালতের বিবেচনায় যে দ্রব্য উপস্থিত করা কর্ত্তব্য এমত দ্রব্য বিষয়ে কোন কথা কহিতে উদ্যত হইলে সেই দ্রব্য কি দলীল যতকাল উপস্থিত না করা যায় কিম্বা যে বৃত্তান্তের প্রমাণ হইলে সাক্ষির আহবানকারি ব্যক্তির গৌণসাক্ষ্য দিবার অধিকার হয় যত কাল সেই বৃত্তান্তের প্রমাণ না করা যায় বিপক্ষ ব্যক্তি তত কাল ঐ সাক্ষ্য দেওনের আপত্তি করিতে পারিবেন।

ব্যাখ্যা।—দলীলের মর্ম্ম বিষয়ে অন্য ব্যক্তিদের উক্তি প্রাসঙ্গিক বৃত্তান্ত হইলে সাক্ষী সেই উক্তির বাচনিক সাক্ষ্য দিতে পারিবেন ইতি।

উদাহরণ।

আমন্দ বলরামের প্রতি আক্রমণ করিল কি না এই প্রশ্ন হইল।

বলরাম পত্র লিখিয়া আমার নামে চৌর্য্যাপরাধের অভিযোগ করিয়াছে আমিও তাহার প্রতিহিংসা করিব আমন্দ দীননাথকে এই কথা কহিল, চন্দ্র কহে আমি সেই কথা শুনিয়াছি। এই কথার দ্বারা আমন্দের মনে আক্রমণ করিবার প্রবর্ত্তকভাব প্রকাশ হয়, অতএব প্রাসঙ্গিক কথা হওয়াতে ঐ পত্রের অন্য সাক্ষ্য না দেওয়া গেলেও উক্ত কথার সাক্ষ্য দেওয়া যাইতে পারিবে।

লিখিত পূর্ব্বোক্তির কূটপরীক্ষার কথা।

১৩৭ ধারা। সাক্ষী যদি লিখিয়া কোন উক্তি করে কিম্বা করিবার পর তাহা লিখিয়া দেয় তবে সেই কথা বিবাদীয় বিষয়ে প্রাসঙ্গিক কথা হইলে ঐ লিখন তাহাকে না দেখাইয়া তাহার সেই কথার বিষয়ে কূটপরীক্ষা হইতে পারিবে। কিন্তু যদি সেই লিখনদ্বারা তাহার উক্তি খণ্ডন করিবার অভিপ্রায় থাকে, তবে ঐ লিখনের যেং কথার দ্বারা তাহার কথা খণ্ডিবার অভিপ্রায় হয় ঐ লিখনের প্রমাণ করিবার পূর্ব্বে সেইং কথার প্রতি তাহাকে মনোযোগ করাইতে হইবে ইতি।

কূটপরীক্ষাকালে যে প্রশ্ন বিধেয় হয় তাহার কথা।

১৩৮ ধারা। সাক্ষির কূটপরীক্ষা হওনকালে পূর্ব্বোক্ত প্রশ্নভিন্ন অন্য যেং প্রশ্নের দ্বারা তাহার সত্যবাদিতার পরীক্ষা হয় কিম্বা তাহার চরিত্রের দোষ প্রকাশ করণদ্বারা তাহার বিশ্বস্ততার প্রতি সন্দেহ জন্মে, সেই প্রশ্ন তাহাকে স্পষ্টরূপে বা চক্রান্তে অপরাধি করিবার ভাবাপন্ন হইলেও কিম্বা তদ্দ্বারা তাহার অর্থ কি সম্পত্তিদণ্ড হইবার সম্ভাবনা হইলে কিম্বা স্পষ্টরূপে বা চক্রান্তে তাহার সেই দণ্ড হইবার সম্ভাবনার প্রবর্ত্তক হইলেও, তাহাকে ঐ প্রশ্ন করা যাইতে পারিবে ইতি।

When witness to be compelled to answer.

139. If any such question relates to a matter relevant to the suit or proceeding, the provisions of section one hundred and eighteen shall apply thereto.

যে স্থলে সাক্ষির উত্তর বলক্রমে লওয়া যাইবে তাহার কথা।

১৩৯ ধারা। উক্ত কোন প্রশ্ন মোকদ্দমার কিম্বা আনুষ্ঠানিক কার্য্যের প্রাসঙ্গিক বিষয়ের প্রশ্ন হইলে তাহার প্রতি ১১৮ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

When witness not to be compelled to answer.

140. If any such question relates to a matter not relevant to the suit or proceeding, except in so far as it affects the credit of the witness by injuring his character, the witness shall not be compelled to answer it, and if he does answer it, or refuses to answer it, no evidence shall be given of any such answer or refusal to answer in any subsequent suit or proceeding, except a criminal prosecution of such witness for giving false evidence by such answer.

যে স্থলে সাক্ষির উত্তর বলক্রমে লওয়া যাইবে না তাহার কথা।

১৪০ ধারা। পূর্ব্বোক্ত প্রশ্ন মোকদ্দমার কিম্বা আনুষ্ঠানিক কার্য্যের অপ্রাসঙ্গিক বিষয়ের প্রশ্ন হইলে সাক্ষির স্থানে বলক্রমে তাহার উত্তর লওয়া যাইবে না। কেবল তাহার চরিত্রদোষ প্রকাশ করণদ্বারা তাহার বিশ্বাসযোগ্যতার হানি হইতে পারিলে তাহার সেই প্রশ্নের উত্তর দিতেই হইবে। অন্যস্থানে উত্তর দিলে বা উত্তর দিতে অস্বীকার করিলে ঐ উত্তরে মিথ্যা সাক্ষ্য দিল বলিয়া তাহার নামে অপরাধের যে অভিযোগ হইতে পারিবে তদ্ভিন্ন অন্য মোকদ্দমায় কি আনুষ্ঠানিক কার্য্যে ঐ উত্তরের কিম্বা উত্তর দিবার অনঙ্গীকারের সাক্ষ্য দেওয়া যাইবে না ইতি।

No such question to be asked by barrister, &c., without written instructions.

141. No such question as is mentioned in section one hundred and forty shall be asked by any barrister, advocate, attorney, pleader or other agent without express written instructions signed by the party on whose behalf he appears, or by the agent of such party.

বারিষ্টর প্রভৃতি লিখিত উপদেশ না পাইলে তাহার তদ্রূপে প্রশ্ন না করিবার কথা।

১৪১ ধারা। বারিষ্টর কি আডবোকেট কি টর্ণি কি উকীল বা অন্য মোক্তার যে ব্যক্তির সপক্ষে উপস্থিত হন, তাহার স্থানে কিম্বা তাহার কোন কর্ম্মকারকের স্থানে উক্ত প্রকারের প্রশ্ন করিবার স্পষ্ট লিখিত উপদেশ না পাইলে ১৪০ ধারার উল্লিখিত প্রশ্ন করিবেন না ইতি।

Court may require production of instructions. If none, or if insufficient, contempt of Court.

142. When any such question is asked by any such barrister, attorney, pleader or agent, the Court may, if it thinks fit, require from the person asking it the production of such written authority, and if he does not produce it, or if, when produced, it appears to the Court insufficient to authorize the question asked, the person asking such question shall be deemed to have committed a contempt of Court; but no such barrister, attorney, pleader or agent shall be held to have committed any other offence, or to have subjected himself to any civil proceedings by asking any such questions.

উপদেশপত্র দেখাইবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা। ও না থাকিলে কিম্বা উপযুক্ত না হইলে আদালতের অবজ্ঞা হওয়ার কথা।

১৪২ ধারা। উক্ত কোনবারিষ্টর কি টর্ণি কি উকীল কি মোক্তার উক্ত কোন কথা জিজ্ঞাসা করিলে, আদালত উচিত বোধ করিলে প্রশ্নকারিকে সেই লিখিত অনুমতি দেখাইবার আজ্ঞা করিতে পারিবেন। তিনি না দেখাইলে, কিম্বা দেখাইলেও যদি আদালত সেই অনুমতি ঐ প্রশ্ন করিবার প্রচুর অনুমতি জ্ঞান না করেন তবে ঐ প্রশ্নকারী আদালতের অবজ্ঞা করণাপরাধ করিয়াছেন এমত জ্ঞান হইবে। কিন্তু উক্ত বারিষ্টর কি টর্ণি কি উকীল কি মোক্তার তদ্রূপ কথা জিজ্ঞাসা করণ দ্বারা অন্য কোন অপরাধ করিলেন, কিম্বা দেওয়ানী কোন মোকদ্দমার যোগ্য হইয়াছেন এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

Court may impound instructions and deliver them to witness.

143. The Judge may, if he thinks fit, take possession of such written instructions upon their production and write upon them a memorandum identifying the document as one called for by him under the power hereby conferred upon him, and specifying the time, place and occasion on which, and the person by whom the question suggested in them was asked. The Judge shall sign such memorandum with his name and official title, and deliver the instructions and memorandum to the person of whom the question was asked. Upon the production in any civil or criminal proceeding of any

সেই উপদেশপত্র আদালতের আটক করিয়া সাক্ষিদিগকে দিবার কথা।

১৪৩ ধারা। উক্ত লিখিত উপদেশ দেখান গেলে আদালত বিহিত বোধ করিলে তাহা স্বীয় অধিকারে লইয়া এই আইন দ্বারা আমার প্রতি যে ক্ষমতা প্রদান করা গিয়াছে সেই ক্ষমতানুসারে এই দলীল আনাইবার আজ্ঞা করিলাম, এই কথা লিখিয়া ঐ পত্রের প্রস্তাবিত প্রশ্ন যে সময়ে যে স্থানে যে গতিকে ও যাহার দ্বারা করা গিয়াছে এই কথা ঐ দলীলের উপর লিখিবেন, এবং আপনার নাম ও পদের খ্যাতি লিখিয়া সেই লিখনে স্বাক্ষর করিয়া যে ব্যক্তির নিকট ঐ কথা জিজ্ঞাসা করা গেল তাঁহাকেই ঐ উপদেশ ও মন্তব্যাত্মকপত্র দিবেন। দেওয়ানী কিম্বা ফৌজদারী কোন মোকদ্দমায় তদ্রূপ দলীল বলিয়া কোন দলীল উপস্থিত করা

document purporting to be such a document, the Court shall presume that it is genuine, and that the person signing it published the imputation suggested by it with the intention of harming the reputation of the person of whom it was asked.

Such questions asked by party may be recorded.

144. When any such question is asked by any party to any suit or proceeding, the Judge may make a memorandum of the question or questions asked, and the answers given to them, and sign the same and give such memorandum to the witness of whom such question was asked.

Instructions and questions not privileged.

145. No such instructions and no such questions shall be deemed to fall within any of the exceptions to section four hundred and ninety-nine of the Indian Penal Code, or to be a privileged communication merely because the instructions were given or because the question was asked under the provisions of this Act.

Indecent and scandalous questions.

146. The Court may forbid any questions or inquiries which it regards as indecent or scandalous, although such questions or inquiries may have some bearing on the questions before the Court, unless they relate to facts in issue, or to matters absolutely necessary to be known in order to determine whether or not the facts in issue existed.

Questions intended to insult or annoy.

147. The Court shall forbid any question which appears to it to be intended to insult or annoy, or which, though proper in itself, appears to the Court needlessly offensive in form.

Exclusion of evidence to contradict answers to questions testiug veracity.

148. When a witness has been asked and has answered any question which is relevant to the inquiry only in so far as it tends to test his veracity or credibility, no evidence shall be given to contradict him; but if he answers falsely, he may afterwards be charged with giving false evidence.

Illustrations.

(*a.*) A claim against an underwriter is resisted on the ground of fraud.

The claimant is asked whether, in a former transaction, he had not made a fraudulent claim. He denies it.

গেলে, আদালত তাহা প্রকৃত অনুমান করিবেন। ও যাহার নিকট এ কথা জিজ্ঞাসা করা যায় ঐ পত্র স্বাক্ষরকারি ব্যক্তি তাহার মানের হানি করণাভিপ্রায়ে ঐ পত্রের প্রস্তারিত অপবাদ প্রকাশ করিল আদালত ইহা অনুমান করিবেন।

মোকদ্দমার একপক্ষ সেই প্রশ্ন করিলে তাহা লিপিবদ্ধ হইতে পারিবার কথা।

১৪৪ ধারা। কোন মোকদ্দমার কিম্বা আনষ্ঠানিক কার্য্যের একপক্ষ তদ্রূপ প্রশ্ন করিলে, বিচারপতি জিজ্ঞাসিত কথার ও উত্তরের মর্ম্ম লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া যে সাক্ষির নিকট ঐ কথা জিজ্ঞাসা করা যায় তাহাকে ঐ মর্ম্মাত্মক কথা দিবেন ইতি।

উপদেশ ও প্রশ্ন গোপনীয় না হওয়ার কথা।

১৪৫ ধারা। উক্ত কোন উপদেশ ও জিজ্ঞাসিত উক্ত কথা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৯৯ ধারার বর্জ্জিত কথার মধ্যে আইসে, কিম্বা যে উপদেশ দেওয়া গেল ও যে কথা জিজ্ঞাসা করা গেল তাহা এই আইনের বিধানমতে দেওয়া গেল ও করা গেল কেবল এই কারণে তাহা অপ্রকাশ থাকার উপযুক্ত কথা আছে, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

লজ্জাকর ও নিন্দাজনক প্রশ্নের কথা।

১৪৬ ধারা। আদালতের সম্মুখে বিবাদীয় যে বিষয় উপস্থিত থাকে কোন প্রশ্ন কি জিজ্ঞাসা তৎসম্পর্কীয় হইলেও আদালত তাহা লজ্জাকর কি নিন্দাজনক জ্ঞান করিলে, সেই জিজ্ঞাসা কি প্রশ্ন করিবার নিষেধ করিতে পারিবেন। কিন্তু যদি ইস্যুঘটিত বৃত্তান্ত সম্পর্কীয় প্রশ্ন হয়, কিম্বা ইস্যুঘটিত বৃত্তান্ত সত্য কি না ইহা নির্ণয় করণার্থে যে কথা জ্ঞাত হওয়া নিতান্ত আবশ্যক ঐ জিজ্ঞাসা কি প্রশ্ন যদি সেই কথা সম্পর্কীয় হয় তবে নিষেধ করিবেন না ইতি।

অপমান কি বিরক্ত করণার্থ প্রশ্নের কথা।

১৪৭ ধারা। অপমান করিবার কিম্বা বৈরক্তি জন্মাইবার উদ্দেশে কোন কথা জিজ্ঞাসা করা যায়, কিম্বা সেই কথার দোষ না থাকিলেও যে ভাবে জিজ্ঞাসা করা যায় তাহাতে অনাবশ্যকমতে বৈরক্তি জন্মিতে পারে আদালত ইহা বোধ করিলে ঐ কথা জিজ্ঞাসা করিতে নিষেধ করিবেন ইতি।

সত্যবাদিতার পরীক্ষার্থ প্রশ্নের উত্তর খণ্ডন করিবার সাক্ষ্য অগ্রাহ্য করিবার কথা।

১৪৮ ধারা। অনুসন্ধানার্থ কার্য্যের প্রাসঙ্গিক কোন প্রশ্ন দ্বারা সাক্ষির সত্যবাদিতা কি বিশ্বাসযোগ্যতা যত দূর পরীক্ষা করা যায় তত দূর সেই প্রশ্ন করা গেলে ও তাহার উত্তর দেওয়া গেলে পর, ঐ সাক্ষির কথা খণ্ডাইবার কোন সাক্ষ্য দেওয়া যাইবে না। কিন্তু যদি তাহার উত্তরবাক্য সত্য না হয় তবে তৎপরে তাহার নামে মিথ্যা সাক্ষ্য দেওনাপরাধের অভিযোগ হইতে পারিবে ইতি।

উদাহরণ।

(ক) যে ব্যক্তি জাহাজের বিমাপত্র দেয় তাহার উপর টাকার দাওয়া হইলে প্রতারণা হইয়াছে বলিয়া সে ঐ দাওয়ার বিপক্ষতা করে।

ইহার পূর্ব্ব কোন ব্যাপারে দাওয়াদার প্রতারণাপূর্ব্বক কোন দাওয়া করিয়াছিল কি না, তাহার নিকট এই কথা জিজ্ঞাসা হওয়াতে সে অস্বীকার করিল।

Evidence is offered to show that he did make such a claim.

The evidence is inadmissible.

(*b.*) A witness is asked whether he was not dismissed from a situation for dishonesty. He denies it.

Evidence is offered to show that he was dismissed for dishonesty.

The evidence is not admissible.

(*c.*) A affirms that on a certain day he saw B at Lahore.

A is asked whether he himself was not on that day at Calcutta. He denies it.

Evidence is offered to show that A was on that day at Calcutta.

The evidence is admissible, not as contradicting A on a fact which affects his credit, but as contradicting the alleged fact that B was seen on the day in question in Lahore.

In each of these cases the witness might, if his denial was false, be charged with giving false evidence.

Exception 1.—If a witness is asked whether he has been previously convicted of any crime and does not admit it, evidence may be given of his previous conviction.

Exception 2.—If a witness is asked any question tending to impeach his impartiality and answers it by denying the facts suggested, he may be contradicted.

Cross-examination by party producing witness.

149. The Court may in its discretion permit the person who calls a witness to put any questions to him which might be put in cross-examination by the adverse party.

Impeaching credit of witness.

150. The credit of a witness may be impeached in the following ways by the adverse party, or with the consent of the Court, by the party who calls him :—

(1.) By the evidence of persons who testify that they, from previous knowledge of the witness, believe him to be unworthy of the credit.

A witness declaring another witness to be unworthy of credit may not, upon his examination-in-chief, give reasons for his belief, but he may be asked his reasons in cross-examination, and the answers which he gives cannot be contradicted, though, if they are false, he may afterwards be charged with giving false evidence.

(2.) By proof that the witness has been bribed or has had the offer of a bribe, or has received any othre corrupt inducement to give his evidence.

কিন্তু সেই প্রকারের দাওয়া করিয়াছিল ইহা দেখাইবার সাক্ষ্য দিবার প্রস্তাব হইল।

ঐ সাক্ষ্য গ্রাহ্য হইতে পারে না।

(খ) প্রবঞ্চনাহেতুক তোমাকে কর্ম্মহইতে ছাড়াইয়া দেওয়া গেল কি না, কোন সাক্ষির নিকট এই কথা জিজ্ঞাসা হওয়াতে সে তাহা অস্বীকার করিল।

প্রবঞ্চনাহেতুক তাহাকে কর্ম্মহইতে ছাড়াইয়া দেওয়া গেল ইহা দেখাইবার সাক্ষ্য উপস্থিত করা যায়।

সেই সাক্ষ্য গ্রাহ্য হইতে পারে না।

(গ) অমুক দিন লাহোরে বলরামকে দেখিলাম আমন্দ এই কথা কহিল।

তাহাতে তুমিই সেই দিনে কলিকাতায় ছিলা কি না আমন্দের নিকট এই কথা জিজ্ঞাসা হওয়াতে সে অস্বীকার করিল।

আমন্দ সেই দিনে কলিকাতায় ছিল ইহা দেখাইবার সাক্ষ্য দিবার প্রস্তাব হয়।

সেই সাক্ষ্য গ্রাহ্য। যে কথার দ্বারা আমন্দের বিশ্বাস যোগ্যতার হানি হইতে পারে তদ্বিষয়ে আমন্দের কথা খণ্ডাইবার জন্যে তাহা গ্রাহ্য নয়, কিন্তু সেই দিনে বলরামকে লাহোরে দেখিল তাহার এই কথা খণ্ডাইবার জন্যে ঐ সাক্ষ্য গ্রাহ্য।

উক্ত অন্যতর স্থলে সাক্ষী অস্বীকার করিয়া যে কথা কহিয়াছিল তাহা যদি মিথ্যা হয়, তবে তাহার নামে মিথ্যা সাক্ষ্য দেওনোপরাধে অভিযোগ হইতে পারিবে।

১ বর্জ্জনীয় কথা। ইহার পূর্ব্বে তোমার অমুকঅপরাধ নির্ণয় হইয়াছিল কি না সাক্ষির নিকট এই প্রশ্ন হইলে যদি তাহা স্বীকার না করে তবে পূর্ব্বে তাহার অপরাধ নির্ণয় হওয়ার প্রমাণ দেওয়া যাইতে পারিবে।

২ বর্জ্জনীয় কথা।—যে প্রশ্নদ্বারা সাক্ষিকে পক্ষপাতী বলিয়া জানা যাইতে পারে তাহার নিকট এমত প্রশ্ন হইলে সে যদি প্রস্তাবিত বৃত্তান্ত অস্বীকার করিয়া উত্তর দেয় তবে তাহার কথা খণ্ডান যাইতে পারিবে ইতি।

যে ব্যক্তি সাক্ষি উপস্থিত করে তাহার দ্বারা কূটপরীক্ষার কথা।

১৪৯ ধারা। বিপক্ষ পক্ষ কূটপরীক্ষা করিয়া যে প্রশ্ন করিতে পারে, যে ব্যক্তি সাক্ষিকে আহ্বান করে আদালত বিহিত বোধ করিলে তাহাকেও সাক্ষির নিকট সেই প্রকারের প্রশ্ন করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

সাক্ষির বিশ্বাসযোগ্যতা ভঙ্গ করণের কথা।

১৫০ ধারা। বিপক্ষ পক্ষ কিম্বা আদালতের অনুমতি হইলে যে ব্যক্তি সাক্ষিকে আহ্বান করে সেই ব্যক্তিও নিম্নলিখিত প্রকারে সাক্ষির বিশ্বাসযোগ্যতা ভঙ্গ করিতে পারিবে।

(১) আমরা পূর্ব্বাবধি এই সাক্ষিকে জানিয়া তাহাকে বিশ্বাসের অযোগ্য জ্ঞান করি, এই সাক্ষ্যদায়ি ব্যক্তিদের সাক্ষ্য দ্বারা।

এক সাক্ষী অন্য সাক্ষিকে বিশ্বাসের অযোগ্য কহিলে, সে মুখ্য পরীক্ষাকালে আপনার সেই জ্ঞানের হেতু জানাইতে আবদ্ধ নয়। কিন্তু কূটপরীক্ষা কালে তাহাকে সেই হেতুর প্রশ্ন করা যাইতে পারিবে ও তাহার উত্তর খণ্ডাইতে পারা যাইবে না। কিন্তু সেই উত্তর মিথ্যা হইলে পশ্চাৎ তাহার নামে মিথ্যা সাক্ষ্য দেওনের অভিযোগ হইতে পারিবে।

(২) সাক্ষিকে উৎকোচ দেওয়া গিয়াছে কিম্বা তাহাকে উৎকোচ দিবার প্রস্তাব হইয়াছে কিম্বা সাক্ষ্য দিবার প্রবর্ত্তনাস্বরূপ অন্য কোন কুটিল কার্য্য হইয়াছে ইহার প্রমাণ করণদ্বারা।

(3.) By proof of former statements inconsistent with any part of his evidence which is liable to be contradicted.

Illustrations.

(*a.*) A sues B for the price of goods sold and delivered to B.

C says that he delivered the goods to B.

Evidence is offered to show that, on a previous occasion, he said that he had not delivered the goods to B.

The evidence is admissible.

(*b.*) A is indicted for the murder of B.

C says that B, when dying, declared that A had given B the wound of which he died.

Evidence is offered to show that, on a previous occasion, C said that the wound was not given by A or in his presence.

The evidence is admissible.

151. When a witness whom it is intended to corroborate gives evidence of any relevant fact, he may be questioned as to any other facts which he observed at or near to the time or place at which such relevant fact occurred, and the truth of such statements is relevant if the Court is of opinion that proof of them would corroborate the testimony of the witness as to the relevant facts to which he testifies.

Corroborative facts are relevant.

Illustration.

A, an accomplice, gives an account of a robbery in which he took part. He describes various incidents unconnected with the robbery which occurred on his way to and from the place where it was committed.

Independent evidence of these facts may be given in order to corroborate his evidence as to the robbery itself.

152. If evidence is given that a witness has on a former occasion made a statement inconsistent with his evidence given in Court, evidence may be given, in reply, of any other statement made by such witness relating to the fact in question at or about the time when the fact took place or made at any time before any authorioy legally competent to investigate the fact.

Evidence in reply to evidence of former inconsistent statements.

153. A witness may, while under examination, refresh his memory by referring to any writing made by himself at the time of the transactions concerning which he is questioned, or so soon afterwards that the Court considers it likely that the transaction was at that time fresh in his memory.

Refreshing memory.

(৩) তাহার সাক্ষ্যের যে অংশ খণ্ডান যাইতে পারে সেই অংশসহিত তাহার পূর্ব্ব যে উক্তি অসঙ্গত হয় সেই উক্তির প্রমাণ করণদ্বারা।

উদাহরণ।

(ক) বলরামের নিকট কোন দ্রব্য বিক্রয় হইয়া তাহাকে দেওয়া গেলে আনন্দ ঐ দ্রব্যের মূল্য পাইবার নিমিত্ত বলরামের নামে নালিশ করে।

চন্দ্র কহে, আমি বলরামকে ঐ দ্রব্য দিয়াছিলাম।

কিন্তু বলরামকে ঐ দ্রব্য দি নাই সে পূর্ব্বে এই কথা কহিয়াছিল ইহা দেখাইবার সাক্ষ্য উপস্থিত করা যায়।

সেই সাক্ষ্য গ্রাহ্য।

(খ) বলরামের বধ করণাপরাধে আনন্দের নামে অভিযোগ হয়।

যে আঘাতে আমার প্রাণ বিয়োগ হইতেছে আনন্দদ্বারা আমার সেই আঘাত হইয়াছে বলরাম মুমূর্ষু কালে এই কথা কহিল, চন্দ্রের এই সাক্ষ্য।

কিন্তু আনন্দের দ্বারা কিম্বা তাহার সাক্ষাৎ ঐ আঘাত করা যায় নাই চন্দ্র পূর্ব্ব কোন সময়ে এই কথা কহিল ইহার সাক্ষ্য উপস্থিত করা যায়।

সেই সাক্ষ্য গ্রাহ্য।

১৫১ ধারা। যে সাক্ষির কথা প্রতিপন্ন করিবার অভিপ্রায় থাকে সে প্রাসঙ্গিক কোন বৃত্তান্তের সাক্ষ্য দিলে, সেই প্রাসঙ্গিক বৃত্তান্ত যে সময়ে ও স্থানে ঘটিয়াছিল, তৎসন্নিহিত কোন সময়ে ও স্থানে অন্য যে বৃত্তান্ত জানিতে পাইয়াছিল, সেই বৃত্তান্ত বিষয়ে তাহাকে প্রশ্ন করা যাইতে পারে। এবং সাক্ষী যে প্রাসঙ্গিক বৃত্তান্তের সাক্ষ্য দেয় সেই উক্তির প্রমাণ সেই সাক্ষ্যের প্রতিপাদক হয় আদালতের এই অভিমত থাকিলে ঐ উক্তির সত্যতাই প্রাসঙ্গিক হয় ইতি।

প্রতিপাদক বৃত্তান্ত প্রাসঙ্গিক হইবার কথা।

উদাহরণ।

আনন্দ কোন দস্যুতা ব্যাপারের সহায় হইয়া সেই ব্যাপারের বৃত্তান্ত কহে। ও যে স্থানে দস্যুক্রিয়া হইয়াছিল সেই স্থানে যাইবার ও তথাহইতে আসিবার সময়ে যেং ব্যাপার ঘটিয়াছিল এমত অনেক ব্যাপারের বৃত্তান্ত কহে কিন্তু ঐ দস্যুক্রিয়ার সহিত ঐং ব্যাপারের সম্পর্ক নাই।

ঐ দস্যুতা বিষয়ে যে সাক্ষ্য দেয় তাহার প্রতিপাদনার্থে ঐং বৃত্তান্তের স্বতন্ত্র সাক্ষ্য দেওয়া যাইতে পারিবে।

১৫২ ধারা। সাক্ষী আদালতে যে সক্ষ্য দেয় সেই সাক্ষ্যের সহিত তাহার পূর্ব্ব কথা সঙ্গত নয় যদি ইহার সাক্ষ্য দেওয়া যায়, তবে কথিত বৃত্তান্ত যে সময়ে ঘটিয়াছিল সেই সময়ে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে ঐ সাক্ষী তদ্বিষয়ের অন্য যে কথা কহিল, কিম্বা আইনমতে ঐ বৃত্তান্তের অনুসন্ধান লইবার ক্ষমতাপন্ন কোন কর্ত্তৃপক্ষের সম্মুখে কোন সময়ে অন্য যে কথা কহিল. উক্ত সাক্ষ্যের উত্তরস্বরূপ সেই কথার সাক্ষ্য দেওয়া যাইতে পারিবে ইতি।

পূর্ব্বে যে অসঙ্গত কথা কহা গেল তদ্বিষয়ের সাক্ষ্য পরিহারার্থ সাক্ষ্যের কথা।

১৫৩ ধারা। সাক্ষির নিকট যে ব্যাপারের প্রশ্ন করা যায় সেই ব্যাপার ঘটিবার সময়ে কিম্বা তৎপশ্চাৎ যৎকালের মধ্যে আদালতের বিবেচনামতে তাহার মনে ঐ ব্যাপারের স্পষ্ট স্মরণ থাকিতে পারে তৎকালে যে কথা লিখিয়া রাখিল পরীক্ষা হওন সময়ে সে ঐ লিখন দেখিয়া আপন স্মরণ শক্তির সাহায্য করিতে পারিবে।

স্মরণের সাহায্যের কথা।

The witness may also refer to any such writing made by any other person and read by the witness within the time aforesaid if when he read it he knew it to be correct.

Court may permit a copy of document to be used to refresh memory.

Whenever a witness may refresh his memory by reference to any document, he may, with the permission of the Court, refer to a copy of such document: Provided the Court be satisfied that there is sufficient reason for the non-production of the original.

An expert may refresh his memory by reference to professional treatises.

আরো যদি অন্য কোন ব্যক্তি ঐ কথা লিখিয়া থাকে এবং সাক্ষী উক্ত কালের মধ্যে তাহা পাঠ করিয়া তাহা যথার্থ জানিয়া থাকে, তবে সেই লিখনও দেখিয়া স্মরণের সাহায্য করিতে পারিবে।

স্মরণের সহায্যের নিমিত্তে দলিলের প্রতিলিপি ব্যবহার করিবার অনুমতির কথা।

কোন স্থলে সাক্ষির প্রতি দলীল দেখিয়া স্মরণের সাহায্য করিবার অনুমতি হইতে পারিলে, সাক্ষী সেই স্থলে আদালতের অনুমতিক্রমে ঐ দলীলের প্রতিলিপিতেও দেখিতে পারিবে। কিন্তু মূলপত্র উপস্থিত না করিবার উপযুক্ত কারণ আছে এই কথা আদালতের হৃদ্বোধমতে জ্ঞাত করা আবশ্যক।

প্রবীণ ব্যক্তি বিদ্যাদিঘটিত পুস্তক দৃষ্টে আপনার স্মরণের সাহায্য করিতে পারিবেন ইতি।

154. Any such writing as is mentioned in the last section must be produced and shown to the adverse party if he requires it, who may, if he pleases, cross-examine the witness thereupon.

Producing writing used to refresh memory.

স্মরণের সাহায্যার্থে যে২ লিপির ব্যবহার হয় তাহা উপস্থিত করিবার কথা।

১৫৪ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে লিপির কথা আছে বিপক্ষ পক্ষ তাহা দেখিতে চাহিলে তাহা উপস্থিত করিয়া তাহাকে দেখাইতে হইবে ও সে ইচ্ছা করিলে সেই দলীল ধরিয়া সাক্ষির কূটপরীক্ষা করিতে পারিবে ইতি।

155. A witness summoned to produce a document shall, if it is in his possession or power, bring it to Court, notwithstanding any objection which there may be to its production or to its admissibility. The validity of any such objection shall be decided on by the Court.

Production of documents.

দলীল উপস্থিত করিবার কথা।

১৫৫ ধারা। সাক্ষিকে দলীল দেখাইবার জন্যে সমন করা গেলে, সেই দলীল যদি তাহার অধিকারে কিম্বা ক্ষমতার মধ্যে থাকে তবে ঐ দলীল দেখাইবার কি গ্রাহ্য করিবার যে আপত্তি হউক তাহার ঐ দলীল আদালতে আনিতে হইবে। সেই আপত্তি যথার্থ কি না আদালত ইহা নিষ্পত্তি করিবেন।

The Court, if it sees fit, may inspect the document, unless it refers to matters of State, or take other evidence to enable it to determine on its admissibility.

আদালত যদি বিহিত বোধ করেন, তবে রাজকীয় ব্যাপারবিষয়ক দলীল না হইলে তাহাতে দৃষ্টি করিতে পারিবেন কিম্বা ঐ দলীল গ্রাহ্য কি না ইহা নির্ণয় করিবার উপযুক্ত অন্য সাক্ষ্য লইতে পারিবেন।

If for such a purpose it is necessary to cause any document to be translated, the Court may, if it think fit, direct the translator to keep the contents secret, unless the document is to be given in evidence, and if the interpreter disobeys such directions, he shall be held to have committed an offence under section one hundred and sixty-six of the Indian Penal Code.

Translation of documents.

দলীলের অনুবাদের কথা।

উক্ত কার্য্যহেতুক প্রয়োজন হইলে দলীল অনুবাদ করা ও সেই দলীল সাক্ষ্যস্বরূপ উপস্থিত করিতে না হইলে আদালত বিহিত বিবেচনায় অনুবাদককে ঐ দলীলের মর্ম্ম কাহাকেও না জানাইতে আজ্ঞা করিবেন। অনুবাদক সেই আজ্ঞা না মানিলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬৬ ধারামত অপরাধ করিয়াছে এমত জ্ঞান হইবে ইতি।

156. When a party calls for a document which he has given the other party notice to produce, and such document is produced and inspected by the party calling for its production, he is bound to give it as evidence if the party producing it requires him to do so.

Giving as evidence of document called for and produced on notice.

নোটিস দিয়া যে দলীল তলব হইয়া উপস্থিত করা যায় তাহা সাক্ষ্যস্বরূপ দিবার কথা।

১৫৬ ধারা। যদি এক পক্ষ দলীল আনাইবার আদেশ করিয়া অপর পক্ষকে তাহা আনিবার নোটিস দেয় ও সেই দলীল যদি উপস্থিত করা যায় ও যে ব্যক্তি উপস্থিত করিবার আদেশ করিল সে যদি তাহা দেখে ও যে পক্ষ তাহা উপস্থিত করে সে যদি ঐ পত্র সাক্ষ্যস্বরূপে সমর্পণ করিবার আদেশ করে তবে সেই ব্যক্তি সাক্ষ্যস্বরূপ তাহা দিতে আবদ্ধ আছে ইতি।